ঐ কন্যা যোড়িয়া আইস কহিলাম তোমায়।
ঐ কথা শুনিয়া ব্রাহ্মণ ঠাকুর না থাকিল রৈয়া।
হরিচন্দ্র রাজার বাড়ী গেল চলিয়া ॥

হরিচন্দ্র রাজা বলিয়া তুলিয়া ছাড়ে রাও।
ঘরে ছিল হরিচন্দ্র রাজা বাহিরে দিলে পাও ॥
পণ্ডিত ঠাকুর বলিয়া করে প্রণাম।
দিব্য সিংহাসন বসিবার দিল।
কর্পূর তাম্বুল দিয়া জিজ্ঞাসা করিল ॥
কেনে কেনে গুরু ব্রাহ্মণ এত দূর গমন।
ময়না পাঠাইয়া দিল তোমার বরাবর।
তোমার ঘরে কন্যা আছে অতুনা পতুনা।
তাক যোড়িবার চায় ময়না সুন্দর।
ময়নার পুত্র আছে মহলের ভিতর ॥
তাকে বিয়ে দিবার চায় ময়না সুন্দর ॥

যা যা বলিয়া তাকে হুকুম দিল।
এ কথা শুনিয়া ব্রাহ্মণ ময়নার মহলে গেল ॥
ভারে লইল গুয়া সাম্নিঙ্গে লইল পাণ।
গুয়া পাণ কাটিবার গেল ব্রাহ্মণ পঞ্চজন ॥

---

(১) হরিশ্চন্দ্র পাল। ঢাকা জেলার অন্তর্গত সাভারে ইঁহার রাজধানী ছিল। ইঁহার দুই কন্যা অতুনা ও পতুনা—সে সময়ের মধ্যে সুন্দরীকুল-শ্রেষ্ঠা ছিলেন। গোপীচন্দ্র বা গোবিন্দচন্দ্র রাজার সঙ্গে অতুনার বিবাহ হয় এবং পতুনা দানে প্রদত্ত হন। গোবিন্দচন্দ্রের পুত্র হবচন্দ্র (যাঁহার মন্ত্রী গবচন্দ্র ছিলেন) শত্রুর হস্তে রাজ্যচ্যুত হন। রঙ্গপুরের নিকট হবচন্দ্রের বাড়ীর ভগ্নাবশেষ অদ্যাপি দৃষ্ট হয়; এবং সেই স্থানেই তদীয় মাতামহ হরিশ্চন্দ্র পালের সমাধি এখনও বিদ্যমান আছে।

গুয়া পাণ কাটিয়া শুভাশুভ বুঝিল।
বিবাহের দিন তখনই করিল ॥

শনিবার দিনা ময়না অধিবাস দিল।
রবিবার দিনা বিবাহ করিবার সাজিল ॥
পঞ্চ গাছি কলার গাছ হরিচন্দ্র রাজার মহলত গাড়িল। — বিবাহের যৌতুক।
সোণালী চালুন বাতী তখনই ধরাইল ॥
পঞ্চ বৈরাতী (১) তখনই আনিল ডাক দিয়া।
উলু উলু শব্দ করিবার লাগিল।
অদুনাক দিয়া বিবাহ দিল পাদুনাক দিল দানে।
এক শত বান্দী দিলে ব্যবহার কারণে ॥
এক শত তালুক দিল দানে ধরিয়া।
এক শত হস্তী দিল দানে ধরিয়া ॥
এক শত ঘোড়া দিল দানে ধরিয়া।
এক শত গাভী দিল দানে ধরিয়া ॥
বিবাহ দিয়া রাজাকে বিদায় দিল।
তখনই ময়নামতী যত রাজ্যের রাজাকে নিমন্ত্রণ করিল ॥
সেইত ধর্ম্মী রাজা গোপীচন্দ্র পাট দিল (২) ॥

আঠার বরিষে গোপীচন্দ্র রাজা। — রাজা গোপীচন্দ্রের সন্ন্যাস-গ্রহণ।
বৃদ্ধ মাতার আজ্ঞায় সন্ন্যাস হইয়ে যায়।
একশত সুন্দরী কান্দে চরণ ধরিয়া।
ঐত ধর্ম্মী রাজা না যাও ছাড়িয়া ॥ (৩)

না যাইও না যাইও রাজা দূর দেশান্তর। — অদুনা প্রভৃতির খেদ
কারে লাগিয়া বান্ধিলাম শীতল মন্দির ঘর ॥
বান্ধিলাম বাঙ্গালা ঘর নাহি পড়ে কালী।
এমন বয়সে ছাড়ি যাও আমার বৃথা গাবুরালী ॥

---

(১) বরযাত্রী।

(২) পাট দিল=সিংহাসন দিল, অর্থাৎ রাজ্যাভিষেক করিল।

(৩) মিত্রাক্ষর ছন্দে লিখিত বাঙ্গালা পদ্যের পূর্ব্বার্দ্ধে এক দাঁড়ি (।) এবং শেষার্দ্ধে দুই দাঁড়ি (॥) দেওয়ার রীতি আছে। কিন্তু যেখানে পদ্যের শুধু প্রথমার্দ্ধ আছে সেখানে এক দাঁড়িতে শেষ করা হইয়াছে; আর যেখানে শুধু দ্বিতীয়ার্দ্ধ আছে, সেখানে দুই দাঁড়ি পড়িয়াছে।

নিদেঁর স্বপনে রাজা হব দরশন।
পালঙ্কে ফেলাইব হস্ত নাই প্রাণের ধন॥
দশ গিরির (১) মাও বইন (২) রবে স্বামী লইবে কোলে।
আমি নারী রোদন করিব খালি ঘর মন্দিরে॥
খালি ঘর যোড়া টাটি মারে লাঠির ঘা।
বয়স কালে যুবতী রাঢ়ী নিত কলঙ্কে (৩) রাও।
আমাক সঙ্গে করি লইয়া যাও॥
জীয়ব জীবন ধন (৪) আমি কন্যা সঙ্গে গেলে।
রান্ধিয়া দিমু অন্ন ক্ষুধার কালে॥
পিপাসার কালে দিমু পানী।
হাঁসিয়া খেলিয়া পোহামু রজনী॥
আইল পাতার দেখিলে কথা কহিয়া যামু। (৫)
গিরি লোকের বাড়ী গেলে গুরু স্বামী বলিমু॥ (৬)
শীতল পাটী বিছাইয়া দিমু বালিসে হেলান পাও।
হাউস রঙ্গে যাতিমু হস্ত পাও॥
হাতখানি দুঃখ হইলে পাওখানি যাতিমু।
এ রঙ্গর কৌতুকর বেলা শুতি ভুঞ্জিম এ শুতি ভুঞ্জাইমু॥
গ্রীষ কালে বদনত দিমু দণ্ড পাখার বাও।
মাঘ মাসি শীতে ঘেষিয়া রমু গাও॥
মাঘ মাসি শীতে মরিচর ঝোল।
ইন্দ্র মিঠা ভুঞ্জাইমু এক শত নারীর কোল॥

রাজার উত্তর।

রাজা বলে শুন কন্যা হরিচন্দ্রের বেটী।
কত রঙ্গে কর মায়া সইবার না পরাটি॥
বংশ হরির গুয়া খাইয়ে দন্ত করিলে শোলা (৭)।
কথা কহিতে জ্বলে দন্ত গুঞ্জরে ভ্রমরা॥

---

(১) গৃহের। (২) মাতা ও ভগিনী।

(৩) কলঙ্ক না থাকিলেও রাও (রব) হয়, অর্থাৎ মিথ্যা অপযশ রটে। (৪) আমি তোমার জীবনধন রক্ষা করিব।

(৫) বিস্তীর্ণ ক্ষেত্র দেখিলে কথা বলিতে বলিতে যাইব।

(৬) গৃহস্থের বাড়ীতে গেলে তোমাকে গুরু ও স্বামী বলিয়া পরিচয় দিব।

(৭) শোলার ন্যায় শ্বেত বর্ণ।

নারী হেবু চাকন চিকন পুরুষ কৈন্থা ওড়া।
দশ গিরস্থ বলিবে অতিথ নারী চোরা ॥ (১)
নারী চোরা অতিথ বৈলে গিরস্থ না দিবে ঠাঞি।
তোর আমার বড়ুয়ার বেটী (২) কহিবার সঙ্গাত নাই ॥

রাণী বলে শুন রাজা বিলাতের নাগর। রাণীর প্রত্যুত্তর।
এক নিবেদন করি তোমার বরাবর ॥
তোমার নাকাল (৩) রাম খিলিকা (৪) গলার মাঝত দিয়া।
তোমার নাকাল ডোর কৌপীন বান্ধিমু ভিড়িয়া ॥
দুই তিন বান্ধিমু নেতে ঘেরা দিয়া।
ছামুর ছয়টা দন্ত ফেলাইমু ভাঙ্গিয়া ॥ (৫)
আউটাক মাথার কেশ মুঞি ফেলামু মুঁড়িয়া ॥
হাতত তুম্বা গলাত কৈন্থা উদাসিনী হমু।
তোমার পাছে পাছে গিয়া ভিক্ষা মাগি খামু ॥
শ্যামের বাঁশীরে মন মজানুরে রয়ে রয়ে নয়ান ঝুরে ॥ ধুয়া।

রাজা বলে জয় বিধি ঠেকিনু মায়াজালে। রাজার ভয়-প্রদর্শন।
কি আমার প্রেমটা হইল স্ত্রীলোকের সঙ্গে।
মোর সঙ্গে যাবু না অতিথর সঙ্গে যাবে।
সেটে আচ্ছ (৬) বনর বাঘ দুর্জ্জন বাঘর ভয়।
স্ত্রী আর পুরুষে যদি পথ বহিয়া যায়।
হেন দুঃখে বোনর বাঘে স্ত্রীক ধরিয়া খায় ॥

খাবে আর না খাবে বাঘে ফেলাইবে মারিয়া। রাণীর উত্তর।
কেনে আর মরিবি তুই অতিথর লগে যাইয়া ॥
খল খল করিয়া কন্যা হাসিবার লাগিল।
কে কয় এ গুলা কথা কে আর পইতায় ॥ (৭)

---

(১) স্ত্রী যদি সুন্দরী হয় এবং পুরুষ যদি কন্থাধারী ভিক্ষুক হয়,—অর্থাৎ গোপীচাঁদ সন্ন্যাস অবলম্বন করিয়া যদি সুন্দরী স্ত্রী সঙ্গে লয়েন—তাহা হইলে দশ ঘরের গৃহস্থগণ বলিবে যে এই অতিথি (সন্ন্যাসী) স্ত্রী-হারক।

(২) মহৎ লোকের কন্যা। (৩) নাকাল বা নাগাল=তুল্য, মতন।

(৪) সন্ন্যাসীদের ব্যবহার্য্য লম্বায়মান গাত্রাবরণ (অঙ্গরক্ষা), অর্থাৎ হাত-কাটা এক রকম লম্বা জামা।

(৫) সম্মুখের দাঁত ছয়টা ভাঙ্গিয়া ফেলিব।

(৬) সেটে=সেখানে। আচ্ছ=আছে। (৭) প্রত্যয় করে।

পুরুষর সঙ্গে গেলে কি স্ত্রীক বাঘে ধরে খায়।
ও গুলা কথা ঝুট মুট পালাবার উপায়॥
খায়না কেনে বোনর বাঘে তাক নাই ডর।
নিত (১) কলঙ্কে মরণ হউক স্বামীর পদতল॥
তুমি হবু বট বৃক্ষ আমি তোমার লতা।
রাঙ্গা চরণ বেড়িয়া লমু পালাইয়া যাবু কোথা॥
যখন আছিনু আমি মা বাপর ঘরে॥
তখন কেনে ধর্ম্মী রাজা না গেলেন সন্ন্যাসী হইয়ে॥

অদুনার শোক।

এখন হইনু রূপর নারী তোরে যোগ্যমান।
মোকে ছাড়িয়া হবু সন্ন্যাস মুই তেজিম পরাণ॥
তোমারে আগে কাল যৌবন মোর পড়ুক গড়িয়া।
পাকিলে মাথার চুল যাবেন সন্ন্যাসী হইয়া॥ (২)
এরঙ্গ মালতীর ভরে নুইয়া পড়ে ডাল।
নারী হইয়ে রঙ্গ রূপ রাখিমু কতকাল॥
কতকাল রাখিমু যৌবন বান্ধিয়া ছান্দিয়া।
নিরবধি ঝোরে প্রাণ স্বামী বলিয়া॥
আমাক বিবাহ করিয়া যাও বল চলিয়া কাঁদো তোমার লাগি।
তোমার আছে বাপ ভাই মোর অভাগিনীর কেউ নাই॥
আমি ছেড়ে এলাম তোর রাজার কারণে।
অদুনা (৩) পদুনা (৪) বাছিয়া বিবাহ করিল।
ভাট ব্রাহ্মণ দিয়া অদুনা নাম থুইল॥
অদুনা নাম থুইল দাসী দিল সঙ্গে।
এমন পীরিত ঘর ভাঙ্গিমু কেমনে॥
কোন্ দরজায় ভিক্ষা লয়ে কোন দরজায় যামু।
বাণিয়া জাতি ক্ষেত্রী কুল হেলাতে হারামু॥ (৫)

---

(১) বিনা। (২) তোমার নিকটে থাকিয়া আমার যৌবন বিগত হইলে এবং মস্তকের কেশ পক হইলে তখন সন্ন্যাসী হইও।

(৩) অদুনা—বড় আদরের নাম। বোধ করি 'আদরিণী' শব্দ হইতে 'অদুনা'র সৃষ্টি। (৪) পদুনা—বোধ করি 'পদ্মাননী' হইতে জাত।

(৫) পাল-রাজারা ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিতেন, কিন্তু তাঁহাদের জাতি-তত্ত্ব এখনও নির্ণীত হয় নাই। পাল-রাজাদের গান-সংগ্রহক ডিঃ মাঃ বাবু বিশ্বেশ্বর ভট্টাচার্য্য প্রমাণ করিয়াছেন, গোবিন্দচন্দ্র রাজা "রাজবংশী" ছিলেন। সাভারের হরিশ্চন্দ্র রাজার বংশধর এখনও উক্ত স্থানের নিকটবর্ত্তী কোণ্ডাগ্রামে বাস করিতেছেন, তাঁহারা "রাজবংশী" কিন্তু এখন "মাহিষ্য" বলিয়া পরিচয় দিতেছেন।

তোমার নাকাল সুন্দর কন্যা যেখানত দেখিমু। (১)　　রাজার প্রবোধ-দান।
ঝুরিয়া (২) সেই স্থানত মরিমু॥
তোমার নাকাল সুন্দর কন্যা যেখানত দেখিমু।
আগে মা দাও দিয়া (৩) পশ্চাৎ ভিক্ষা লমু॥

হায় হায় স্বামী ধন কাড়িলু কাল রাও। (৪)　　অদুনার উক্তি।
চেঙ্গড়া কালে বিবাহ কৈরে যুবায় ছাড়িয়া যাও॥

ইও কাল থাক হৃদে লৈয়া হাত। (৫)　　রাজার উত্তর।
যাবৎ ঘুরিয়া আসি বৎসর পঞ্চাশ॥

মাথা তুলিয়া দেখ রাজা ডাব নারিকল।　　রাণীর উক্তি।
হৃদয় উপরত শোভা করে গুয়া নারিকল।
হাতে ছিড়িমু মুখত দিমু গায় নাই তোর বল॥
আছিল ফল যে পুরুষ না খায়।
চৌদ্দ গোণ্ডা রসাতলে যায়॥

রাজা বলে শুন কন্যা হরিচন্দর বেটী।　　রাজার উক্তি।
কথা ভাঙ্গি কথা বলিলে ও কথার মান যায়।
আগে চড়ে হস্তীর মাহুত পিছে চড়ে রাজা।
হাটিয়া দেখিমু বড় বাঙ্গলা পথে অনেক দূর।
খেয়ু বুঝিনু নারিকলর ফল পেট নাই ভরে।
মিছে থাকি গিরির বেটা ভেরন (৬) খাটিয়া মরে॥

রাণী বলে শুন রাজা রসিক নাগর।　　রাণীর উক্তি।
একখানি নিবেদন করি তোমার বরাবর॥
যাইস না ধর্ম্মী রাজা পরদেশক লাগিয়া।
একটী ছেলে দিয়া যাও কোলাক লাগিয়া॥
নালিমু পালিমু ছেলে কোলাত করিয়া॥
পুত্র ধনক দেখিয়া তোমাক পাসরিমু।
তোমার মাথার ছত্র দণ্ড পুত্রর মাথায় দিমু॥
নয়া রাজার মা বলিয়া রাজ্য খাইম বসিয়া॥

---

(১) তোমার মত সুন্দরী কন্যা যেখানে দেখিব।　(২) কাঁদিয়া।
(৩) দাও দিয়া=দায় দিয়া=মাতৃদায় দিয়া। আগে তাহাকে মা সম্বোধন করিয়া।　(৪) কাল রাত্রিতে বুঝি আমি কাহারও স্বামী কাড়িয়াছিলাম।　(৫) হৃদয়ে হাত দিয়া সে পর্য্যন্ত অপেক্ষা কর।
(৬) ভেরুয়া=নির্ব্বোধ।

রাজার উক্তি।

ছেলের কথা বলিলে রাণী ছেলের কথা শুনিয়া।
চিনি চাম্পা কলা নয় জলত মাখি থামু।
গাছর ফল নয় ছিড়িয়া হস্তত দিমু॥
তোমার কপালত ছেলে নাই আমি কি করিমু॥
পূর্ব্বকালি গুরুর জ্ঞান হৃদয়ে জপিয়া।
সাত মাসি ছেলে হই কায়া বদলাইয়া॥ (১)
কোলাত বসাইয়া কন্যা আমাকে বলিস পুত।
ফেলাও রাণী হৃদয়র বসন রাজা খাউক দুধ॥

রাণীর উক্তি।

আমি বলিনু ছেলের কথা তুমি চাইলেন দুধ।
বিবাহিত স্বামী হও কেমনে বলি পুত॥
তোমার গরবত ছিল রাজা ভেড়া শৃগাল।
কড়ি কড়ার বুদ্ধি নাই শরীরর ভিতর॥
আপু রাঁড়ী দেখিয়া বধূক রাঁড়ী করে।
বাড়ীর আগে ভাতারটী গেলে চক্ষু পাকেয়া মরে॥ (২)

রাজার তৎসময়ের জন্য সন্ন্যাস-গ্রহণের ইচ্ছা-ত্যাগ ও দরবারে প্রবেশ।

হাঁ হাঁ বড়ুয়ার বেটী মাক দিল গালি।
রমু হয় দিন চারিক সন্ন্যাস হমু কালী॥ (৩)
কন্যার পেঁটা (৪) সইবার না পারিয়া।
দরবার লাগিয়া গেল রাজা ভুলালিয়া॥
বার গছি গুয়া তের গছি তাল।
তার তলে বসিল রাজার ছাওয়াল॥
ব্রাহ্মণ সজ্জন বসিল সারি সারি।
মুল্কর হিসাব দেয় বীর সিং ভাণ্ডারী॥
সোণার খাটে থাকি ময়না রূপার খাটে পাও।
সুপুত্রর দরবারত গেল ময়নামতী মাও॥

---

(১) পূর্ব্বদত্ত গুরু-মন্ত্র জপ করিয়া আমি কায়া পরিবর্ত্তনপূর্ব্বক শিশু হইব, তুমি আমাকে সন্তান জ্ঞান কর।

(২) ময়নামতী নিজে রাঁড়ী, তিনি আমাকেও রাঁড়ী করিতে চাহেন, আমার গৃহে স্বামী আসিলে তিনি ক্রুদ্ধ হন। (মাতার আদেশেই গোপীচাঁদ সন্ন্যাস গ্রহণ করিয়াছিলেন)।

(৩) আমাকে মাকে তুমি গালি না দিলে আমি হয়ত আরো ৩।৪ দিন গৃহে থাকিতাম; এখন কিন্তু আমি কল্যই সন্ন্যাস গ্রহণ করিব।

(৪) পেঁটা = পরামর্শ, এখানে সকাতর অনুরোধ।

ভর কাছারি করে ডাম্বা ডৌল (১)।
হেন কালে খাড়া হৈল ময়না সুন্দর ॥
জননীক দেখিয়া রাজা করে পরণাম।
গলাত বস্ত্র বান্ধিয়া করে পরণাম ॥

ময়নামতীর আশীর্ব্বাদ।

জীও জীও রাঁড়ীর বেটা ধর্ম্মে দেউক বর।
যত গুটি সাগরর বালা এত আরিব্বল ॥
মুঞি বুঝ রাঁড়ীর বেটা গেছে সন্ন্যাস হয়্যা।
আইজ পতি আছে সুন্দর বধূ পায়্যা ॥ (২)

ময়নামতীর ভৎর্সনা।

সত্য গেল দোয়া (৩)পইল তিরতিয়া (৪) হইলে
কলিযুগ পড়ে বেটা বিবাহ সকালে ॥

কলিযুগ।

কলিকাল মন্দকাল পইল আসিয়া।
পরার ধন পরে খায় একেলা বসিয়া ॥
রাজা হইয়া না করে রাজ্যের বিচার।
পুত্র হইয়ে না করে পিতার উদ্ধার ॥
স্ত্রী হইয়ে না করে স্বামীর ভকতি।
শিষ্য হইয়ে না করে গুরুর আরতি ॥
চারিটা ভাণ্ড (৫) তার গেল অধোগতি ॥
গুরু না ভজিলে ভাণ্ড শৃগালে না খায়।
আরা বিষ্ণু দেহা হইলে কাগা ছাড়ি যায় ॥
আগুনে পড়িলে ভাণ্ড হয় ছারখার।
জলত ভাসেয়া দিলে মৎস্যর আহার ॥
মৃত্তিকায় পড়িলে ভাণ্ড পোকার আহার।
কোন দিয়া না দেখোঁ তোর ভাণ্ডর নিস্তার ॥ (৬)
বাছা নীল কমলেরে
কেমন কৈরে অতিথের সঙ্গ যাও। ধুয়া ॥
লোকে বলিবে ইনি ছেলেদের বুঝি মাও নাইরে।

---

(১) ডাম্বা ডৌল = গোলমাল অর্থাৎ কলরব, অদ্যাপি আসাম-প্রদেশে 'ডেমাডুল' বলে।

(২) ভাবিয়াছিলাম আমার পুত্র সন্ন্যাসী হইয়া গিয়াছে, কিন্তু এখন দেখিতেছি সুন্দরী স্ত্রী পাইয়া স্বামী সাজিয়া গৃহেই আছেন।

(৩) দ্বাপর। (৪) ত্রেতাযুগ। (৫) দেহ।

(৬) দেহ-রক্ষার কোন উপায় নাই।

সন্ন্যাস করিতে রাজা কৈরে গেল মন।
চৌপথর মাঝত রাজা যুড়িল কান্দন॥

ময়নামতীর তৈল-পরীক্ষা লওয়ার জন্য পত্নীর পরামর্শ।

কেমন কৈরে যেতে চাও পরদেশ লাগিয়া।
কেমন জ্ঞান আছে ময়নার নেও পরখিয়া॥
তৈল পরীক্ষা দেও ময়নার বরাবর।
ঐ পরীক্ষায় যায় যদি উত্তরিয়া।
মস্তক মুঁড়িয়া তবে যাও সন্ন্যাস হইয়া॥

এই কথা শুনিয়া রাজা না থাকিল রৈয়া।
দরবার লাগিয়া রাজা গেল চলিয়া॥
দরবারে বসিয়া রাজা বেচরিত (১) মন।
দয়ার ভাই গোলাম খেতুক (২) ডাকে ঘনে ঘন॥

রাজার উক্তি।

তোরে বলো গোলাম খেতুক বাক্য মোর ধর॥
মায়র মহলক লাগিয়া যাও বল চলিয়া।
এই কথা শুনিয়া খেতু না থাকিলে রৈয়া॥
এই কথা বল গিয়া ময়নার বরাবর।
তৈল পরীক্ষা দিবার চায় তোমার বরাবর॥

ময়নামতীর উক্তি।

এই কথা শুনিয়া ময়না হাসিতে লাগিল।
তোমার বুদ্ধি নয় বধূ সকলর চক্র। (৩)
তত বুদ্ধি শিখিয়া দেয় নিরাশী (৪) সকল॥
এক পরীক্ষার বদল সাত পরীক্ষা দিমু।
তবু তোর রাজার বেটা বাড়ী ঘর ছাড়ামু॥ (৫)

রাজার উক্তি ও আদেশ।

তোক বলো ভাইয়া খেতু বাক্য মোর ধর।
তাতাইলা পাতাইলা চৌকা (৬) নেও বল আরোপিয়া।
তিনটা নারিকেলের ফল তেহিরা খিচিয়া॥

---

(১) বেচরিত = বিচলিত।

(২) খেতু = রাজার ধর্ম্মের ভাই এবং দাসের ন্যায় অনুগত।

(৩) আমাকে তৈল পরীক্ষা লওয়ার কথা তোমার মনে উদ্ভব হইয়াছে বলিয়া বোধ হয় না, বধূগণ এই বুদ্ধি দিয়াছেন।

(৪) দুর্ভাগা বধূগণ।

(৫) তথাপি তুমি যে রাজার বেটা, তোমাকে গৃহত্যাগ করাইব।

(৬) উনুন।

খেতুর কার্য্য।

যাইট মণ কড়াই দিল চৌকায় চড়াইয়া।
আশী মণ তৈল দিল কড়াইল চড়াইয়া॥
শাল কাষ্ঠে আগুন দিল গুলকাইয়া (১)।
উপরর ছাবনী (২) মারিল তুলিয়া॥
সাতদিন পর্য্যন্ত জ্বাল দেয় নিদম (৩) করিয়া॥
এক দিন দুই দিন পঞ্চ দিন হইল।
সাতদিন অন্তরত ছাবনী উঠাইল॥

রাজার নিকট খেতুর নিবেদন।

তৈল গরম হইয়াছে আগুনর সমান।
এই কথা জানাইল খেতু রাজার বরাবর॥
তৈল পরীক্ষা হইল গোলাম বরাবর।
কি আজ্ঞা বলেন তুমি রাজ-রাজেশ্বর॥

রাজার উক্তি।

এই কথা বল গিয়া মায়র বরাবর।
তৈল পরীক্ষা তৈয়ার হইল রাজার বরাবর॥ (৪)

ময়নামতীর নিকট রাজাদেশ প্রচার।

রাজা তলব করে মা শীঘ্র করে চল।

ময়নামতীর উক্তি।

তোর বাপর খাঁও (৫) না তোর রাজার বাপর খাঁও।
তোমার হুকুমত কি পরীক্ষা দিবার যাও॥

ময়নামতীকে উত্তপ্ত তৈলে নিক্ষেপ।

এই কথা জানাইল রাজার বরাবর।
এই কথা শুনিয়া রাজা ক্রোধবান হইল।
ধরর দেওয়ালী (৬) গামছা রাজা খেতুক ফেলাইয়া দিল॥
ঐ গামছা দিয়া বান্ধিল ভিড়িয়া।
ময়নামতীক দিল তৈলত ফেলাইয়া॥
যেন মতে ময়নামতী তৈলে পড়িল।
ধা ধা করিয়া অনল স্বর্গ দেখা দিল॥

---

(১) গুলকাইয়া=প্রজ্বলিত করিয়া। (২) ঢাকনি।

(৩) নিদম=নির্ধূম।

(৪) ৮০ মণ তৈল ক্রমাগত সাতদিন প্রজ্বলিত অনল-কুণ্ডে চড়াইয়া সাত দিন পর্য্যন্ত ঢাকনি দ্বারা আবৃত করা ছিল। সাত দিন পরে ঢাকনি তুলিয়া ফেলিয়া দেখা গেল তৈল পরীক্ষা লওয়ার যোগ্য হইয়াছে।

(৫) খাঁও=থাম=থাই।

(৬) ধরর=গলার। দেওয়ালী=বড়।

তৈলত পড়িয়া ময়না ডুবিল গলা হৈতে (১)।
আঙ্গলে আঙ্গলে তৈল মুকঠিয়া বসায় মাথে॥ (২)

রাজার ক্রোধ।

সম্রাট দেখিয়া রাজা ক্রোধবান হইল।
গোলাম গোলাম বলিএ খেতুকএ গালি পাড়িল॥
উপরর ছাবনী মায়র লও তুলিয়া।
নও দিন ভরিয়া জ্বাল দেও নিদম করিয়া॥
এক দিন দুই দিন তিন দিন হইল॥

ময়নামতীর সরিষারূপ ধারণ।

ওরূপ থুইল ময়না একতর করিয়া।
সরিষার রূপ হইল কায়য়া (৩) বদলাইয়া॥
নও দিন অন্তরত খেতু ছাবনী উঠাইল।
জননী না দেখিয়া খেতু কান্দিবার লাগিল॥

খেতুর নিবেদন।

এই কথা জানাইল রাজার বরাবর।
মা তোর করিয়া গেল যমর ঘর॥
কার জন্যে পাগড়ী রাখিছ মস্তকর উপর॥ (৪)

মাতার জন্য শোক।

আমাক ছুইয়া জল না খায় বামন পঞ্চজন।
মা মা বলিয়া রাজা কান্দিবার লাগিল।
বিধি আমাক মা ছাড়া করিল দীননাথ রে।
এই ছিল কপালর লেখা।
মায়র সঙ্গে না হইল দেখা॥

মাতার অনুসন্ধান।

এক মুট খোচা (৫) লইল হস্তত করিয়া।
তৈলর মাঝত বেড়ায় হাস্তিয়া (৬)॥
এক হাল দুই হাল তিন হাল হইল।
তিন হালর সময় গামছা উঠাইল॥

---

(১) গলা হৈতে = গলা পর্য্যন্ত।

(২) হাতের মুষ্ঠিতে তৈল লইয়া নিজের মাথায় দিতে লাগিল।

(৩) কায়া। (৪) তোমার মাতা মরিয়াছেন, এখন অশৌচ কাল, শিরের আবরণ ত্যাগ কর।

(৫) খোচা = তৈলমধ্যে অনুসন্ধানোপযোগী কঞ্চী। বোধ করি এই 'খোচা' হইতেই পূর্ব্ববঙ্গে প্রচলিত 'কোচ' (মৎস্য মারিবার যন্ত্রবিশেষ) শব্দের সৃষ্টি হইয়াছে।

(৬) মাঝত = মধ্যে। হাস্তিয়া = হাতাইয়া = হস্তচালনা করিয়া।

মহামাংস নাই ময়নার অনলর ভিতর।
ষোল মরদে নও কড়াই সাইঙ্গ করিয়া।
তেপথীত নি যায়া তৈল ফেলাইল ঢালিয়া॥
ধা ধা করিয়া অনল স্বর্গ দেখা দিল।
সরিষার রূপ হয়্যা দুবায় লুকাইল॥ (১)
অকারণে (২) খেতু কান্দিবার লাগিল।
খেতুর কান্দনে ময়নার দয়া হইল॥

ময়নামতীর উক্তি ও প্রভাব।

কাইন্দ না কাইন্দ না (৩) গোলাম খেতু কান্দন ক্ষেমা কর।
মুই ময়না পোড়ানা যাও আগুনর ভিতর॥
যাইট মোন কড়াই লইল হস্তত করিয়া।
রাজার অগ্রে দিল হাজির করিয়া॥
এক এক করিয়া সাত পরীক্ষা দিল।
সাত পরীক্ষায় ময়না উতরিয়ে গেল॥

রাজার উক্তি।

রাজা বলে শুন ময়নামতী মা তুঁই।
তুই জ্ঞান শিখিলু কোন্ সিদ্ধার ঠাঞি।
মোক জ্ঞান শিখিবার কও কোন আউলর ঠাঞি॥

ময়নামতীর উক্তি।

মুই জ্ঞান শিখিনু গোরকনাথর ঠাঞি।
তোক জ্ঞান শিখিবার কওঁ (৪) খোলা হাড়ির ঠাঞি॥ (৫)

হাড়ির নিকট জ্ঞান শিখিতে রাজার আপত্তি।

হাড়ির কথা শুনিয়া রাজা কর্ণত দিল হাত।
অধর্ম্ম কথা আনিল জিহ্বাত॥
হাড়ি ছার জাতি স্বেতখানা (৬) নিকাইয়া না করে স্নান।
বাইশ দণ্ড রাজা (৭) হইয়া করিমু হাড়িক প্রণাম॥

---

(১) ময়নামতী সরিষারূপ ধারণ করিয়া দুর্ব্বার মধ্যে লুকাইল।
(২) অকারণে=এই কারণে অর্থাৎ ময়নামতীকে না দেখিয়া তাঁহার জন্য। (৩) কাঁদিওনা কাঁদিওনা। (৪) কঁও=কমু=কহিব।
(৫) আমি গোরক্ষনাথের নিকট জ্ঞান শিক্ষা করিয়াছি, তোমাকে খোলা নামক হাড়ির নিকট জ্ঞান শিখিতে হইবে। (৬) পায়খানা।
(৭) ২২ দণ্ড সময়ে যতটা স্থান যাওয়া যায়, এত বড় স্থানের অধীশ্বর হইয়া আমি কিপ্রকারে হাড়িকে গুরু বলিয়া প্রণাম করিব? গ্রাম্য কবি ২২ দণ্ডে যতটা স্থান যাওয়া যায় তাহাকেই অত্যন্ত বড় মনে করিয়াছেন, কিন্তু বাস্তবিক গোপীচন্দ্র বা গোবিন্দচন্দ্র পাল বিস্তৃত ভূভাগের অধীশ্বর ছিলেন। তাঁহার অধিকারের এই সীমা মূর্খ গ্রাম্য কবিকর্ত্তৃক নির্দ্দিষ্ট। ইহা কখনই স্বীকার্য্য নহে।

ময়নামতীর উক্তি। হাড়ির গুণপণা।

ময়না বলে শুন যাদু চুপ করিয়া কইস্ কথা।
হাড়ি যেন না শুনে অভিশাপ দিলে মরবু এখন।
তোর নগরীয়ে প্রদীপ জ্বলে তৈলে আর ঘিয়ে।
ঐ হাড়ি প্রদীপ জ্বালায় শুধু গঙ্গার জলে॥
যত গুটি প্রদীপ নাই তোর নগরীয়ার ঘরে।
অত গুটি প্রদীপ হাড়ির খপরার (১) ভিতরে॥
কাহার ঘরে খায় হাড়ি কাহার ঘরে যায়।
মুখর জেওয়াবে দরিয়া বাঁধা যায়॥ (২)
দরবারে থাকিয়া রাজা বেচরিত মন।
দয়ার ভাই গোলাম খেতুক ডাকে ঘনে ঘন॥

দৈবজ্ঞের সংবাদ ও গণনা।

কোথায় গেল ভাই আগে পাণ খামু।
বাপ কালিয়া পণ্ডিতক হাজির করিমু॥ (৩)
এই কথা শুনিয়া খেতু না থাকিল রৈয়া।
পণ্ডিতর মহলক লাগিয়ে গেল চলিয়া॥
তোক বল পণ্ডিত ঠাকুর বাক্য মোর ধর।
রাজা তলব করে মহলর ভিতর॥
শীঘ্রগতি চলিয়া যাও রাজ-দরবার।
চটক ধুতি মটক (৪) ধুতি পরিধান করিয়া।
যোড় যোড় পৈতা দিলে গলায় তুলিয়া॥ (৫)
পঞ্জিকার দপ্তর নৈল বগলে ডাবিয়ে।
রাজ-দরবারক লাগিয়ে চলিল হাটিয়ে॥
ভর কাছারী রাজা করে ডাম্বা ডৌল।
হেন সময় খাড়া হইল পণ্ডিতর কুমার॥
কুলর দেবতা বলিয়া মহারাজ প্রণাম জানাইল।
ভাইয়ে ঠাকুর বলিয়া পালঙ্কত বসাইল॥

দৈবজ্ঞের নিকট প্রশ্ন।

ও ঠাকুর ও ঠাকুর দৈবক (৬) চূড়ামণি।
কোন্ দিনা রাজার বেটা সিলাইবে ঝুলি কাঁথা। (৭)

---

(১) প্রদীপ রাখিবার মৃৎপাত্র। (২) মুখের কথায় নদীতে বাঁধ প্রস্তুত হয়। (৩) বাপের কালের পণ্ডিতকে উপস্থিত করিব।

(৪) মটক = আসামের রেসমী বস্ত্র-বিশেষ (মট্‌কা)।

(৫) সে সময়ে কি কোথায়ও যাইতে হইলে উপবীত পরিতে হইত?

(৬) দৈবজ্ঞ।

(৭) সন্ন্যাস-গ্রহণের পূর্ব্বে যে যে অনুষ্ঠান আবশ্যক, তাহারই কথা।

কোন্ দিনা রাজার বেটা মুঁড়াইবে মাথা ॥
কোন্ দিনা মহারাজ ভূসঙ্গ (১) মাখিবে।
কোন্ দিনা ধর্ম্মী রাজা দুই কর্ণ ছেদিবে ॥
কোন্ দিনা ধর্ম্মী রাজা ডোর কৌপীন পরিবে ॥
কোন্ দিনা দিমু মোর হাতত দোয়াদশ (২)।
কোন্ দিনা হবে আমার বিদেশ গমন।
এই গণা গণিয়ে দেও আমার বরাবর ॥

দৈবজ্ঞের গণনা।

শুভ শুভ করিয়ে পঞ্জিকা বাহের করিল।
আপনি সিদ্ধান্তর পঞ্জিকা আও দিয়া।
মঙ্গলবারর দিন সিলাইবে ঝুলি কাঁথা।
বুধবারর দিন মুড়াইবে মাথা ॥
বৃহস্পতিবারর দিন ভূসঙ্গ মাখিবে।
শুক্রবারর দিন রাজা দুই কর্ণ ছেদিবে ॥
শনিবারর দিন রাজা ডোর কৌপীন পরিবে ॥
রবিবারর দিন রাজা হাতত দোয়াদশ।
ঐ দিবসে হবে রাজা বিদেশ গমন ॥

দৈবজ্ঞের ভবিষ্যদ্বাণী

বাড়ী হইতে নিয়া যাবে তোমাক বুদ্ধি ভরসা দিয়া।
কিছু দুঃখ দিবে তোমাক জঙ্গল বাড়ী দিয়া ॥
আর কিছু দুঃখ দিবে বালা বাড়ী দিয়া ॥
আর কিছু দুঃখ দিবে শ্রীফলা নগরত।
বান্দী থুইয়া খাবে তোমাক হীরা বেশ্যার ঘরত ॥
বেশ্যার পরিধান হবে আগুন পাটের সাড়ী।
তোর রাজার পরিধান হবে বার গাঁইটে দড়ি (৩) ॥
আকাড়ি ধানর চাউল দিবে বিচিয়া বার্ত্তকী।
বিচিয়া বার্ত্তকী দিবে পোড়াইয়া খাবা।
একেতো নিদারুণ বেশ্যা লবণ তৈল মানা।
বেশ্যা যাবেন স্নেতখানা তুলিয়া ধরবেন ঝারি।
চক্ষু মজিয়া (৪) যোগাইবেন বেশ্যার বাপেন পানী (৫)।
প্রাতেক উঠিয়া মাইরবে তোমাক বারুণার (৬) বাড়ি।

---

(১) ভস্ম। (২) করতী।
(৩) দ্বাদশ গ্রন্থিযুক্ত দড়ি-বিশেষ। (৪) মুদ্রিত করিয়া।
(৫) শৌচের জল। (৬) কাঁটার।

পাপর সইজা (১) উঠাইবে পাপর গনাগন।
সিকিয়া বাকুয়ে দিবে দুইটা জলর হাড়ি॥ (২)
দিন ঠায় ওজন হবে বার ভার পানী॥ (৩)

রাজার উক্তি।

রাজা বলে শুন ঠাকুর দুঃখ সুখ কপালর লেখা।
মহুত লেখা পায় বিধাতা লিখিয়াছে।
আড়াই অক্ষরে খণ্ডন যাবার নয়॥
কোথায় গেল ভাই খেতু আগেয়া পাণ খামু।
দান দক্ষিণা দিয়া বিদায় করিয়া দিমু॥
কিছু দান দিয়া বিদায় করিয়া দিল।
বাপর কালর নাপিতক আনিয়া হাজির কর॥

শিরোমুণ্ডনের জন্য নাপিতকে আহ্বান।

নাপিতর মহলক লাগিয়া গেল চলিয়া।
নাপিতক তবে আনিল ডাকিয়া॥
ভাঁইড় ক্ষুর লইয়া আস চলিয়া।
ভর কাছারি রাজা করে ডাম্বা ডৌল।
হেন কালে খাড়া হইল নাপিতর কুমর।
যেন মতে ধর্ম্মী রাজা নাপিতক দেখিল।

রাজার সন্ন্যাস-গ্রহণে রাজ্যময় শোক।

পাট (৪) হইতে মহারাজা মৃত্তিকায় নামিল॥
নাট মন্দির দালান কোটা ভাঙ্গিয়া গেল॥ (৫)
গাছ কান্দে গাছানী কান্দে গাছর কান্দে পাতা।
বনর হরিণী কান্দে হেট করিয়া মাথা॥
ঘাটিয়ালর ঘাটত কান্দে বাইশ কাহন নাও॥
বাইশ কাহন নৌকা কান্দে তেইশ কাহন দাঁড়ি (৬)।
তার মাঝত মাঝত কান্দে বিসাবর (৭) কাণ্ডারী॥
হরিণর বালাখানা কান্দে ছোকরান হাওখানা।
কান্দে বেশ্যার তালিম খানা॥

---

(১) শয্যা = বিছানা। (২) দুইটি জলের হাঁড়ি শিকেয় বাঁধিয়া দিবে।

(৩) দিন-শেষে গণিয়া লওয়া হইবে যে, তুমি বার ভার জল যোগাইয়াছ কি না।

(৪) সিংহাসন।

(৫) রাজা সিংহাসন ত্যাগ করিয়া রাজ-প্রাসাদ হইতে বহির্গত হওয়া মাত্রই সমস্ত ভাঙ্গিয়া পড়িল।

(৬) দাঁড়ি = যারা নৌকার দাঁড় টানে। (৭) বিশ্বম্ভর-নামক।

পিঞ্জিরার মাঝত কান্দে টিটিয়া মঞ্জর।
শিকারী খেলাইতে কান্দে নওবুড়ি কুকুর॥
ডাকৃটর খানা (১) তোষাখানা কান্দে ঠাই ঠাই।
জলটুঙ্গি (২) গোকুল কান্দে লেখা যোখা নাই॥
হাতী শালার হাতী কান্দে পৈধরত কান্দে ঘোড়া।
পাট মহলর (৩) কান্দনে ভিজে জামা যোড়া॥
এক শত গাভী কান্দে গলায় লেজ দিয়া।
নও বুড়ি কুত্তা কান্দে চরণত পড়িয়া॥
এক শত রাণী কান্দে মৃত্তিকায় গৈড় (৪) দিয়া।
অদুনা পদুনা কান্দে দুই চরণ ধরিয়া॥
হায় হায় স্বামী ধন পালান ছাড়িয়া।
কে আর পালিবে নবে ঘৃতে অন্ন দিয়া॥
রাজার মা ময়না কান্দে চক্ষুত পানী দিয়া।
এক ঝারি গঙ্গার জল যোগাইল আনিয়া॥
এক নেওয়াইজ পাতা (৫) আনিল যোগাইয়া।
স্বর্ণর বাটীত লইল জল ঢালিয়া॥
যেন মতে রাজার মাথায় তুলিয়া দিল জল।
রাজ্য ভূম সিংহাসন করে টলমল॥

রাজার মস্তক-মুণ্ডন।

ক্ষুর ধরিয়া নাপিতর বেটা চতুর্দ্দিকৃত চায়।
কার হুকুম না পায় হাজামত বানায়॥
ময়না বলে নাপিতর বেটা কার পানে চাও।
মোর যাদুর মাথা কামাইতে না ঘিণাও॥
হীরা দিয়া বান্ধি দিমু মাণিক দিমু চিন। (৬)
সকল চুল কমাইও রাইখ বঁম (৭) চুলি॥
অবশ্য উড়াইবু হারিবু কেশ্যা ঝুলি॥

---

(১) এখানে পূর্ব্বে অন্য কোন কথা ছিল, বোধ হয় তাহা দপ্তরখানা, তাহা হইতে সম্প্রতি 'ডাকৃটর খানা' করা হইয়া থাকিবে।

(২) কোন নদী বা সমুদ্রের নিকট উচ্চ স্থান নির্ম্মাণ করিয়া যেখান হইতে প্রহরীগণ শত্রু-সৈন্যের আগমন পর্য্যবেক্ষণ করে, তাহাকে 'জলটুঙ্গি' বলা হইত। (৩) পাটেশ্বরী মহলের, অর্থাৎ রাণীদিগের।

(৪) গড়াগড়ি। (৫) কলার আগ-পাত।

(৬) তোমার ক্ষুরের বাঁট হীরাদ্বারা বাঁধাইয়া দিব এবং চিহ্নস্বরূপ তোমাকে একটি মাণিক্য দিব। (৭) ব্রহ্ম-চুল, টিকি (?)।

ক্ষুর তুলিয়া এক শত দিল রাজার কেশ মৃত্তিকায় পড়িল।
কেশী গঙ্গা হইয়া বহিবার লাগিল॥

সিদ্ধগণ ও দেবগণের আগমন।

তুড়ু তুড়ু করিয়া ময়না হুঙ্কার ছাড়িল।
ষোল শত মুনি হুঙ্কারত নামিল॥
পুষ্পরথে নামিল গোরক বিদ্যাধর।
ঢেকি বাহনে নামিল নারদ মুনিবর॥
বাসোয়ার পীঠিত নামিয়া গেল ভুলা মহেশ্বর।
ধনুক বাণে নামিয়া গেল শ্রীরাম লক্ষ্মণ॥
পাঁচ ভাই পাণ্ডা নামিল ঠাই ঠাই।
কাণকাটা (১) হাড়ি সিদ্ধা লেখা যোখা নাই॥

সন্ন্যাস-গ্রহণ।

ঘসির ধূলা (২) দিয়া বদন ডাকিল।
সম্রাট দেখিয়া ময়না কান্দিবার লাগিল॥
মায়র দুই নয়নর তারা রে।
আরে ও বাছা! আমার কেবা লইল রে॥
নাপিতর হস্তর ক্ষুর লইল কাড়িয়া।
ঐ ক্ষুর কাণ-ফাড়ার (৩) হস্তে দিল তুলিয়া॥
যেন মতে কাণ-ফাড়া ক্ষুর হস্তে পাইল।
রাম রাম বলিয়া রাজার দুই কর্ণ ফাড়িল॥
ফাটিকর কুণ্ডল রাজাক পরাইল। (৪)
ভগবান বস্ত্র আনিয়া যোগাইল॥
পাঁচ বৈষ্ণব ধরিয়া কৌপীন পরাইবার লাগিল।
এ ডোর কৌপীন রাজাক পরাইল॥
রাম খিলিকা গলে তুলি দিল।
কদুর (৫) থাল হস্তত তুলি দিল॥
ভাঙ্গা কন্থা ভাঙ্গা কৌপীন ভাঙ্গা বহির্ব্বাস।
সবে মেলিয়া দ্বারত আছে চৈতন্যর দাস॥

---

(১) সন্ন্যাসীদের কর্ণচ্ছেদ করার নিয়ম থাকায় নাপিতের এক শ্রেণীকে 'কাণকাটা' বলা হইত।

(২) ঘুটের ছাই।

(৩) কাণ-ফাড়া = যে ব্যক্তি কর্ণচ্ছেদ করে।

(৪) কুণ্ডল পরিয়া যোগী বা যোগিনী হওয়ার কথা অনেক প্রাচীন বঙ্গীয় কাব্যেই পাওয়া যায়।

(৫) লাউএর, বাউর।

শ্রীচৈতন্ত নিত্যানন্দ অধিক রাধে সীতা।
শ্রীগুরু বৈষ্ণব বন্দন ভাগবত গীতা ॥
ভিক্ষা বলিয়া রাজার বেটা কান্দিবার লাগিল।
হাতী ঘোড়া দণ্ড ছত্র গোলাম খেতু ভিক্ষা দিল ॥ (১)
ঐ ভিক্ষা গুরুর চরণত দিয়া প্রণাম করিল।
যা যা রাজার বেটা তোমাক দিনু বর।
তিন কোণ পৃথিবী (২) টলিয়া গেলে না যাও যমর ঘর ॥ (৩)
যেন মতে ধর্ম্মী রাজা বেনা মুখ হইল।
সর্গর মুনিগণ সর্গত চলি গেল ॥

ময়নামতীর স্নান ও রন্ধন।

পাঁচ লোটা জলে ময়না সিনান করিয়া ;
হাসিয়া নিজ ঘরত ময়না সোন্দাইল গিয়া ॥
নড় দিয়া এক ভাত পঞ্চাশ ব্যন্নুন রন্ধন করিয়া।
স্বর্ণর থালত অন্ন দিল পরশিয়া ॥
ভৃঙ্গরর ঝারির জল দিলেক ঢালিয়া।
অন্ন খাও অন্ন খাও রাজ দুলালিয়া ॥
হাসিয়া খেলিয়া যাও পর দেশক লাগিয়া ॥

রাজার স্বর্ণথালায় খাইতে অনিচ্ছা।

যেন মতে থালত অন্ন দেখিল।
কপালত মারিয়া চড় কান্দিবার লাগিল ॥
যখন আছিলাম মা রাজ্যত ঈশ্বর।
স্বর্ণর থালত অন্ন খাইনু বিস্তর ॥
এখন হইনু কোড়াকর (৪) ভিকারি।
স্বর্ণর থালত অন্ন খাইতে না পারি ॥
একখান কলার পাত আনিল কাটিয়া।
তাহাত অন্ন গুটিক লইল ঢালিয়া ॥

---

(১) সন্ন্যাস অবলম্বন করিয়া রাজা ভিক্ষা চাহিলেন ; তাঁহার ভৃত্য ও দাস খেতু হাতী ঘোড়া প্রভৃতি ভিক্ষা দিল।

(২) সাধারণ লোকে ভারত-বর্ষকেই পৃথিবী মনে করিয়া ত্রিকোণ পৃথিবী বলিত।

(৩) ১৯ বর্ষ বয়সে রাজার মৃত্যুর কথা নির্দ্দিষ্ট ছিল। ঐ সময় সন্ন্যাস গ্রহণ করিলে সেই মৃত্যু হইতে অব্যাহতি পাওয়া যায়, ইহাই গণিয়া দেখিয়া ময়নামতী তাঁহাকে সন্ন্যাস-ব্রতে দীক্ষিত করাইলেন।

(৪) কড়াকর = কড়ার।

হাতত মুখত জল দিয়া কোন্ কাম (১) করিল।
শ্রীকৃষ্ণ বলিয়া অন্ন মুখত তুলিয়া দিল।
এক গাসে (২) দুই গাসে পঞ্চ গাস খাইল॥
অন্ন খাইয়া জলর দিগত (৩) চায়।
ভাঙ্গা তুম্বা (৪) দিয়া জল উসিয়া (৫) পলায়॥
মৃত্তিকায় মুখ লাগাইয়া জল চুম্বুক মারি খাইল। (৬)
দেবীর ভাই শনি কপাল চড়িল॥

রাজদেহে শনি ও কেতুর প্রবেশ।

শনি কেতু রাজার গর্ভবাস করিল।
সকল শরীর রাজার মলিন পড়িল॥

ময়নামতীর উপদেশ।

করুণা করিয়া ময়না কান্দিবার লাগিল।
আমার পুত্র বড় ধন রে কে রে মিলিয়া দিবে।
পরদেশে যাইয়া পরার পতি বাস।
আগে খাবে গিরি লোক পঞ্চাত (৭) তল্লাস॥
অতিথ বৈষ্ণব দেখিয়া না করিও হেলা।
গড় (৮) হইয়া পরণাম করেন যার গলত মালা॥
সরিষাতে সরু দুবলাতে হীন।
তখনে পাবু পর দেশর চিন॥ (৯)
ফুল গোটেক দেখিয়া ফুল না ফাড়িমু।
পাখী গোটেক দেখিয়া ঢেল না মারিমু॥
পরস্ত্রীক দেখিয়া হাস্য না করিমু!
আগত মা দায় দিয়া (১০) পশ্চাৎ ভিক্ষা লমু॥
ষোল কাহন কড়ি দিল ঝোলঙ্গায় (১১) সাজাইয়া।
কড়ির কথা না কন তোর গুরুর বরাবর।

---

(১) কর্ত্তব্য-ক্রম, অর্থাৎ ভোজনের পূর্ব্বে কর্ত্তব্য নিবেদনাদি।

(২) গ্রাসে। (৩) দিকে।

(৪) লাউ। (৫) উছলাইয়া = উচ্ছলিত হইয়া।

(৬) ভাঙ্গা লাউ হইতে জল এমন ভাবে পড়িতেছিল যে, লাউ উঠাইয়া জল খাইবার কোন সম্ভাবনাই ছিল না, সুতরাং মাটীতে মুখ লাগাইয়া চুমুক দিয়া জল পান করিলেন।

(৭) পশ্চাৎ। (৮) গড় = ভূমিষ্ঠ।

(৯) সরিষা অপেক্ষাও ক্ষুদ্র এবং দুর্ব্বা অপেক্ষাও নীচ হইলেই বিদেশে বাস করা যায়।

(১০) অগ্রে মাতৃ সম্বোধন করিয়া। (১১) ঝুলিতে।

ছাই ভস্ম করিয়া কড়িক পটামু।
যমর ঘর হাড়ির পাছে গমন করিমু॥

রাজার খেদোক্তি।

এক শত রাণী গেল খেতুর বরাবর।
অদুনা পদুনা গেল আপনার মহল॥ (১)
বার জাগায় চৌকি পহরা তের জাগায় থানা।
অতিথ বৈষ্ণব যাবার ঐ বাড়ী মানা॥ (২)

রাণীদিগের অবস্থা।

যেন মতে (৩) কন্যা দুইটী মন্দির সোন্দাইল (৪)।
বিন ছোড়ানে (৫) ধর্ম্মর কপাট আপনে লাগিল॥
পাশা ধরিয়া বসিল আওলা (৬) করিয়া।
যে দিন হস্তর পাশা পড়িবে আউলিয়া॥
ঐ দিন মোর স্বামী যাইবে মরিয়া॥
রাজ্য ভার রইল জননী মায়র কোলত।
হাড়ি রাজা (৭) চলিয়া গেল পরদেশ সহরত॥
এক ক্রোশ দুই ক্রোশ পঞ্চ ক্রোশ গেল।
চরণ ফাটিয়া রাজার রক্ত পড়িবার লাগিল॥
দুখ মোর লিখিয়াছে কপালে ওরে বিধি নিরলে (৮) বসিয়া।
এক দিন দুই দিন সাত দিন হইল।
কি রাত্র কিবা দিন হাটিবার লাগিল॥

অদুনা ও পদুনার বাস-স্থান।

এই রাজার মুলুক ছাড়িয়া অন্য মুলুক গেল।
হাড়ি বলে জয় বিধি মোর কপালর ভাল॥
দম্প কথা বলিছে রাজা আমার বরাবর। (৯)
কিছু দুখ দেওঁ ঘড়িকর (১০) ভিতর॥

রাজার গুরু-সঙ্গে গমন ও বিবিধ কষ্ট।

---

(১) এক শত রাণী স্বামীর অভাবে দেবরের সঙ্গিনী হইলেন; শুধু অদুনা ও পদুনা স্বতন্ত্র অন্তঃপুরে যাইয়া শোকার্ত্তা হইয়া রহিলেন।

(২) যে মহলে অদুনা ও পদুনা প্রবেশ করিলেন, সে মহলে দ্বাদশটি স্থানে প্রহরী নিযুক্ত হইল এবং ত্রয়োদশটি স্থানে তাহাদের আড্ডা রহিল! অতিথি এবং বৈষ্ণবগণ যাহারা সর্ব্বত্র অব্যাহত-গতি তাহাদেরও সেই মহলে যাইবার অধিকার রহিল না। (৩) মাত্র=ক্ষণে।

(৪) প্রবেশ করিল। (৫) চাবিতে। (৬) এলোমেলো।

(৭) রাজার গুরু হাড়ি ও স্বয়ং রাজা। (৮) নির্জ্জনে=গোপনে।

(৯) রাজা দম্ভের সহিত প্রথম আমাকে তুচ্ছ করিয়াছিল।

(১০) এক ঘড়ির (দণ্ডের) মধ্যে।

হাড়ির ছলনা ও পরীক্ষা।

তুড়ু তুড়ু করিয়া হাড়ি হুঙ্কার ছাড়িল।
শূন্যাকারত হাড়ি সিদ্ধা জঙ্গল সির্জ্জাইল॥ (১)
ছোট জঙ্গল ছাড়িয়া বড় জঙ্গলে পাও।
আউ ঢাউ শুকাইল মুখে না আইসে আও (২)॥
শূন্যাকারত হাড়ি গেল শূন্যত চলিয়া।
দোনো হস্তত যায় রাজা জঙ্গল ঠেলিয়া॥
ইন্নি (৩) কাটে বিন্নি (৪) কাটে রক্ত পড়ে ধারে।
হাটিবার না পারে রাজা কপাল চড় মারে॥
আমার এই দুঃখ বৈলমু কার আগে।
গুরুধন হইল নিদারুণ।
আর কিছু দুঃখ দিল বালা (৫) বাড়ি দিয়া।
রাজার কান্দনত হাড়ির দয়া উবজিল।
কেল কদম্বর (৬) গাছ ঘাঁটায় (৭) সির্জ্জাইল॥
বৃক্ষতলত যায় রাজা সহরত গোবিন।
আঁজুলত আঁজুলত (৮) চক্ষত আইল নিন (৯)॥
জল ভাঙ্গিয়া বালা ভাঙ্গিয়া বড় পেনু দুঃখ।
বাওঁ উরু মৃত্তিকায় দেও ক্ষণেক মারি সুখ॥
বাওঁ উরু হাড়ি মৃত্তিকায় ফেলি দিল।
শিতান দিয়া রাজা নিদ্রায় পড়িল॥
তুড়ু তুড়ু করিয়া হাড়ি হুঙ্কার ছাড়িল।
এক শত যম ডাকিয়া আনিল॥
হাড়ি বলে যম বাক্য মোর ধর।
সাত হাত ওসার মাল্লি (১০) এক বুক উচ্চ।
ঐটে হইত বান্ধি নি যাও দারিয়াপুর সহর।
এঁ কথা শুনিয়া যম না থাকিল রৈয়া।
মাল্লি বাঁধিতে যম গেল চলিয়া॥
সাত হাত ওসার মাল্লি এক বুক উচ্চ।
ঐটে হইতে বান্ধি নি যাইল দারিয়াপুর সহর॥

---

(১) শূন্য স্থানে হাড়ি জঙ্গলের সৃষ্টি করিল।
(২) আও বা রাও=রব, শব্দ। (৩) এদিকে। (৪) ওদিকে।
(৫) বালুকাময় স্থানের জঙ্গল। (৬) কেলি-কদম্বের। (৭) সম্মুখে।
(৮) অঞ্জলি অঞ্জলি, অর্থাৎ পূর্ণ মাত্রায়। (৯) নিদ্রা।
(১০) মাউল=বড় রকম থলিয়া।

হনুমান বলিয়া হুঙ্কার ছাড়িল।
কিছু কিছু বৃক্ষ মাড়াল লাগাইল॥
বজ্র চাপড় রাজাকে তুলিয়া মারিল।
গুরু গুরু বলিয়া রাজা কান্দিয়া উঠিল॥
মাল্লি বান্ধিয়া আমি বড় পেনু দুখ।
বার কড়া কড়ি দেও খাঁওঁ সুখ॥
বার কড়ার গাঞ্জ্যা খাঁওঁ কিনিয়া।
তবে তোমাক লইয়া যাই ঘড়ে পুরক লাগাইয়া॥
যেন মতে ধর্ম্মী রাজা সম্বাদ শুনিল।
রাম রাম বলিয়া কর্ণত হাত দিল॥
এগুলাক খান গুরু বাপ মোঁ না জানোঁ
এমন অনাচারর সঙ্গত আইসে কোন্ জন॥ (১)
অনাচারর সঙ্গত আইলে অবশ্য মরণ॥
বার কড়ার বদলত গুরু বার কাওন লও।
বান্দা ছান্দার কার্য্য নাই ফিরিয়া ঘরে যাও॥
ধ্যানত আছিল হাড়ি চমকিয়া উঠিল।
ধ্যানত হাড়ি গুরু ধ্যান করি চায়।
ধ্যানর মাঝত ষোল কাওন কড়ি ঝোলায় লাগাল পায়॥
এর মা মান (২) আছে জ্ঞানত ডাঙ্গর (৩)।
ষোল কাহন কড়ি দিছে ঝোলঙ্গার ভিতর॥
তুড়ু তুড়ু করি হাড়ি হুঙ্কার ছাড়িল।
ষোল কাওন কড়ি শূন্যত উড়া উড়াইয়া দিল॥
আধ মণ করিয়া এক মণ পাথর ঝোলায় সির্জ্জাইল।
ভাত ধরিয়া ধর্ম্মী রাজা ডুগিবার লাগিল॥
দে দে কড়ি বলিয়া হাড়ি কাউসিবার লাগিল।
একবার দুইবার গোস্তা নাগাইল পাইল॥
ঝোলঙ্কার গিরা খুলিয়া ফেলাইল॥
ঝোলার গিরা খুলিয়া পড়িয়া গেল ধান্দা।
ঝোলার কড়ি ঝোলায় নাই অচম্বিতের কথা॥
নয়ন কেন নাচে।
না জানি কপালে কিবা আছে॥

ষোল কাহন কড়ির অন্তর্ধান।

---

(১) গুরু এইগুলি অর্থাৎ গঞ্জিকা প্রভৃতি সেবন করেন, ইহা জানিলে এই আচারহীনের সঙ্গে কে আসিত? (২) মান=ময়নামতী।
(৩) ডাঙ্গর=বৃহৎ। জ্ঞানত ডাঙ্গর=জ্ঞান বৃদ্ধি।

কেনে কেনে গুরু বাপ অধর্ম্মে ছাড় দয়া।
ঝোলার কড়ি ঝোলাত নাই কম বক্তাক রাথ বান্ধা।
চট করি সাক্ষী থুইল হাড়ি বসু মাতা মাই।
তোমরা রও সাক্ষী।
আপনা আপনি বান্ধা নিছে হাড়িও না রাথি॥
ধর্ম্মী রাজাক লইল ঝোলায় ভরিয়া।
দারিয়া পুর সহরত গেল চলিয়া॥
বান্ধা নেও বান্ধা নেও গোয়ালিনী মাই।
বার কড়া কড়ি থাকিয়া (১) বান্ধা থুইবার চাই॥
বার কড়া কড়ি পাইলে গাঞ্জা থাইবার চাই।
দেখি দেখি কেমন চেলা দেখিবার চাই॥
হাত কোণা ধরিয়া রাজাক বেইর কৈল টানিয়া।
ঝলমল করিয়া রাজা উঠিল জ্বলিয়া॥
গোয়ালিনী বলে গুরু করি নিবেদন।
সুন্দর রূপ দেখি রাজাক ভাতর উপর।
এও নাকি থাবার পারে গোয়াল লোকর ঘর॥
কাড়িয়া ভরিয়া টাকা দেও ঝোলা ভরিয়া নেও।
আমার মহল ছাড়িয়া অন্য মহল যাও॥
মহারাজাক লইলে তবে হস্তত ধরিয়া।
দোকানর গলি বেড়ায় হাঁটিয়া॥
বান্ধা নেও বান্ধা নেও চিড়া বেচি মাই।
যেন মতে চিড়া বেচি রাজাক দেখিল।
চিড়ার দোকান থান পাকেয়া পাকেয়া ফেলিল॥
রাজার কমর ধল্ল্যে মরোঁ বলিয়া।
অনেক করিয়া নিল ছোড়াইয়া॥
বান্ধা নেও বান্ধা নেও হলদি বেচি মাই।
বান্ধা নেও বান্ধা নেও শাক বেচি মাই॥
বান্ধা নেও বান্ধা নেও আড়ই (২) বেচি মাই।
বান্ধা নেও বান্ধা নেও কালাই বেচি মাই॥
যেন মতে কালাই বেচি রাজাক দেখিল।
ঘরর স্বামীক অইল বাপ দায় দিয়া। (৩)
যেত দোকান সব ফেলাইল পাকেয়া॥

রাজাকে বাঁধা দেওয়ার জন্য বাজারে হাড়ির ফেরি।

---

(১) পাইলে। (২) অড়হর।
(৩) রাজাকে দেখামাত্র নিজ স্বামীকে পিতা সম্বোধন করিয়া আসিল।

রাজার কমর ধরিল মরিনু বলিয়া।
চিড়া বেচি উঠিয়া বলে কালাই বেচি হুতিয়া তুই।
ছাড়িয়া দে রাজার কমর আরো ধরনু মুই॥
রাজার কমর ধরিয়া টানিবার লাগিল।
অকারণ করিয়া রাজা কান্দিবার লাগিল॥
রাজার কান্দনে হাড়ির দয়া জনমিল।
ইন্দ্র রাজাক লাগিয়া হুঙ্কার ছাড়িল॥
ধুম ধাম করিয়া পাথর পড়িতে লাগিল। (১)
রাজার কমর ছাড়িয়া সব ঘরাঘরি গেল॥
দুয়ার ছাড় দুয়ার ছাড় কালাই বেচি ভোন।
ভিজিয়া বাহেরা দেখন ভিজিয়া মরি বাহেরা দেখন॥
যেন মতে কলাই বেচি সেলটা কথা পাইল।
হাউক দাউক করিয়া দরজা ছাড়ি দিল॥
কালাই কাড়া গাইন (২) নিয়া যে আইল।
ঐ গাইন দিয়া ডাঙ্গাবার লাগিল॥
নাক চুল কাটিয়া ঢেরা ডারা দিল।
ঘাড়ত হাত দিয়া বাহির করি দিল॥
গুরু ছাড়িয়া গমন বিজয় হালুয়া।
সাক্ষাৎ উতরিল যাইয়া॥
বান্ধা নেও বান্ধা নেও হালুয়ার ঘর।
সুন্দর চেলা বান্ধা থোঁয়োঁ (৩) তোর হালুয়ার ঘর॥
সুন্দর রূপ দেখোঁ ভাণ্ডর (৪) উপর।
এঁও নাকি থাবার পারে চাষা লোকর ঘর॥
ইহার যোগ্যবান আছে হীরা বেশ্যার ঘর।
কেমন করি যাবেন নটীর মহলর ভিতর॥
যোড় যোড় দামরা (৫) থুইছে দরওয়াজা টাঙ্গিয়া।
কোন্ ভিতকার রাজা আইসে মহলে চলিয়া॥
এক ডাঙ্গ যদি মারে দামরায় তুলিয়া।
এক হাজার টাকা নেয় দরওয়াজায় বসিয়া॥
গুরু ছাড়িয়া বিজয় গমন।
নটীর বাঙ্গালায় যাইয়া দিল দরশন॥

হীরার নিকট রাজাকে বিক্রয়।

---

(১) স্বর্গাধিপতির হুঙ্কারে বড় বড় শিলা-বৃষ্টি হইতে লাগিল।
(২) মুষল। (৩) থুইব = রাখিব। (৪) দেহের।
(৫) দামরা = বাদ্যযন্ত্র-বিশেষ।

লকড়ি খুলিয়া এক ডাঙ্গ ডাঙ্গাইল।
শব্দ হইল নটীর পুরী বার্ত্তা জানাইল॥
বান্দী বান্দী বলিয়া ডাকাইবার লাগিল।
কোটেকার (১) মহারাজা চলিয়া আসিল॥
তাহাকে আন তুমি চাম্বর হাকাইয়া (২)।
এই কথা শুনিঞা বান্দী না থাকিল রৈয়া।
হাড়ির সাক্ষাত গেল চলিয়া॥
কেনে কেনে গুরুধন এত দূর গমন।
সিংহাসন থাকিতে কেন মৃত্তিকায় শয়ন॥
বাসা খোড়া নাই আমার ঝোলার ভিতর।
একনা চেলা আছে ঝোলাঙ্গার ভিতর॥
বার কড়া কড়ি থাকিয়া (৩) বান্ধা থুইবার চাই।
বার কড়া কড়ি পাইলে গাঁজা কিনিয়া খাই॥
বান্ধা নাকি নিবে তোমার হীরে নটী মাই।
দেখোঁ দেখোঁ কেমন চেলা দেখিবারে চাই॥
হাত কোণা ধরিয়ে বের করিল টানিয়া।
ঢল মল (৪) করিয়া রাজা উঠিল জ্বলিয়া॥
রূপ দেখিলে নয়ন ঝোরে।
এই কথা জানাইল বান্দী নটীর বরাবর।
যেমন রূপ আছে রাজার চরণর উপর।
সেমন রূপ নাই তোমার মুখর উপর॥
যে রাজা বলিয়া তর্প (৫) করএ বার বৎসর।
সেই রাজার নাগাল পাইলু দরজার উপর॥
এই কথা শুনিয়া নটী না থাকিল রৈয়া।
রাজার সাক্ষাৎ চলিল হাটিয়া॥
হাড়ি বলে শুন নটী আমার বরাবর।
ভাল চেলা বান্ধা থুই তোমার বরাবর॥
বার কড়া কড়ি থাকিয়া বান্ধা থুইবার চাই।
বার কড়া কড়ি পাইলে গাঁজা কিনিয়া খাই॥

---

(১) কোথাকার।
(২) চামর ব্যজন করিয়া।
(৩) লাগিয়া = জন্য। (৪) ঝলমল।
(৫) তপস্যা।

এই কথা শুনিয়া নটী না থাকিল রৈয়া।
বন্দরর (১) সাউদ (২) মহাজনক আনিল ডাকিয়া॥
দোয়াত খত কলম যোগাইল আনিয়া।
বার কড়া কড়ি নটী আনিল গণিয়া॥
লেখ লেখ বলিয়া হাড়ি হুকুম ভালা দিল।
সন তারিখ শ্রী কাগজত লিখিল॥
হীরা নটী নামটা কাগজত লিখিল।
ঐ বার কড়া কড়ি কাগজত লিখিল॥
ধর্ম্মর নামটা কাগজত লিখিল।
ঐ কলম ফেলাইয়া দিল হাড়ির বরাবর।
যেন মতে হাড়ি সিদ্ধা হস্তত কলম পাইল।
রাম রাম করিয়া দস্তখত করিয়া দিল॥
বার কড়া কড়ি গণিয়া হাড়ির হস্তত দিল।
ঐ দিন হইতে ধর্ম্মী রাজা বন্ধন পড়িল॥
ঐ খত তুলিয়া নটীর হস্তত দিল।
কাম ক্রোধ মণি (৩) ভিড়িয়া বান্ধিল॥
না রাণ্ডী না পুরুষ রাজাক করিল॥ (৪)
যেন মতে হীরা নটী বেনা মুখ (৫) হইল।
ঐ বার কড়া কড়ি মৃত্তিকায় গাড়িল॥
যেন মতে ধর্ম্মী রাজা বেনা মুখ হইল।
সোণালো কুমড়া হইয়ে পাতাল ভেজিল॥
চৌদ্দ তাল জলর ভিতর যোগ আসন ধরিল।
বার বৎসর থাকিল হাড়ি ধ্যান ধরিয়া।
যেন মতে ধর্ম্মী রাজা ফিরিয়া দেখিল।
গুরুক না দেখিয়া রাজা কান্দিবার লাগিল॥
নটী বলে রাজার বেটা কান্দ কি কারণ।
তোমার বাদে তপ করি এ বার বৎসর।
কোনটি গেল বান্দী আগেয়া পাণ খাব।
ধর্ম্মী রাজাক আন সিনান করাইয়া।
যেটে (৬) যে শোভা পায় আন রাজাক পরাইয়া॥

---

(১) বন্দরর = বাণিজ্য-স্থানের = প্রধান বাজারের।
(২) সাধু। (৩) মুনি = হাড়ি-গুরু।
(৪) রাজাকে স্ত্রী এবং পুরুষ চিহ্ন রহিত করিল।
(৫) বিষণ্ণ মুখ। (৬) যে স্থানে।

ছিনান করাইয়া আনিল ধরিয়া।
বিছান (১) করিতে নটী ভাল জানে।
সাটীর উপর পাটী বিছায় এক বুক উছল। (২)
তার উপর ফেলাইয়া দিল ইন্দ্র কম্বল॥
লং জায়ফল কর্পূর রাখিল ঠাঁঞি ঠাঁঞি।
দীপ ফেলাইবে রাজা লেখা যোখা নাই॥
যেন ধর্ম্মী রাজা দুয়ারত পাও দিল।
কোলাত করিয়া রাজাক বিছানায় বসাইল॥
পাণর বাটা দিল হাজির করিয়া।
পাণ খিলি খাও হে রাজা গুয়া খানি খাও।
এ অভাগিনী নটী আমি মাথা তুলিয়া চাও॥
লং জায়ফল কর্পূর দেখিয়া মনে হৈল খুসী।
একৈক বেলা (৩) তুলিয়া দিল খিলি চারি পাঁচি॥
এক ঠাসন দুই ঠাসন তিন ঠাসন দিল। (৪)
মাও যে করিছে বাধা মনত পড়িল॥
পরদেশ যাইয়া যাদু পরাও বহির্ব্বাস।
আগত খাইবে গিরিলোক পশ্চাৎ তল্লাস॥ (৫)
অতিথ বৈষ্ণব দেখিয়া না করিও হেলা।
গড় হয়ে পরণাম জানান যার গলত (৬) মালা॥
ফুল গোটেক দেখিয়া ফুল না পাড়িবু।
পাখী গোটেক দেখিয়া ডিমা (৭) না মারিবু॥
পরার স্ত্রী দেখিয়া হাস্য না করিবু॥
সরিষাতে সরু দুবলাতে হীন।
তখনে পাবু পরদেশর চিন॥
মাএর কথা যেন রাজার মনত পড়িল।
রাম রাম বলিয়া পাণর খিলি ঢালিয়া ফেলাইল॥
ঐটে হইতে নটীর মন খাপা হইয়ে গেল॥
কেনে কেনে পাণ না খাও রাজ-রাজেশ্বর।
তোর গুণে তপ করি এ বার বৎসর॥

---

(১) বিছানা। (২) বক্ষ-পরিমাণ উচ্চ।
(৩) বেলা = বারে। (৪) তিনবার চর্ব্বণ করিল।
(৫) আগে গৃহস্থ খাইবে, তৎপর নিজের খাওয়ার চেষ্টা করিবে।
(৬) কণ্ঠদেশে। (৭) ডিম্ব।

আপনা হইতে লইল পাঁচটা খিলি হস্তত করিয়া।
ধার্ম্মিক রাজার মুখত দিল তুলিয়া॥
থু থু করিয়া পাণর খিলি ফেলাইল ঢালিয়া॥
যেত্‌কে ধর্ম্মী রাজা সইরে সইরে (১) বৈসে।
তেত্‌কে (২) হীরা নটী গাও ঘিসিয়া বৈসে॥
সার চন্দন রক্ত চন্দন রাজাক ছিটিবার লাগিল।
মা মা করিয়া রাজা নটীক ডাকিবার লাগিল॥
যোয়ায় না যোয়ায় না (৩) রাজা মাও বলিবার।
রাজার হস্ত তুলিয়া নটী হৃদয়ত তুলিয়া দিল।
মা মা বলিয়া রাজা দুগ্ধ খাবার গেল॥
একবার দুইবার রাজা গোস্সা (৪) নাগাল পাইল।
গোটা চারিক নটীর বাখান বলিবার লাগিল॥

* * * *

চারি পহর গেল নটী বছাল করিয়া।
তাহাতেও ডাকায় ধর্ম্মী রাজা নটীক মাও বলিয়া॥
একবার দুইবার নটী গোস্সা নাগাইল।
পালঙ্গ হইতে ধর্ম্মী রাজাক গুড়াইয়া ফেলাইল॥
বান্দী বান্দী বলিয়া নটী ডাকিবার নাগিল।
ঘারত হস্ত দিয়া রাজাক বাহের করিয়া দিল॥

রাজার প্রতি শাস্তির ব্যবস্থা।

নটীর পরিধান হইল আগুন পাটর সাড়ী।
ধর্ম্মী রাজার পরিধান হইল বার গাটিয়া ধড়ি (৫)॥
আকারি (৬) ধানর চাউল দিলে বিচিয়া বার্ত্তকী (৭)
বিচিয়া বার্ত্তকী দিলে পুড়িয়া খাইবার খানা।
একেত নিদারুণ নটী লবণ তৈল মানা॥
মাঘ মাসিয়া জাড়ে দিলা বুড়া (৮) একখান সাড়ী।
থাকিবার ঘর দিলা ছাগলর খুপুড়ী॥
সিকিয়া বাকুয়া (৯) দিলা দুইটা জলর হাঁড়ী।
দিনটাত ওজন করিলে বার ভার পানী॥

---

(১) সরিয়া সরিয়া, একটু তফাৎ হইয়া।
(২) সেই সেই সময়। (৩) যোগ্য হয় না, উচিত নয়।
(৪) ক্রোধ। (৫) বার গাঁইট্‌ যুক্ত দড়ি। (৬) অছাটা।
(৭) বীজপূর্ণ বার্ত্তাকু, বিচিযুক্ত বেগুণ। (৮) পুরাতন।
(৯) সিকে এবং বাঁক=বক্র বাঁশের দণ্ড।

বার ভার পানীর মাঝল এক ভার কমি যায়।
জল ভারর বদলী সাত জন কিলায়॥ (১)
সিকিয়া বাকুয়া নিলে দুইটা জলর হাঁড়ী।
জল ভরিবার গেল করতোয়া নদী।
এক ভার দুই ভার তিন ভার ডুবাইল।
দিনটাত মহারাজ বার ভার উভাইল (২)॥
সাত ভাড়ুয়া ধল্লে রাজাক চিত্তি করিয়া।
সোণালী খড়মত নটী চরণত লাগাইয়া॥
রাজার বুকত চড়িল ঠসক মারিয়া। (৩)
ছিনান করে হীরা নটী হাসিয়া খেলিয়া॥
ছিনান করিয়া অঙ্গে হৈল জ্যোতি।
ভিজা বস্ত্র ফেলাইয়া পিন্ধে শুকনা পাটর সাড়ী
ভিজা বস্ত্র চিপিয়া দিলে ঐ রাজার মুখ খানর উপর
মুখ ধরিয়া কান্দে রাজা বেলার দুই পহর॥
ঘাড়ত হস্ত দিয়া রাজাক বাহের কৈরে দিল
আজি কালি করিয়া বার বৎসর হইল॥
সিকিয়া বাকুয়া নিলে দুইটা জলর হাঁড়ী।
জল ভরিবার গেল করতোয়া নদী॥
নদীর পাড়ে যায়া রাজা পড়িয়া গেল ধান্ধা।
অদুনা পদুনার কথা না শুনিল কাণত।
পরাণ হারাবার আইলাম বুড়া মার বচনত॥

অদুনা-পদুনার আশঙ্কা।

যেন মত ধর্ম্মী রাজা কন্যার নাম লৈল।
উয়টে (৪) হাতর পসার আউলিয়া পড়িল॥
অকারণ করিয়া কন্যা কান্দিবার লাগিল।
বার বৎসর গেল স্বামী আওনা করিয়া (৫)॥
তের বৎসর ভাল হইল আসিয়া॥

---

(১) প্রত্যহ বার ভার জল আনিতে আদেশ হইল। তন্মধ্যে এক ভার কম হইলে একাদি ক্রমে সাত জনের প্রহার সহ্য করিতে হইবে।

(২) উঠাইল।

(৩) সাত জন ভৃত্য রাজাকে চিৎ করিয়া ফেলিল। সোণালী খড়ম পরিয়া হীরা রাজার বুকের উপর সগর্ব্বে হাটিতে লাগিল।

(৪) উলটিয়া। (৫) অওনা করিয়া = আউল বাউল হইয়া।

আজি কেন হস্তর পসার পড়িল আউলিয়া।
না জানি সোয়ামী ধন গেল মরিয়া॥
দূতি গো কি মতে বাহির হমু।
দুখর কথা কাইল সকালত (১) নিরলত (২) কমু॥
বৃন্দাবনত বাজে বাঁশী।
মনে কয় শ্যামক দেখোঁ আসি॥ ধুয়া॥
দোনো বইনে রোদন করে নাট মন্দির ঘরত।
শারী শুয়া পাখী শুনিল পিঞ্জিরার মাঝাত॥
শারী উঠিয়া বলে শুয়া বড় ভাই।
মা কেন রোদন করে চল দেখবার যাই॥
জোরা জোরি করি (৩) পিঞ্জিরার খাটী (৪) ফেলিল ভাঙ্গিয়া।
ঐ দিয়া শারী শুয়া গেল উড়াও দিয়া॥
চালর খেড় নিচিয়া কন্যার বাজুত পড়ে।
কেনে কেনে মাও রোদন কর নাট মন্দির ঘরে॥
কন্যা বলে শুন বাছা পক্ষী সকল।
বার বৎসর গেল তোর বাবা রাওদা করিয়া।
তের বৎসর ভার পাইল না আইল ফিরিয়া॥
আইজ কেনে মোর হস্তর পসার পড়িল আউলিয়া।
না জানি তোর পিতা গেল মরিয়া॥
আমার দুই ভাইক দেও মা ছাড়িয়া।
কোনটে আছে আমার পিতা আসি তল্লাস করিয়া॥

শুকের দৌত্য।

জননীর চরণত পাখী পরণাম করিল।
দক্ষিণ পাটনে পাখী উড়াও দিয়া গেল॥
যাও যাও বাবা পরদেশ লাগিয়া।
কোটে (৫) আছে তোমার পিতা আইস তল্লাস করিয়া॥
জননীর চরণত পাখী পরণাম করিল।
দক্ষিণ পাটনে পাখী উড়াও দিয়া গেল॥
সাত দিন ভরি পাখী উড়িতে লাগিল।
তাতেও ধর্ম্মী রাজার লাগাল না পাইল॥
নদীর পাড়ত আছে বট আর পাইকড় (৬)॥
বটর ঠালত (৭) পাখী পইল উড়াও দিয়া।

---

(১) সকলের নিকটে। (২) গোপনে। (৩) বলপূর্ব্বক। (৪) দণ্ড।
(৫) কোথায়। (৬) পাকুর। (৭) ডালেতে।

পশ্চিম ঠাল হইতে পাখী পূর্ব্ব ঠাল যায়।
ভার ধরি ধর্ম্মী রাজা জল ভরিবার যায়॥
জলত নামিয়া দন্ত মাজিবার লাগিল।
মাথার উপর পাখী রাজার উড়িবার লাগিল॥
তোরা নাকিন হন রাজা গোপীচন (১)।
তোমার খবরত আসি ভাই দুই জন॥
হস্ত বাড়েয়া দিল।
উড়াও দিয়া পাখী দুইটা বাজুত (২) পড়িল॥
দুই নয়নে প্রেম ধারা রাজা বহিবার লাগিল।
যত দুখ্ হইয়াছে রাজার বলিবার লাগিল॥
নাকিড়ি পাকিড়ি পাত আনিলেন ছিঁড়িয়া।
দাঁত দিয়া খাগড়ার কলম মাঠাইলে (৩) বসিয়া॥
কাঞ্জি অঙ্গুলী দিয়া বাঁও উড়াত ফাড়িল (৪)।
ঐ রক্ত দিয়া লেখন লিখিবার লাগিল॥

রাজার পত্র।

যত দুখ্‌খর কথা রাজা লিখিবার লাগিল।
সুমাও (৫) হইলে নিবেন উদ্ধার করিয়া।
কুমাও হইলে থুবেন পাপত ফেলিয়া॥
এই লিখন দিস তোর বরাইর (৬) বরাবর॥
রাজার চরণত পাখী প্রণাম জানাইয়া।
ময়নার মহলত পাখী গেল উড়াও দিয়া॥
চাল ছেন্দা (৭) করিয়া লেখন দিল ফেলাইয়া।
দেখ দেখ রে বুড়া শালী তোর মুণ্ডখান পড়িয়া॥
সুমাও হইলে নিবে উদ্ধার করিয়া।
খাম খুলিয়া লেখন পড়িবার লাগিল।
অকারণ করিয়া পাখী কান্দিবার লাগিল॥
বিয়ানে গিয়াছে যাদুরে।
রবির ঝালয়ে (৮) মৈল্ল আমার বাছারে॥ ধুয়া।

---

(১) গোপীচন্দ্র। (২) বাহুতে।
(৩) কাটিলেন।
(৪) কনিষ্ঠ অঙ্গুলীর নখ দ্বারা রাজা বাম উরু চিরিলেন।
(৫) সুমাতা = ময়নামতী যদি সুমাতা হন।
(৬) বড় মাতা। (৭) ছিদ্র। (৮) জ্বালায় উত্তাপে।

ময়নামতীর উদ্যোগ।

ধ্যানত ময়না বুড়ী ধ্যান করি চায়।
চৌদ্দ তাল জলর ভিতর হাড়ির লাগাল পায়॥
স্বরূপা জ্ঞান মাইল্লে তুলিয়া।
চাক ভাঁয় হাড়ি সিদ্ধার ফেলাইল কাটিয়া॥ (১)
সরদি সাগর দিয়া যাচ্ছে ভাসিয়া॥
চুল যোড়া ধরিয়া ময়না ডাঙ্গাত উঠাইল।
বজ্জর চাপড় হাড়িক কসিয়া মারিল॥
ধ্যানত আছিল হাড়ি চমকিয়া উঠিল॥
ধ্যানত হাড়ি গুরু ধ্যান করি চায়।
ধ্যানর মাঝত ময়নার লাগাল পায়॥
যাও যাও দিদি (২) রাজাক লাগিয়া।
তোর বেটাক উদ্ধার করিলে পিছে খামু গাঁজা॥

হাড়ি সিদ্ধার প্রতি আদেশ।

যদি কালে ছাইলার জ্ঞান অল্প দেখিব।
ছাই ভস্ম করিয়া হাড়ি তোক যমঘর পাঠাব॥
যে ঘাটত রাজার বেটা জল ভরে বসিয়া।
ঐ ঘাটত হাড়ি সিদ্ধা উত্তরিল যায়া॥

হাড়ি সিদ্ধা ও রাজা।

দূর হইতে দেখিল রাজা হাড়ির চকর॥
দুইটা হাঁড়ী থুইলে দুইটা ভাঙ্গিয়া।
মাথার চুল রাজা দুই অর্দ্ধ করিল।
হাড়ির চরণত রাজা পড়িল ভজিয়া।
ঐ ধর্ম্মী রাজাক ঝোলঙ্গায় ভরিয়া।
নটীর মহলত গেল চলিয়া॥
নটীর মহলত যাইয়া হাড়ি হুঙ্কার ছাড়িল।
দুম দুম করি পুরী নড়িবার লাগিল॥
নটী বলে বান্দী বেটী কার পানে চাও।
কোনটেকার (৩) অতিথ আইছে বিদায় করি দাও॥
এই কথা শুনিয়া বান্দী আইল চলিয়া।
হাড়িক দেখিয়া বান্দী গেল ফিরিয়া॥

---

(১) হাড়ি সিদ্ধাকে চক্রাকারে (চাক চাক করিয়া) কর্ত্তন করিয়া ফেলিল।

(২) ময়নামতী এবং হাড়ি সিদ্ধা উভয়েই গোরক্ষনাথের শিষ্য।

(৩) কোথাকার।

এই কথা জানাইল নটীর বরাবর।
অতিথ নোঞা হাড়ি লঙ্কেশ্বর (১)॥
এই কথা শুনিঞা নটী কোন্ কাম করিল।
ঘরর ভিতর নটী লুকিয়া রহিল॥
নটী লুকাইয়া রইল মনে আর মনে।
হাড়ি সিদ্ধা জানিতে পাইল অন্তর ধ্যানে॥
হাতর আসা নড়ি মারিল তুলিয়া।
তোক বলোঁ আসা নড়ি (২) বাক্য মোর ধর
হাত গলত বান্ধিয়া হীরা নটীক হাজির কর॥
এক আজ্ঞা পাইলে সহস্র আজ্ঞা পাইল। (৩)
গর্জ্জিয়া হীরা নটীর মহলত সোন্দাইল॥
ঢেকাইতে ঢেকাইতে নটী বাইর কৈরে আনিল।
বার কড়া কড়ি হাড়ি তখন উঠাইল॥
বার বৎসরিয়া খত নটী আনিয়া যোগাইল।
বার কড়া কড়ি গণিয়া নটীর হাতত দিল॥
নটীর হাতর খতখান হাড়ির হাতত দিল।
রাম রাম বলিয়া খত ফাড়িয়া ফেলাইল॥
এক হাঁড়ী গঙ্গার জল হাড়ি আনিল যোগাইয়া।
সাত ভডুয়া ধরিল নটীক চিতর করিয়া॥
বাইশ মোণিয়া (৪) খড়ম রাজার চরণত লাগাইয়া।
নটীর বুকত রাজাক দিল চড়াইয়া॥
যেতকে হেলে নড়ে আর চড়ে।
বত্রিশ পাঁজর নটী ভাঙ্গি গুড়া করে॥

রাজার স্নান।

রাম রাম বলিয়া যেন জল মস্তকত ঢালি দিল।
যত কিছু পাপ গুনা দূরে চলিয়া গেল॥
ছিনান করিয়া রাজা অঙ্গত হইল জ্যোতিঃ।
ভিজা বস্ত্র ফেলায়া পিন্ধে শুক্‌না পাটর ধুতি॥
হাড়ি বোলে রাজার বেটা বাক্য মোর ধর।
বারো বৎসর তপ করে নটী মহলর ভিতর॥

---

(১) হাড়ির নাম ছিল লঙ্কেশ্বর। (২) আসা নড়ি বা আসা লাঠি অনেক প্রাচীন বঙ্গীয় প্রাচীন পুথিতে উল্লিখিত দৃষ্ট হয়।

(৩) এক আদেশ সহস্র আদেশের তুল্য। (৪) ওজনের।

কিছু বাক্য সিদ্ধ (১) কর নটীর বরাবর।
যা যা হীরা নটী তোক দিনু বর।
বগতুল পাখী (২) হইয়া থাক রাজ্যর ভিতর॥
মুনি বাক্য বৃথা না হইল।
বগতুল রূপ হইয়ে স্বর্গত উড়ে গেল॥
বাম হস্ত দিয়া নটীক ধরিল।
নটীক ধরিয়া দুই খান করিল॥
আগধড় (৩) দিলে স্বর্গত উড়াইয়া।
পাছধড় দিল দরিয়াত ফেলাইয়া॥
দরিয়াত পড়িয়া নটী দোহাই ফিরাইল।
যা যা নটী তোক দিনু বর।
চেকা মাছ (৪) হইয়া থাক জলর ভিতর॥
যা যা চাপাই (৫) বান্দী তোক দিনু বর।
বেশ্যা হইয়া থাক রাজ্যর ভিতর॥
যুয়ান কালত খাও কামাই করিয়া।
শেষ কালত ধরেক পাইক ভাতার।
হুলিয়া গুতিয়া ভাঙ্গিবে তোর বত্রিশ পাঁজর॥
যা যা হীরা (৬) ধন কড়ি তোক দিনু বর।
খোলা হাঁটী হইয়া থাক খোলাহাঁটী সহর॥
হীরার বাড়ী ঘর লণ্ড ভণ্ড করিয়া।
জ্ঞান শিখিবার রাজাক লই গেল ধরিয়া॥
তোক বলোঁ রাজার বেটা বাক্য মোর ধর।
কিছু ভিক্ষা করি আন বন্দরর ভিতর॥
শিষ্য গুরু রান্ধি খাই পরদা সহর॥
হামিত রাজার বেটা নামে ব্রহ্মচারী।
কেমন কৈরে ভিক্ষা করে নির্ণয় না জানি॥

রাজার ভিক্ষায় গমন।

গোটা চারিক কথা যখন রাজাক শিখাইল
হাতে পাত্র নিয়া গমন করিল॥
হাড়ী বলে জয়রে বিধি মোর কর্ম্মর ফল।
মোর ঘরর চেলা কোনা সর্ব্বাঙ্গ সুন্দর॥

---

(১) শিক্ষা।
(২) বুলবুল পাখী।
(৩) দেহের পূর্ব্বার্দ্ধ খণ্ড।
(৪) চাঁদা মাছ।
(৫) চাঁপা।
(৬) হীরার।

গিরির ঘরর বউ বেটীক করিবে পাগল।
নেঙ্গড়ী কোটওয়াল হইল মূরত বদলাইয়া। (১)
ঘর ঘর হুড়কা আসিল লাগাইয়া॥
হাপান ঝাপান হিলাল কুকুর।
ভিক শিক না পাইয়া যাবে হাড়ির হুজুর॥
ভিক্ষা বলিয়া রাজা গমন করিল।
তুড়ু তুড়ু করি হাড়ি হুঙ্কার ছাড়িল॥
স্বর্গ হইতে পাঁচ কন্যা হুঙ্কারে নামাইল।
পাঁচ থাল অন্ন আনিয়া যোগাইল।
আপনা অংশর অন্ন খাইল॥
রাজার ভাগর অন্ন যতনে রাখিল।
আড়াই পুটি জ্ঞান অন্নত ছাড়ি দিল॥
থুক সাঙ্গার (২) অন্নক থুইল মাখিয়া;
মোড়া মিসরি রস দিয়া থুইল মাখিয়া॥
সাইল কেল্লা চুরা থুইল ঢাকিয়া।
ভিক্ষা রূপ ধর্ম্মী রাজা বেড়ায় চেঁচাইয়া॥
হাপরে ভাপরে রাজাক হিলায় (৩) কুকুর।
ভিক শিক না পাইয়া গেল হাড়ির হুজুর॥
গুরু ধন তোর দেশর লোক দেখিনু নিদয় নিঠুর।
ভিক শিক না দেয় হিলায় কুকুর॥
নাই পাইস নাই পাইস ভিক্ষা বেটা মোর সেবা নাই লয়া।
একনা সতীর নাগাল পানু পন্থে বসিয়া॥
তাঁর গুটিক অন্ন দিয়া গেইল আসিয়া।
আপনকার অংশর অন্ন খাইল বসিয়া॥
তোর ভাগর অন্ন থুচি যতনে করিয়া।
ঢুলিতে পড়িতে রাজা অন্নর কাছত গেল।
অন্ন দেখিয়া কপালত চড় দিল॥
এমন অন্ন না খায় আমার কুত্তা সকল
সেই অন্নর নাগাল পানু রাজরাজেশ্বর॥
রাজার অন্ন-আহার।
তুড়ু তুড়ু করিয়া হাড়ি হুঙ্কার ছাড়িল।
বার বৎসরর খিদা শরীরত লাগাইল॥

(১) রাজা সুন্দর, পাছে গৃহস্থের বউ ঝি মুগ্ধ হয়, এজন্য তাঁহাকে খোঁড়া কোটালের মূর্ত্তি দেওয়া হইল।

(২) থুথু ও শ্লেষ্মা (?) মিশ্রিত। (৩) লেলিয়া দিল।

ছি ছি খিন খিন করিয়া এক গ্রাস খাইল।
অমৃত মিঠা রাজা মুখত লাগিল॥
ফির একনা গাসর বেলা হাত কোনা ধরিল॥
কাড়াকাড়ি করিয়া আড়াই গাস খাইল।
আড়াই পুটী জ্ঞান তখনই শিখিল॥ জ্ঞান-লাভ।

জ্ঞানে ধ্যানত বান্ধি দিল চূড়া।
গোদা-যমক করিয়া দিল খোঁড়া॥ (১)

তুড়ু তুড়ু করিয়া হাড়ি হুঙ্কার ছাড়িল। গৃহের স্মৃতি।
বাড়ীর কথাবার্ত্তা রাজার মনত পড়িল॥
বিদায় দেও বিদায় দেও গুরু ধরমত তরি।
আলক রথে দেখি আসি ঘর ছিরি বাড়ী॥
হাতর আস (২) তুলিয়া দিল রাজার হাতর উপর।
হাড়ির চরণত রাজা পরণাম জানাইল।
আশী মোণি (৩) আসা লইল ঘারত করিয়া।
রাস্তা দিয়া চলিয়া যায় রাজা ভুলালিয়া॥
হাড়ি সিদ্ধা হাসে খল খল করিয়া॥

অক (৪) ছাড়িয়া রাজা নিজায় (৫) গমন। গৃহে গমন।
আপনকার মহলত গিয়া গেল চলিয়া।
তুড়ু তুড়ু করিয়া রাজা সিংনাদ বাজায় (৬)।
নিদ্রীত আছিল কন্যা চেত হয়া যায়॥
বিন খড়ী দাম্বা ঘড়ী বাজিবার লাগিল। (৭)
বিন আগুন দুগ্ধ চাউল উথলিয়া পড়িল॥
হাটি হাটি প্রদীপ জ্বলিবার লাগিল।
চৌদ্দখান মধুকর (৮) ভাসিয়া উঠিল॥
শ্রীবৃন্দাবন রাজা মুখ লস হইল।
গর্ভবতী নারী সব প্রসব করিল॥
অতিথ আইল রে।
আমার দরজার মাঝারে॥

---

(১) রাজার খঞ্জত্ব দূর করিয়া সেই খঞ্জত্ব গোদা-যমকে দিল।
(২) আসা নড়ি। (৩) আসা নড়ির ওজন আশী মণ।
(৪) এই স্থান। (৫) নিজালয়।
(৬) শিঙ্গাতে ফুৎকার দেয়। (৭) কাটির আঘাত ব্যতীত অমনি সদর দরজার বৃহৎ ঘণ্টা বাজিতে লাগিল। (৮) ডিঙ্গা।

কোন্‌টে গেল বান্দী আগেয়া পাণ খামু।
কোন্‌টেকার অতিথ আইছে বিদায় করি দিমু॥
ভিক্ষা নিলে বান্দী সাজান করিয়া।
ভিক্ষা নেও অতিথ গোঁসাঞি।
গিরির ঘরর বান্দী ফিরিয়া ঘরত যাই॥
দক্ষিণ ভাগিয়া অতিথ হামি নাম ব্রহ্মচারী।
বান্দী ছারর হাতত ভিক্ষা লইতে না পারি॥
যদি ভিক্ষা দেয় তবে সাইবানী (১) সকল।
তবে ভিক্ষা লইতে পারি অতিথর কুমর॥
থাক থাক অতিথ ছেছড়া (২) বঠিয়া (৩)।
কতক্ষণ না পাও ভিক্ষা ফেউ ফেউ করিয়া॥
কান্দিয়া গেল বান্দী কন্যার বরাবর।
দক্ষিণ ভাগিয়া অতিথ হামরা নাম ব্রহ্মচারী।
বান্দীর হাতর ভিক্ষা হামরা লইতে না পারি॥
যদি ভিক্ষা দেন তোমার সাইবানী সকল।
যেন মতে কন্যা দুইটা সম্বাদ শুনিল।
ভিক্ষা ধরি কন্যা দুইটা খাড়া হইয়া রহিল॥
বিন ছোড়ানি (৪) ধর্ম্মর কপাট আপনে খসিল।
ভিক্ষা ধরি অদুনা পদুনা বাহির হইয়া আইল॥
ভিক্ষা নেও ভিক্ষা নেও অতিথ গোঁসাঞি।
গিরির ঘরর বউ বেটী ফিরিয়া ঘরত যাই॥
পূরব ভাগিয়া অতিথ হামি নাম ব্রহ্মচারী।
স্ত্রীলোকর ভিক্ষা হামি লইতে না পারি॥
যদি ভিক্ষা দেয় তোমার মাথার ছতর (৫)।
তবে ভিক্ষা লইতে পারি অতিথর কুমর॥
ঠাঁরেয়া ঠাঁরেয়া (৬) স্ত্রী আঙ্গুল দেখাইল।
স্ত্রীর আঙ্গুল (৭) দেখি তোমার হস্তর উপর।
তোমরা হন আমার মাথার ছতর॥
তোরা অতিথ হামি অতিথ এক গুরুর শিষ।

---

(১) সাহেবানী = রাণী। (২) উঞ্ছবৃত্তির লোক। (৩) বসিয়া।
(৪) বিনা চাবিতে। (৫) মাথার ছত্র = তোমার স্বামী।
(৬) ইঙ্গিত করিয়া। (৭) আঙ্গুল অর্থে এখানে আংঠি।
বিদেশ-গমনকালে অদুনা ও পদুনা স্ব স্ব অঙ্গুরীয় রাজাকে দিয়াছিলেন।

সন্ধ্যা কালত এক বাড়ীত উতরিনু যায়া।
ঠাকরি (১) কালাইর ডাইল দিল বিয়রি (২) ধানর চাইল ॥
তাহাকে খাইল হা হুতাশী হইয়া।
ভেদ বমি হইয়া সে গেল মরিয়া ॥
কাঁহো পাইলা ডাঙ্গ মাইল্ল কাঁহো গোপাল ডাঙ্গ।
ভাগত থাকিয়া আঙ্গটি যোড়া মোক কল্যে দান ॥
কানটি গেল বান্দী আগেয়া পাণ খাও।
হস্তীর দারুকা (৩) কাটিয়া দেও ॥
মোর সোয়ামী নিবে চিন করিয়া।
বিদেশী অতিথ হইলে ফেলাবে মারিয়া ॥

হস্তীর দারুকা দিলে কাটিয়া। — হস্তীর দ্বারা পরীক্ষা ॥
দূর হইতে আইসে হস্তী আইল চড়িয়া ॥
দূর হইতে রাজাক পরণাম করিল।
শুঁড় দিয়া ধরিয়া রাজাক কান্ধত চড়াইল ॥
এক ঘড়ি থাকিলে হস্তী ধৈর্য্য ধরিয়া।
যাবৎ না আইসে কন্যা ছলনা করিয়া ॥
হস্তীর পীঠি হইতে রাজা মৃত্তিকায় নামিল।
হস্ত ধরি কন্যা দুইটা রাজাক মন্দিরত লইয়া গেল ॥
হাসিয়া খেলিয়া কন্যা চিনা পুছা (৪) দিল ॥
কেমন গুরু তোক জ্ঞান দিল শরীরর ভিতর।
কেমন করি যাও তোর মায়র বরাবর ॥

সোণালী ভোমরা হইল কায়া বদলিয়া। — রাজাকে গ্রহণ।
ময়নার মহলে গেল চলিয়া ॥
ময়নার বাঙ্গলায় যায়া হুস্কার ছাড়ল।
ময়নামতী চোরখা (৫) শূন্যে উড়াইয়া দিল ॥
ঐত ময়না অজ বড় নাটক (৬)।
চটকিয়া (৭) ধরিল চড়কার ছতর ॥

আয় আয় বাছা মোর দুঃখিনীর দুলালিয়া। — ময়নামতীর মন্দিরে।
মাথার কেশ রাজার দুই অর্দ্ধ করিয়া ॥
জননীর চরণে রাজা পৈল ভজিয়া।
মধু নাপিতক আনিল ডাকিয়া ॥

---

(১) ঠিকরে। (২) বিরণ বা বিন্নী। (৩) দড়ি, শৃঙ্খল। (৪) চেনা পরিচয়।
(৫) চরকা। (৬) নাটাই। (৭) চটক পক্ষী হইয়া।

রাজা কিরাসুদ (১) করিবার লাগিল।
বামনে আসিয়া নৈবেদ ভালা দিল॥
সঙ্কীর্ত্তন রাজা করিবার লাগিল।
সাত গোলা ধান খয়রাত করিল॥
গাভীর নেঙ্গুল ধরিয়া বৈতরণী হইল পার।
রাজার পিতা মাতা বৈকুণ্ঠে হইল পার॥
পঞ্চ লোটা জলে ময়না ছিনান করিয়া।
হাসিয়ালী ঘরত (২) সোন্দাইল লহর (৩) দিয়া॥
এক ভাত পঞ্চাশ ব্যঞ্জন রন্ধন করিয়া।
তিন থাল লইল অম্বলে মাজিয়া॥
হাড়ির লাগিয়া ময়না হুঙ্কার ছাড়িল।
তখনি হাড়ি আসিয়া খাড়া হইল॥
প্রথম থাল অন্ন দিল হাড়ির বরাবর।
ফির থাল অন্ন নিলে ময়না সুন্দর॥
ফির থাল অন্ন দিলে রাজার বরাবর॥
হাত মুখত জল দিয়া কোন কাম করিল।
শ্রীকৃষ্ণ বলিয়া অন্ন মুখত তুলি দিল॥
এক গাস দুই গাস পঞ্চ গাস খাইল॥
অন্ন জল খাইয়া তুষ্ট হইল মন।
ঝিঙ্গার ঝারির জলে করিল আচমন॥
বাঁও ঠেঙ্গ তুলিয়া রাজার মস্তকে দিল।
কৈলাসর হাড়ি কৈলাসত চলি গেল॥
রাজার পাট লইল পুষ্কর করিয়া।
হনুমান দণ্ড ছত্র বেড়াইম সাজিয়া॥
পাট হস্তী আইল সাজিয়া॥
রাজা কি পোষাক পরিবার লাগিল।
শুঁড় দিয়া ধরিয়া রাজাক কান্ধত চড়াইল॥
বাইজ (৪) বাজনায় পাটত লইয়া গেল।
রাজার পাটত পরণাম করিল॥
শুঁড় দিয়া ধরি রাজাক পাটত বসাইল।
দেড় বুড়ি কড়ি খাজনা সাধিবার লাগিল॥
রাজার রাজ্যত সুখময় হইল॥

---

(১) কিরসাদ=ক্ষৌরি। (২) হেঁসেলে। (৩) দৌড়। (৪) বাদ্য।

ময়ূরভঞ্জ হইতে প্রাপ্ত

গোবিন্দচন্দ্রের গীত।

পালবংশের গৌরবের অবসানে তাঁহাদের কীর্ত্তিগায়ক যোগি-জাতি ভারতবর্ষের নানা দেশে যাইয়া বাস করেন। বঙ্গীয় যোগি-জাতির এক শাখা ময়ূরভঞ্জে বাস করিতেছেন। তাঁহারা এখনও বঙ্গীয় পাল-নরপতিগণের গান গাইয়া থাকেন। তাঁহাদের নিকট প্রাপ্ত ২০০ বৎসরের একখানি প্রাচীন পুঁথি হইতে এই গীতাংশ উদ্ধৃত করা হইল।

বংশাবলী।

সুরচন্দ্র বোলি করি বঙ্গদেশে রায়।
তারাচন্দ্র নামে হেলা তাহার তনয়॥
ইহার নন্দন শুন ব্রহ্মাচন্দ্র রায়।
গোপীচন্দ্র নামে হেলা ইহারো তনয়॥
মেহচন্দ্র নাম পুনি ইহারো কুমারো।
বিষ্ণুচন্দ্র নামে পুত্র হইলা তাহারো॥
বিষ্ণুচন্দ্র নন্দন হইলা রূপচন্দ্র।
ততহু উৎপত্তি হোএ গোবিন্দ যে চন্দ্র॥ (১)

রাজার সমৃদ্ধি।

মহা প্রতাপী রাজা বলে বলিয়ারো।
তিনি কোশ আয়তন কটক ইহারো॥ (২)
তিনি পুর বান্ধুলা সে পাথর পাচে চিরি।
তিনি তাল গম্ভীর বিশাল খনা খুলি॥ (৩)
জগতী অটালি সেঢ় মণ্ডপ নবর।
উপরেণ খোয়া ঢালি ভিতরে হিঙ্গুড়॥
চন্দ্রশালাপুর গঙ্গামন্দির উপমা।
অষ্ট রত্তন মিশাই গড়িলা বিশ্বকর্ম্মা॥

---

(১) এই বংশাবলীর সঙ্গে বাঙ্গলাদেশে প্রচলিত গোবিন্দচন্দ্রের গানে প্রদত্ত বংশাবলীর ঐক্য নাই।

দেখিতে সুন্দর তায় নানারূপে নিরমায়
শিল্পিগণ লয়া সাবহিতে॥
দেউলের চারি দ্বার রূপে খণ্ডে অন্ধকার
কনক কপাট চারি দ্বারে।
তাথে দিল বহু ধন যেন সূর্য্য-কিরণ
সন্তোষ করিতে অম্বিকারে॥
দেউলের মধ্য ভাগে নানা বর্ণে শিলা লাগে
প্রতিমা স্থাপিতে বেদী কৈল।
তাহার সমুখে কৈল মণ্ডলের বেদী হৈল
বহুধন তাথে লাগাইল॥
পাষাণে নির্ম্মায় ঘর এক শত মনোহর
দেউলের পশ্চিম ভাগেতে।
তাহাতে সুসজ্জ কৈল নানারূপে নির্ম্মাইল
রচনা বান্ধিতে বিধিমতে॥
দেউলের পূর্ব্বে কৈল হোমশালা নির্ম্মাইল
নানা রত্নে বিচিত্র নির্ম্মাণ।
বিধিমতে মুণ্ড করে সূত্র ধরি মধ্য ঘরে
বিশ্বকর্ম্মা হয়া সাবধান॥
দক্ষিণেত দিল মন সঙ্গে লয়া শিল্পিগণ
নাট-শালা করয়ে নির্ম্মাণ।
পাথরে করিল ঘর দেখি তাহা মনোহর
শিরে ধরি অম্বিকা-চরণ॥
বসিতে সর্ব্বজন কৈল দিব্য ভবন
নানা বর্ণে পাথরে নির্ম্মিল।

Plate II.

বলরাম।

Plate III.

তাতে লাগে বহুধন ঝলমল অনুক্ষণ
বহুবিধি সুসজ্জ করিল ॥
অগ্নিকোণে বাস্তবর দেখি অতি মনোহর
উচ্চ কৈল যোজন-প্রমাণ।
আর যত ভবন রহিতে অতিথিগণ
গড়ে বিশা করিয়া যতন ॥
দেউলের উত্তর দ্বারে দিব্য ভোগশালা করে
নানা ধনে দেখিতে সুন্দর।
সেহিত ভবন মাঝে ফটিকের স্তম্ভ সাজে
দ্বারেত কপাট মনোহর ॥
বিশ্বকর্ম্মা দিয়া মন সহস্রেক ভবন
যত্নে কৈল দুর্গার পুরীতে।
পাষাণে বেড়িল পুরী শত হাত উচ্চ করি
চারি দ্বারে কপাট শিলাতে ॥
পুরী মধ্যে সরোবরে বিশাই নির্ম্মাণ করে
দীর্ঘ প্রস্থ প্রমাণ বিশাল।
পাথরে বান্ধিল ঘাট আর যত নাছবাট (১)
তাতে তোয় ফটিক আকার ॥
জলেত পঙ্কজ শোভে অলি ভ্রমে মধুলোভে
তীরে তরু দেখিতে সুন্দর।
পুষ্পের উদ্যান করে দেখি অতি মনোহরে
সৌরভ ধাইছে দিগন্তর ॥
আনন্দিতে বিশ্বকর্ম্ম পুরে করে নানা কর্ম্ম
অভয়ার মনোরথ কাযে।
প্রতিমা আনিয়া যবে দেউল (২) স্থাপিল তবে
কৈলাস-সমান পুরী সাজে ॥
চড়খাবাড়ীতে ঘর যদুনাথ বংশধর
নাম দ্বিজ কমললোচন।
চণ্ডিকা-বিজয় গীত জগজন মনোহিত
শিরে ধরি শ্রীনাথ-চরণ ॥

---

(১) নৃত্য-শালা।
(২) দেউলে = দেবালয়ে।

হরিরাম।

দ্বিজ হরিরাম-কৃত চণ্ডীমঙ্গলের যে পুথি হইতে নিম্নের অংশগুলি উদ্ধৃত হইল, তাহা শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু প্রাচ্যবিদ্যা-মহার্ণব মহাশয়ের পুস্তকাগারে আছে। তাহার নকলের তারিখ ১০৮০ বাং সন। আমাদের বিশ্বাস দ্বিজ হরিরাম, কবিকঙ্কণের পূর্ব্ববর্ত্তী কবি। কবিকঙ্কণের কবিত্ব যে সকল উপাদানে পুষ্ট হইয়াছিল, সেই সকল উপাদান অপেক্ষাকৃত অমার্জ্জিতভাবে মাধবাচার্য্য ও হরিরামের কাব্যে দৃষ্ট হয়।

গো-সাপ-রূপিণী চণ্ডী পরমা রূপবতী রমণীর বেশ পরিগ্রহ করিয়া ফুল্লরাকে দর্শন দিয়া তাহার গৃহে থাকিবার সঙ্কল্প জ্ঞাপন করিলে সন্দেহ-বাণবিদ্ধা ফুল্লরা স্বীয় স্বামীকে ভৎ র্সনা করিতেছেন।

ব্যাধ-ভবনে চণ্ডী।

চণ্ডিকার এত বাণী শুনি ব্যাধ-নিতম্বিনী
যায় রামা আকুল কুন্তলে।
বিগলিত হয় বাস ঘন বহে নিশ্বাস
পতির সমীপে রামা চলে॥
গোলা হাটে প্রবেশে ফুল্লরা।
ক্রোধে কম্পবান কায় ঊর্দ্ধমুখ করি যায়
যথা বীর করয়ে পসরা॥
প্রণমিঞা মহাবীরে ফুল্লরা কাকুতি করে
শুন নাথ মোর নিবেদন।
দ্বাদশ বৎসর কালে আইলাঙ তোমার ঘরে
নাঞি কভু দেখিএ এমন॥
শুন হে পরাণনাথ মাংস বেচ্যা খাই ভাত
রাত্রি দিবা উদরের চিন্তা।
নহ কিছু ধনবান্ দেখি না গবালি (১) থান
হরিয়া আনিলে কার কান্তা॥
সীতা হরে দশশির মাল্য (২) তারে রঘুবীর
শচী হর্যে ছিল শুম্ভরায়।
পৃথিবী না সহে ভার বংশনাশ হৈল তার
হেন বুঝি মরিবার উপায়॥

(১) গবালি = গোয়ালি = গোয়াল ঘর।

(২) মারিল।

শীঘ্র নাথ চল ঘরে বিদায় করহ তারে
পাছে শুনে কলিঙ্গ-ভূপতি।
তোমারে করিবে নষ্ট আমারে দিবেক কষ্ট
মোর বাক্যে কর অবগতি॥
ফুল্লরা এতেক বলে মহাবীর কোপে জ্বলে
শুনলো অভাগী মোর কথা।
জন্ম মোর নীচ কুলে নাঞি জানি কুন (১) কালে
তোমা বিনে অন্য বনিতা॥

কালকেতুর উত্তর ও কুটীরে গমন।

পসরা চুপড়ি মাথে ফুল্লরা চলিল সাথে
কুঁড়্যার দুয়ারে উপনীত।
পূর্ণিমাতে যেন শশী ধ্বংস করে তমোরাশি
ঘোর ঘনে যেমত তড়িত॥
বিরিঞ্চি নারদ অজে ধ্যান গম্যে যারে ভজে
হেন জন বীরের ভবনে।

দেবীকে দর্শন।

গলে দিয়া জীর্ণচীর (২) প্রণমিল মহাবীর
দ্বিজ হরিরাম ইহা ভণে॥

যোড়করে মহাবীর করে কাকুবাণী।
কোথা হৈতে আগমন কহ ঠাকুরাণী॥
কাহার নন্দিনী তুমি কাহার বনিতা।
সত্য করি কহ মোরে পরিচয়-কথা॥
আমি ব্যাধ নীচ জাতি সদা ম্লেচ্ছ-কায।
আমার কুটীরে আল্যে কিবা অভিপ্রায়॥
উত্তম বংশেতে জন্ম হেন মনে লয়।
ব্যাধের ভবনে মাতা উচিত না হয়॥
নিজ পরিচয় বল কোথা তোমার ঘর।
তোমারে রাখিতে যাব লৈয়া ধনুঃশর॥
মহাবীর যত বলে চণ্ডী নাঞি শুনে।
মৌন হইয়া রহিলেন ব্যাধের সদনে॥
কালকেতু মনে ভাবে কি করি উপায়।
কেমন প্রকারে এই পালাইয়া যায়॥

কালকেতুর বিনয়।

(১) কোন।
(২) গলবস্ত্র হইয়া।

কালকেতুর ক্রোধ।

যুক্তি করি মহাবীর লয় ধনুঃশর।
বাণ যুড়ি বলে রামা পালায় সত্বর॥
নহিলে বিন্দিমু (১) আজি ঠেকিলে বিপাকে।
এত বলি মহাবীর টানিল ধনুকে॥
আকর্ণ পূরিল বাণ না ছুটিয়া যায়।
চিত্রের পুতলী হৈল মহাবীর-কায়॥
মুখে না নিঃসরে বাণী রহিল চাহিয়া।
নিঃশব্দ ফুল্লরা হৈল পতিরে দেখিয়া॥
মহাবীরে দেখি চণ্ডী মুচকি হাসিয়া।
কহিতে লাগিলা মাতা কপট ছাড়িয়া॥
শুন বাছা কালকেতু ফুল্লরা ব্যাধিনী।
ধনুঃশর ফেল বাপু কহি হিত বাণী॥
ধনুক ফেলিতে নারে ব্যাধের নন্দন।
মুখে না নিঃসরে বাণী সজল নয়ন॥

দেবীর দয়া।

ব্যাধেরে দেখিঞা চণ্ডী হৈলা দয়াবান্।
হাতে হৈতে কাড়িয়া লইয়া ধনুখান॥
চেতন করায়্যা তারে বৈল মহামায়া।
আস্ত বাপু কালকেতু তোরে করি দয়া॥
মঙ্গলচণ্ডিকা আমি শুন কালকেতু।
আল্যাঙ (২) তোমার ঘরে দুঃখনাশ হেতু॥
শতেক রাজার ধন করি সমর্পণ।
নগর বসায় বীর কাটায়্যা গহন॥
কালকেতু বলে মাতা করি নিবেদন।
তুমি দুর্গা বলি মোর না প্রত্যয় মন॥
ধনুস্তম্ভ (৩) জান কিবা গেছিল্যা কামাখ্যা (৪)।
অথবা গারুড়ি (৫) মন্ত্র কোথা কৈলে শিক্ষা॥
নিজ মূর্ত্তি ধর যদি তবে মনে লয়।
যেই রূপে আশ্বিনে লোক করে মৃণ্ময়॥

---

(১) বিন্ধিব। (২) আসিলাম।

(৩) যে বিদ্যা দ্বারা ধনুঃ স্তম্ভিত করা যায়।

(৪) কামাখ্যা তন্ত্র-বিদ্যার একটি প্রধান কেন্দ্র; সাধারণের এই বিশ্বাস যে কামাখ্যা গেলে লোকে নানা তন্ত্র মন্ত্র শিখিয়া আসে।

(৫) যে মন্ত্র দ্বারা সর্প (এখানে বাণ) বশীভূত করা যায়।

চণ্ডিকা বলেন বাপু নারিবে রহিতে।
নিজ মূর্ত্তি ধরি যদি তোমার সাক্ষাতে॥
অকপটে বর যদি দিবে গো অভয়া।
দেখিব তোমার মূর্ত্তি নয়ন ভরিয়া॥
মহাবীরের কথা শুনি হাসেন চণ্ডিকা।
ত্রিপুর-সুন্দরী মূর্ত্তি ধরেন অম্বিকা॥
অবিরত যেই পদ ধ্যায়ে যোগিবৃন্দে।
হরিরাম ভণে ব্যাধ দেখএ সানন্দে॥

ভগবতীরূপিণী।

ভকত বৎসলা দুর্গা ভকত লাগিয়া।
দশভুজারূপ হৈলা বীরে করি দয়া॥
ভালে শশী বিভূষা শিরে জটাজূট।
রচিত হাটক (১) শুদ্ধ মাথায় মুকুট॥
ইন্দু মণ্ডল পূর্ণ শোভিত বয়ান।
নীলোৎপল জিনিঞা নয়ন তিনখান॥
নূতন বরণ হেম বিরাজিত তনু।
কপালে সিন্দূর-ফোটা জিনি বাল ভানু॥
নানা অলঙ্কার দেহে পীন পয়োধর।
ত্রিভঙ্গ হইল মাতা মহিষ উপর॥
পঙ্কজ মৃণাল জিনি দশ বাহু শোভা।
অকলঙ্ক শঙ্খ রাজে দামিনী সম আভা॥
ত্রিশূল দক্ষিণ হাতে শঙ্খ চক্র সাজে।
শাণিত কৃপাণ শক্তি দক্ষিণ হাতে রাজে॥
চাপ খেটক ঘণ্টা অঙ্কুশ পরশু।
বাম হাতে শোভা করে মিহির সম অংশু॥
কাটিল মহিষ মায়া-দানব খড়্গপাণি।
শূলেতে তাহার বক্ষ ভেদিলা ভবানী॥
নাগপাশে বান্ধি তারে ধরিলেন জটে (২)।
বাম পদ আরোপিলা মহিষের পীঠে॥
দক্ষিণ অঙ্গুষ্ঠ রাখি কেশরীর পীঠে।
কৃপাবলোকনে চাহিলা বক্র দিঠে (৩)॥

---

(১) স্বর্ণ। (২) চুলে। (৩) দৃষ্টিতে।

উগ্রচণ্ডা আদি যত বেষ্টিত চারি ভিত।
দেখি কালকেতু পড়ে হইয়া মূর্চ্ছিত ॥
চিত্রের পুতলী সম ফুল্লরা রহিল।
দেখিয়া চণ্ডিকা তবে হাসিতে লাগিল ॥

উঠ উঠ কালকেতু না করিহ ডর।
তোর দুঃখ দূর করি ঝাট যাব ঘর ॥
শুন গো ফুল্লরা রামা তোরে করি দয়া।
মাণিক অঙ্গুরী লেহ (১) দুহাত পাতিয়া ॥
চেতনাবিহীন বীর দেখিয়া অভয়া।
চেতন করায়াল দুহার মুখে জল দিয়া ॥
আমা প্রতি নিশ্চয় যদি তুমি কৃপা কর।
কালকেতু বলে মাতা পূর্ব্বরূপ ধর ॥
ভকতের কথা শুনি হাসিয়া অভয়া।
হইলা মনুজ-বেশ বীরে করি দয়া ॥
সস্ত্রীক হইয়া বীর প্রদক্ষিণ হৈল।
যোড় হাতে কালকেতু বলিতে গাগিল ॥
নরাধমে কৃপা কৈলে নগেন্দ্রনন্দিনি।
তব আগে আমি ব্যাধ কি বলিতে জানি ॥
চণ্ডিকা কহেন বাপু ব্যাধের নন্দন।
মাণিক অঙ্গুরী লেহ শত রাজার ধন ॥
কালকেতু হাত পাতে ফুল্লরা নিবারে।
অঙ্গুরীর নাঞি কায টাকা দেহ মোরে ॥
অঙ্গুরীতে কত ধন হব প্রাণনাথ।
বংশে বংশে না ঘুচিব ধনের বিবাদ ॥
ফুল্লরার অভিপ্রায় বুঝিয়া অম্বিকা।
লেহ বীর অঙ্গুরী আর চল দিব টাকা ॥
ঐশ্বর্য্য প্রদান।
বীরে ধন দিতে চণ্ডী গমন করিলা।
দাড়িম্ব তলাতে গিয়া উপনীত হৈলা ॥
স্থান দেখাইয়া মাতা বস্থে তরুতলে।
হরিরাম ভণে বীর চিয়াড়িতে খুলে (২) ॥

---

(১) গ্রহণ কর। (২) চিয়াড়ী=দা-বিশেষ।
খুলে=মৃত্তিকা খনন করে।

গুজরাটে বিবিধ জাতির বসবাস।

জল পায়্যা প্রজা ক্লেশ ছাড়িয়া কলিঙ্গ দেশ
গুজরাটে করিলা পয়ান।
নগরে নাগ্রিক শঙ্কা যেন স্বর্ণময় লঙ্কা
যথা লক্ষী হৈল অধিষ্ঠান॥
বীর দেই ঘর বাড়ী কলিঙ্গ নগর ছাড়ি
আস্যে যত ব্রাহ্মণ সকল।

ব্রাহ্মণগণ।

মুখ্যাটী চাট্যাতী হড় বন্দ্যঘটী গয়ঘড়
সভে পায় বসতির স্থল॥
ভূরিষ্ঠাল পহিলাল পলসাঞি কাঁজিলাল
নন্দিগ্রামী কুশারী বাপুলী।
চোটখণ্ডী দিণ্ডীসাঞি তৈলবাটী গুড়গাঞি
পরাড়ী কয়োড়ী ফুলমেলী॥
দগ্ধবাটী মতিলাল বসিলেন কুলিড্যাল
পালধী আইল পূর্ব্বগ্রামী।
পারিয়াল পিপীলাঞি বসিল সগোই গাঞি
পিতাড়ী রাতাড়ী ভূরিস্বামী॥
গৌড়জ পাইল বাড়ী বঙ্গজ বারেন্দ্র রাঢ়ী
কনোজ মাথুর্য্যা গুর্জ্জরাতী।
বীর বড় ভাগ্যবান্ সভার করিল মান
লক্ষ ঘর ব্রাহ্মণ বসতি॥
প্রভাতে করিয়া স্নান পূজে দেব ভগবান্
কেহ পূজে দেব পঞ্চানন।
শব্দ শাস্ত্র কেহ গীতা মীমাংসা করএ কথা
কেহ পড়ে ছয় দরশন॥
আগম নিগম কথা কেহ বসি কহে তথা
কেহ বসি করএ শ্রবণ।
কেহ বা শূদ্রের ঘরে দেবতার পূজা করে
কেহ করে যজন যাজন॥
যাজক ব্রাহ্মণ ঘটা মাথায় উজ্জ্বল ফোটা
শালগ্রাম পূজে ঘরে ঘরে।
চালু কলা গুড় ঘৃত পুঁটলী বান্ধএ কত
ঘরে আস্যে দ্বিতীয় প্রহরে॥

কেহ কেহ ভিক্ষা করে কেহ বা বাণিজ্যে ফিরে
নানারূপে প্রাণ করে রক্ষা।
কান্ধে লৈয়া ব্যাঘ্র-ছড়া প্রবেশি ব্রাহ্মণ-পাড়া
ব্রহ্মচারী দণ্ডী মাগে ভিক্ষা॥
ব্রাহ্মণ বসতি দেখি মহাবীর হৈয়্যা সুখী
ব্রহ্মোত্তর দেই জনে জনে।
সদা হয় বেদধ্বনি শুনি সুখী বীরমণি
দ্বিজ হরিরাম রস ভণে॥

কলিঙ্গ নগর ছাড়ি আস্যে যত প্রজা।
দেখি আনন্দিত হয় কালকেতু রাজা॥
দৈবজ্ঞ। ব্রাহ্মণ সমীপে বৈসে দৈবজ্ঞের পাড়া।
প্রভাতে করিয়া স্নান ফেলি মৃগ-ছড়া॥
ভাস্বতী দীপিকা কেহ পড়ে রাশিচক্র।
সূর্য্য-সিদ্ধান্ত দেখি করে গ্রহচক্র॥
নূতন পঞ্জিকা কেহ বিচারে বসিয়া।
গ্রহস্ফুট করে রাশ্যে সাবধান হয়্যা॥
বালকের কোষ্ঠী কেহ লিখে দশাক্রম।
গ্রহদৃষ্টি বলাবল কুন (১) গ্রহ সম॥
পঞ্জিকা পড়য়ে কেহ নগরে নগরে।
গ্রহদোষ দিয়া কার চালু কড়ি হরে॥ (২)
বন্ধ্যা মৃতবৎসা দেখায় আশী হাত।
চালু কড়ি দান কর হব পুত্র সাত॥
তৃতীয় প্রহর বেলা গগনেতে হয়।
চালু কড়ি ডালি বড়ী লয়্যা ঘরে যায়॥
অম্বষ্ঠ। আইল অম্বষ্ঠগণ সমাদর পায়্যা।
বীরের আজ্ঞায় বস্যে ঘর বাড়ী লৈয়া॥
ধন ধান্য দিল রাজা বাহন ভূষণ।
একান্ত হইয়া করে গ্রন্থ অধ্যয়ন॥
চিকিৎসাদর্পণ কেহ পড়য়ে নিদান।
বিজয়রক্ষিতটীকা করে অনুমান॥

---

(১) কোন। (২) গ্রহ খারাপ এই ভয় দেখাইলে লোকে চাউল কড়ি দিয়া গ্রহ-শান্তির ব্যবস্থা চায়।

চক্রদত্ত পড়ে কেহ দ্রব্যগুণাগুণ।
ধাতুমারণ করে যন্ত্র করি তুন ॥
পিত্ত ধাতু অমৃত দিয়া করে রসায়ন।
ধারণ-বটিকা বাঁধে দিয়া কষায়ন ॥
নগরে চিকিৎসা করি পায় নানা ধন।
আনন্দে পালন করে নিজ পরিজন ॥
বসিল সদ্গোপ গোষ্ঠী ধর্ম্মে সদামতি।
হরিরাম দ্বিজ ভণে সেবিয়া পার্ব্বতী ॥

কায়স্থ।

ছাড়িয়া কলিঙ্গ কাএতের ভঙ্গ
প্রবেশিল গুজরাট।
মহল আওয়ারি বস্তে দিয়া সারি
দেখি সুখী কেতু বাট ॥
নাগ পাল ভূত রাণা রাহা গুত
আদিত্য রাউত সর।
নন্দী কুণ্ড গণ আচি সুর জন
দাম বাণ চিত্রবর ॥
সাম শানা হুই হেঁশ তেজ দুই
আদক কারক ঘড়।
করিবর ত্বরা আইলা বেহরা
রাজ নববন্ধু লড় ॥
কেতু আদি তারা বস্তে এক পাড়া
নন্দন বংশজ কুল।
কুলেতে পবিত্র ঘোষ বসু মিত্র
মেলি আস্ত রস মূল ॥
করণ সাবক লইয়া যাবক
অঙ্ক গুণাগুণ ধরে।
গুরু আজ্ঞা ধরি চারি ভাগ করি
সমান ওরক করে ॥
মুখবে রাম করি সকধাম
কেদারেতে নাম লিখে।
মহলের বংশ বৃস্তে মাস অংশ
সেন মত তারা দেখে ॥

লয়্যা মসীদত (১) কাএতের সুত
বীরের নগর লিখে।
ঘর বসা শত লিখে অবিরত
শুনে বীর মহাসুখে॥
পাত্র ভাণ্ডু দত্ত সদা লএ তত্ত্ব
বুলন মণ্ডল হৈল।
কেহ বা ভাণ্ডারে লেখা পড়া করে
সভারে বিষয় দিল॥
হাটারী বাজারী বস্তে সারি সারি
নানা দ্রব্য আনি বেচে।
অযোধ্যা-সমান হৈল পুরীখান
দ্বিজ হরিরাম রচে॥

গন্ধ-বণিক্।

গন্ধ-বণিক্ বস্যা নগর ভিতর।
জৈত্রী লবঙ্গ জীরা বেচে জায়ফল॥
নানা দ্রব্য আনি তারা করএ পসরা।
বীরে ভেটে গন্ধ দিয়া পরএ ফুল্লরা॥

সুবর্ণ-বণিক্।

সুবর্ণ-বণিক বস্তে দিয়া এক সারি।
অবিরত সোণা রূপা বেচা কেনা করি॥
নগরের লোক লয়্যা ভঞ্জিত করে তঙ্কা।
মূল্য করি লএ কারে নাঞি করে শঙ্কা॥

মণি-বণিক্।

মন্য-বণিক্ বেচে হীরা নীল পলা।
নগরের লোক লয় পরয় অবলা॥

কাংস্য-বণিক্।

কাংস্যবণিক্ বস্তে নগর ভিতর।
ঝারি থালা ঘটী বাটী গড়ে নিরন্তর॥

শঙ্খ-বণিক্।

শঙ্খকারী শঙ্খ কাটে অবলার হেতু।
দেখি আনন্দিত হয় রাজা কালকেতু॥

তামেলী।

নগরে তামেলী বসি বেচা কেনা করে।
অপূর্ব্ব লইয়া পাণ দেই মহাবীরে॥

মালাকার।

নগরের এক দেশে রহে মালাকার।
মালঞ্চ সাজিয়া করে পুষ্পের পসার॥

---

(১) কালীপূর্ণ দোয়াত।

তৈলকারী তৈল বেচে হইয়া আনন্দ।
নানা জাতি বস্ত্র সব বুনএ কুবিন্দ (১)॥
সূত্রধর মোদক বসিল দিয়া সারি।
বেচা কেনা করে লোক করিয়া চাতুরী॥
বারুই বসিয়া তারা বরোজ (২) করয়।
কলিঙ্গ হইতে পাণ আনিয়া রোপয়॥
কর্ম্মকার বসি অস্ত্র করএ গঠন।
কিন্যা লয় নগরের অস্ত্রধারিগণ॥
কুলাল ফিরায়্যা চক্র গড়ে হাঁড়ী শরা।
ঘরে হাটে নগরেতে করএ পসরা॥
নগরে নাপিত বসি ক্ষৌরকর্ম্ম করে।
পাঁচ গণ্ডা দর কড়ি পায় প্রতি ঘরে॥
ভট্ট (৩) মাগধ (৪) আস্যে জাবিঞা করিতে
হড্ডপ (৫) চণ্ডালগণ বস্যে এক ভিতে॥
ভিক্ষাহেতু ভিক্ষুক বসিলা এক স্থানে।
চালু কড়ি ডালু বড়ী ভিক্ষা করি আনে॥
ডাকিয়া যবনগণে বীর দিলা পাণ।
পশ্চিমে বসতি কর হাসনহাটী গ্রাম॥
সম্মান পাইয়া বস্যে বেন সকল।
হরিরাম ভণে চণ্ডী চিন্তিবে মঙ্গল॥

তৈলকারী।

সূত্রধর, মোদক, বারুই, কর্ম্মকার, নাপিত প্রভৃতি।

বীরের সম্মান পায়্যা পশ্চিম দিগেতে গিয়া
বস্যে যত মোগল পাঠান।
হাসনহাটীর মাঝে সৈদ সকল রাজে
সেক জাদা বৈস্যে পায়্যা পাণ॥
কেহ বা সিপাই হয় বীর বিরাদবি বয়
পায়দল হৈয়া কেহ রহে।
কেহ বা ব্যাপার করে কেহ যায় দেশান্তরে
অনুক্ষণ কেহ যুদ্ধ চাহে॥
কেহ বা মোল্লা হয় বালক পড়ায়্যা রয়
নিকা বান্ধি পায় এক তঙ্কা।

মোগল পাঠান।

(১) জোলা। (২) পাণের মঞ্চবিশেষ।
(৩) স্তুতিপাঠক=ভাট। (৪) বংশাবলী-গায়ক। (৫) হাড়ি।

উঠিয়া প্রভাত কালে তসবি লইয়া করে
জপ করে কারে নাঞি শঙ্কা ॥
উত্তম বিছানা পায়্যা পশ্চিমের মুখ হৈয়া
পঞ্চ বার করএ নেমাজ।
পীরের ফয়তা পড়ি হাত দিয়া পুছে দাঁড়ি
মসজিদে দেই লৈয়া সাজ ॥
ছুরিখান লৈয়া করে মোল্লা সহরে ফিরে
ডাকে কেহ করিয়া আদর।
বকরি জবাই করি কড়ি পায় ছয় বুড়ি
মোল্লানার হরিষ অন্তর ॥
কেহ করে জোলাবৃত্ত কাপড় বুনএ নিত্য
বেচা কেনা করয়ে নগরে।
কেহ হৈয়া শাণগর শাণা বান্ধে নিরন্তর
কেহ অস্ত্রের মলা দূর করে ॥
কুজুড়া কারাড়ী হৈয়া নানা দ্রব্য আনে বৈয়া
বেচে লৈয়া নগর ভিতর।
স্বভাবে উন্মত্তচেতা সদা কহে কটুকথা
কলহে আবেশ নিরন্তর ॥
রজক।
পাইয়া পুখুর ঘাট রজক পাতিল পাট
বসন সকল ধৌত করে।
আসে পাশে দিয়া পাঁতি বস্থে আর কত জাতি
স্থল নাঞি গুজরাট পুরে ॥
নব লক্ষ বস্থে ঘর শুনি সুখী বীরবর
কালকেতু ভাবএ চণ্ডিকা।
অদ্রিজা (১) মঙ্গল-কাম বিরচিল হরিরাম
শোভাও সিংহে (২) রক্ষিবে অম্বিকা ॥

ধনপতি সদাগরের পায়রা লইয়া খেলা।

সাধুর শুনিঞা কথা নগরিয়া গণ ;
নিজ নিজ পায়রা সভে আনে করি পণ ॥
ধনপতি দত্ত তবে আদেশে কিঙ্করে।
একে একে পায়রা আনে হইতে পিঞ্জরে ॥

---

(১) গিরিজা। (২) শোভাও সিংহ = সম্ভবতঃ, যে রাজার রাজ্যে কবি বাস করিতেন, তাঁহার নাম।

শ্বেতা নেত্যা (১) খড়্যা ধল্যা পাণ্ডস্যা (২) পাখরা।
ওড়িমাট্যা পাকশালিক্যা সাঙলা গোখুরা॥
লাটুয়া খাটুয়া ডাঁশা ঝুঁজা গম্ভাটুয়া।
পবন্যা বাতাস্যা কয়া আনে বেগজয়া॥
স্থবিলা পিঙ্গলা কালা আনে যত্ন করি।
দোশাল্যা সুবল্যা গোলা পিঞ্জরেতে ভরি॥
সভার কিঙ্কর লয় পায়রা পিঞ্জর।
ধনপতি সদাগর হরিষ অন্তর॥
নগর বাহির হৈয়া তেপান্তরে গিয়া।
পায়রা উড়ায় সভে পায়রী রাখিয়া॥
শ্বেতারে উড়াইয়া দিল সাধু ধনপতি।
গগনে উঠিল শ্বেতা অতিবেগ গতি॥
সভার উপর উড়ে সঞ্চাল দেখিয়া।
ধরিবারে যায় শ্বেতা যায় পলাইয়া॥
শ্বেতা বলি ধনপতি ধায় উৰ্দ্ধমুখে।
মারিল সঞ্চালে কিবা হাত মারে বুকে॥
খুল্লনা সুন্দরী খেলে সখীগণ সাথে।
ত্রাস পাইয়া শ্বেতা গিয়া পড়ে তার হাতে॥
পায়রা দেখিয়া সখী আঁচলে ঢাকিল।
হেন কালে ধনপতি তার কাছে গেল॥
পায়রা লইয়া সখী যায় নিজ বাসে।
আগুলিল পথ সাধু হরিরাম ভাসে॥

খুল্লনার পায়রা সংগোপন।

কাহার নন্দিনী আমি নাহি চিনি
কথা কহ দাণ্ডাইয়া।
আপন হরিষে যাহ নিজ বাসে
আমার পায়রা লৈয়া॥
শুনহ বচন জানে জগজন
অমূল্য পায়রা মোর।
উড়িতে গগনে তাড়িল সঞ্চালে
বসনে পড়িল তোর॥
দেহ রামা ছাড়ি তবে যাবে বাড়ী
নহিলে বিপাক হব।

---

(১) শ্বেতা নেত্যা ইত্যাদি পায়রার নাম। (২) পাংশুবর্ণ পায়রা।

ছাড় উপহাস হব সর্ব্বনাশ
তোমা ধর‍্যা লৈয়্যা যাব॥
উজয়নি ধাম ধনপতি নাম
নৃপতির সাধু আমি।
পায়রা লইয়া যাবে পলাইয়া
হেন মনে কর তুমি॥
সাধু এত কয় পায়্যা পরিচয়
খুল্লনা চাহিল হেটে।
কন্যা ছিল নাঞি জাঠার জাঙাঞি (১)
ধনপতি সাধু বটে॥
খুল্লনা সুন্দরী পরিহাস করি
হাসি হাসি কহে কথা।
মোর ঠাঞি হৈতে কেবা পারে নিতে
কাহার মাথায় মাথা॥

মাধবাচার্য্য।

দ্বিজ মাধবানন্দ ১৫৭৯ খৃঃ অব্দে তাঁহার চণ্ডী-কাব্য সমাধা করেন। ইঁহার বিবরণ "বঙ্গভাষা ও সাহিত্যের" ৪১৭—৪২২ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

ফুল্লরার বারমাসী।

জ্যৈষ্ঠ মাসেতে শুন যত মোর দুঃখ।
কহিতে সে সব কথা বিদরয়ে বুক॥
প্রচণ্ড রবির তাপে দহে কলেবরে।
ললাটের ঘর্ম্ম মোর পড়ে ভূমি পরে॥
সবিনয় বাক্য মোর শুন লো সুন্দরি।
কোন্ সুখের লাগি হইবা ব্যাধের নারী॥
আষাঢ়ে রবির রথ চলে মন্দগতি।
ক্ষুধাএ আকুল হয়্যা লোটাই আমি ক্ষিতি॥
ক্ষণে উঠি ক্ষণে বসি চারি দিগে চাই।
হেন সাধ করে মনে অন্য বনে যাই॥
শ্রাবণ মাসেতে ঘন বরিখে ঝিমানি।
মাথা থুইতে স্থান নাই ঘরে হাঁটু পানী॥
শীতের কারণে গৃহে বেড়াই চারি কোণে।
মাণের পত্র মাথে দিয়া বঞ্চি দুই জনে॥

---

(১) খুল্লনার পরলোক-গতা জ্যেষ্ঠা ভগিনীর স্বামী।

ভাদ্র মাসেতে কন্যা বিদ্যুৎ ঝঙ্কার।
হেন কালে যাই আমি মাথাতে পসার॥
নয়নেতে জল দিয়া নদী হই পার।
বিষাদ ভাবিয়া স্মরি অর্কের কুমার॥ (১)
আশ্বিন মাসেতে কন্যা জগৎ সুখময়।
দুর্গার আনন্দ হেতু নাহি চিন্তা ভয়॥
বীণা বাঁশী বাজায় কেহ কেহ গায় গীত।
অন্নের কারণে প্রভু সদায় চিন্তিত॥
গিরিসুতা-সুত-মাসে (২) শুন মোর দুঃখ।
পাড়াতে পরশী নাহি কহিবারে দুঃখ॥
উঠিয়া দাণ্ডাইতে মোর গাএ নাহি বল।
ক্ষুধায় আকুল হয়্যা খাই বন-ফল॥
অগ্রহায়ণ মাসেতে শীত অতিশয়।
জীর্ণবস্ত্র শীর্ণতনু শরীরে না সয়॥
শয়ন মৃগের চর্ম্মে চর্ম্মের বসন।
শীতেতে কাঁপিয়া ঘরে বঞ্চি দুই জন॥
পৌষ মাসেতে কন্যা হেমন্ত দুস্তর।
শীতভয়ে প্রাণ কাঁপে নাহিক অম্বর॥
অধর সহিতে ওষ্ঠ কাঁপে ঘনে ঘন।
অরণ্যের কাষ্ঠ আনি পোহাই হুতাশন॥
মাঘ মাসেতে কন্যা গরুয়া (৩) লাগে শীত।
লোমে লোমে বিন্ধে শীত শোষয়ে শোণিত॥
খৈয়া (৪) বাস পরিধানে থাকি নিশাকালে।
রজনীর শীত মোর খণ্ডে রবিজালে॥
ফাল্গুন মাসেতে সাজি আইল রতিপতি।
নিজ পরিবার লয়্যা সথার সঙ্গতি॥
কামিনী করয়ে কেলি প্রভু লয়্যা পাশে।
হেন সমে (৫) যায় বীর অরণ্য প্রবাসে॥
মধু মাসেতে কন্যা শুন মোর কথা।
রবির উত্তাপে মোর দগধয়ে মাথা॥

---

(১) অর্কের কুমার = রবির পুত্র = যম। অত্যধিক কষ্টে মৃত্যু-কামনা করি। (২) কার্ত্তিক মাসে। (৩) গুরুতর।
(৪) খুঞা (ক্ষৌম শব্দের অপভ্রংশ)। (৫) সময়ে।

দুঃখিত যে বীরমণি অন্তরে কি সুখ।
ভিন্ন রমণীর বীর নাহি চাহে মুখ॥
দ্বিজ মাধবানন্দে এই রস ভণে।
উত্তর না দিলা দুর্গা ফুল্লরা-বচনে॥

কলিঙ্গাধিপতির চরগণ কর্ত্তৃক গুজরাটে কালকেতুর রাজ্য-বর্ণন।

রাজারে নোঞাইয়া মাথা দুই চরে কহে কথা
শুন রাজা কর অবধান।
নাহি লোকে রোগ শোক করে কত উপভোগ
গুজরাট অযোধ্যা-সমান॥
চণ্ডীপুর গ্রামে যাইতে পাইকেরা দুই ভিতে
চিনিয়া ধরিল নিশীশ্বর (১)।
স্তুতি করি তার ঠাঁই এড়াইনু দুই ভাই
প্রবেশিনু নগর ভিতর॥
প্রবেশিয়া সে নগরে প্রজা দেখি ঘরে ঘরে
বীরেরে প্রশংসে সর্ব্বজনা।
পুত্রসম পালে জন হইয়া হরিষ মন
রাজ-কর লইবারে মানা॥
দেখিলাম সেনাগণ মেলা করে জনে জন
কেহ কারে বলে নাহি আটে।
মত্ত কুঞ্জরচয় দেখিতে লাগয়ে ভয়
বীরের প্রতাপে শিলা ফাটে॥
কাটিয়া যে গড়খাই না জানি কথেক ঠাঁই
নাওরা (২) বাহিতে পারে জোরে।
হাঙ্গর কুম্ভীর তায় মৎস্য ধরিয়া খায়
তীরে দাণ্ডাইতে নাহি পারে॥
চৌদিকে নাটুয়া (৩) নাচে নানা যন্ত্র ধ্বনি বাজে
প্রতি ঘরে ঘরে বাজে খোল।
ঢেমসা দগড় কাড়া ঘন ঘন পড়ে সাড়া
প্রতি ঘরে বাজে জয়ঢোল॥

---

(১) কোটাল। (২) নৌকা সমুদয়। (৩) নর্ত্তক।

কালকেতু বড় রঙ্গী জলে বান্ধিয়াছে টুঙ্গী (১)
দুই সন্ধ্যা পাইক সাজন।
নৃত্যগীতে আনন্দিত প্রজাকুল হরষিত
কি করিতে পারে অন্যজন॥

কালকেতুর বিরুদ্ধে কলিঙ্গাধিপতির যুদ্ধ-যাত্রা।

সাজ সাজ যুদ্ধ মুখে ভূপতি সঘনে ডাকে
রাজ্য সহিতে পড়ে সাড়া।
যে অস্ত্র ধরিতে জানে চল সবে রাজস্থানে
ঘন ঘন বাজে সিঙ্গা কাড়া॥
সাজিলেক রণঝাপ রণে যেন সিংহদাপ
রণভীম আর রণজিত।
রণের বারতা পায়্যা হাতে অস্ত্র এল ধায়্যা
সকল হইল একত্রিত॥
সাজিল হার্দ্দিক রায় সিংহের বিক্রমে ধায়
শিহরিয়া অতি কোপানলে।
রাজার রাহুত রায় রণ শুনি সব ধায়
পূরিল শব্দের কোলাহলে॥
সাজিল কেশব রাজ করিয়া আপনা সাজ
প্রতাপেতে অনল ভেজায়।
শর কাছনি করি তরাগেতে গুলি ভরি
শব্দেতে পৃথিবী কাঁপায়॥
সাজিলেক ধনুর্দ্ধর চাপগুণে যুড়ি শর
ডাকিয়া কহিছে বারে বার।
চলে সব রাজস্থানে সাবধানে সর্ব্বজনে
চাহে যেন ভাঙ্গে পাটোয়ার॥
সাজিলেক সেনাচয় রিপুকুল করিতে ক্ষয়
ধরিবারে ব্যাধের নন্দন।

---

(১) নদীর মধ্যে খুব উচ্চ স্তম্ভ নির্ম্মাণ করিয়া শত্রুসৈন্য-প্রবেশ পর্য্যবেক্ষণের জন্য প্রহরী রক্ষা করা হইত, সেই স্তম্ভ বা উচ্চ স্থান 'জলটুঙ্গী' নামে অভিহিত হইত।

অশ্ব চলে কতগুলা গগনে উঠয়ে ধূলা
লক্ষে লক্ষে চলে গজগণ ॥
ইরাণী টাঙ্গন তাজী শুরঙ্গ কমেদা বাজী
সিন্ধুদেশী তুরগ বিশাল।
কুঁদিতে কুঁদিতে (১) যায় আকাশ ছুঁইতে চায়
ধরিয়া রাখয়ে বাজি-পাল ॥

সাজ করিয়া রাজা সভার দিকে চায়।
রাজার প্রতাপে কাঁপে সেনা সমুদায় ॥
রণগাজী সাজিলেক নিয়া করবাল।
প্রতি কোপে কাটে তারা লোহার যে ঢাল ॥
রসিক ফদ্দল সাজে রাজার অপার।
এক হাতে তলওয়ার আর হাতে তার ॥
কালুয়া কামানী সাজে করি বীরপণা।
অস্ত্র গুল্‌ফী (২) হাতে ধরে লাল বাণা ॥
তিন লক্ষ সেনা লইয়া সাজে নয়নশুক।
হেলায়ে টানয়ে তারা প্রবীণ ধনুক ॥
দেবাই দুবাই সাজে দুই সহোদর।
তার সঙ্গে ফৌজদার চলিল বিস্তর ॥
শিরেতে টোপর শোভে কটিতে কিঙ্কিণী।
সেনা সবে রব করে মার কাট ধ্বনি ॥
তাড় বালা শোভয়ে নূপুর শোভে পায়।
ঘর্ম্মের কারণে পাইকে রেণু মাখে গায় ॥
ডানে করি ফৌজে রাজায় করে নমস্কার।
অন্তঃপুরে জয়ধ্বনি হইল অপার ॥
একত্র হইয়া তবে যায় নৃপদল।
জলপানে শুকাইল দীর্ঘিকা সকল ॥
চৌকিতে পাইকে দেখি বলে নিশিপতি।
দেবাই দুবাই শুন আমার যুকতি ॥
কালকেতুর নিকট দৌত্য। মহাবীরের (৩) স্থানে এক পাঠাও রায়বার (৪)।
বুঝিবারে বীরের কেমন ব্যবহার ॥

(১) হুঙ্কার করিতে করিতে। (২) শূল।
(৩) কালকেতুর। (৪) দূতের সংবাদ।

দেবাই নামে চর ছিল কটক ভিতর।
ডাক দিয়া তাহারে বলিল দেবীবর॥
দেবীবরে বলে শুন আমার উত্তর।
রায়বর চলি যাও বীরের গোচর॥
দেবীবর বাক্যে চর নোঞাইয়া মাথা।
উপনীত হৈল গিয়া মহাবীর যথা॥
চরে বলে বাক্য শুন ব্যাধ সুন্দর।
রাজ-সৈন্য সাজি আইল তোমার নগর॥
যুদ্ধ দিবা কিবা তুমি রাজকর দিবা।
দুই মত রাজ-আজ্ঞা কেমন করিবা॥
কালকেতু বলে চর বলিরে তোম্মারে।
বসিতে বিলাত কেহ না দিছে আম্মারে॥ (১)
গহন-জঙ্গল খাল জানে সর্ব্বজন।
দুর্গার আজ্ঞায় নগর করেছি পত্তন॥
ইথে যদি কর চাহে কলিঙ্গ-রাজন।
বীরবংশে জন্মিয়া রাজারে দিব রণ॥
এমত শুনিয়া চর করিল গমন।
দেবীবর বিদ্যমানে দিল দরশন॥

কালকেতুর সৈন্যের পরাজয় ও ফুল্লরা-কালকেতু-প্রসঙ্গ।

ভগ্ন পাইকে কহে গিয়া ফুল্লরার গোচরে॥
গড় লঙ্ঘি রাজপাইক উঠিল নগরে।
চারি দিগে ঘেরিলেক কেতুর সেনারে॥
যতেক বাঙ্গাল পাইক ভয় পায়্যা মনে।
হাতের অস্ত্র ফেলাইয়া পলাইল রণে॥
পলায় কেতুর পাইক মনে পাইয়া ভয়।
চামর খসাই সভে যায় নিজালয়॥
পলাইল যোগী পাইক মনে ভয় পায়্যা।
সমরে রহিল কাটামুণ্ড শিরে দিয়া॥
কর্ম্মকার পাইকে বলে করিয়া বিনয়।
বীর গুরু বধিতে তোমার ধর্ম্ম নয়॥

---

(১) আমাকে কেহ জমি বিলি করিয়া দেয় নাই।

নট পাইকে বলে বাপু আমি পাইক নহি।
বেগার ধরি আনিছে পরের ভার বহি॥
পলায় বিশ্বাস পাইক ভয় ত্রাস পাইয়া।
আকুল হইয়া কান্দে মুখে হাত দিয়া॥
যতেক ব্রাহ্মণ পাইক পৈতা ধরি করে।
দন্তে তৃণ ধরি তারা সন্ধ্যামন্ত্র পড়ে॥
যত যত যোগী পাইক দণ্ড ধরি করে।
রক্ষ রক্ষ বলি তারা বিনয়ত করে॥
মুসলমানে বলে যদি এবার এড়াই।
ফিরে না আসিব ভাই খোদার দোহাই॥
ভগ্ন পাইকে কহে গিয়া মহাবীর আগে।
তিন গড় মারা গেল শুনি বীর রাগে॥

ফুল্লরার উপদেশ।

প্রভু হে কিসেরে লইলা দেবীর ধন।
পাইয়া দুর্গার বর কাননে তোলাইলা ঘর
সাজে রাজা তথির কারণ॥
গোলাটে কৈলা নগর না জানাল দণ্ডধর
অল্প বুদ্ধি হল্যা অহঙ্কারী।
না শুনিয়া মোর বাণী ঠগেরে বাড়াইলা পুনি (১)
ভাঁড়ু হৈল পরাণের বৈরী॥
তোমারে ভয় না করে জানাইল দণ্ডধরে
দেবাইরে সাজাইয়া আনে ঠাট।
মারিয়া প্রচণ্ড থানা চারি দিগে দিল হানা
বেড়িয়া রহিল গুজরাট॥
আমার বচন ধর অহঙ্কার দূর কর
লও গিয়া রাজার শরণ।
তুষ্ট হলে মহাশয় কাররে নাহিক ভয়
দুয়ায়ে পাইবা সর্ব্বজন॥
লোকে জানে সর্ব্ব কাল রাজা অষ্ট-লোকপাল
বিরোধিতে না আসে যুকতি।

(১) ভাঁড়ু দত্ত অতিশয় প্রতারক ছিল, তাহাকে প্রশ্রয় দেওয়াতেই সেই ব্যক্তি শেষে শত্রু হইয়া কলিঙ্গাধিপতিকে প্ররোচনাপূর্ব্বক এই দ্বন্দ্ব উৎপন্ন করে।

ভূপতিরে কর দিয়া অন্তরে হরিষ হৈয়া
নিজ পুরে করহ বসতি॥
ভাবিয়া সারদা মায় দ্বিজ মাধবে গায়
করযোড়ে মাগি পরিহার।
জনমে জনমে যেন শ্রীদুর্গার চরণ-ধন
বিস্মরণ না হোক আমার॥

কালকেতুর উত্তর।

শুনিয়া ত বীরবর ক্রোধে কাঁপে থর থর
শুন রামা আমার উত্তর।
করে লৈয়া শর গাণ্ডী (১) পূজিব মঙ্গল-চণ্ডী
বলি দিব কলিঙ্গ-ঈশ্বর॥
অবোধিয়া দণ্ডধরে এত দণ্ড মোরে করে
দেবাই পাঠাইয়্যা দিছে ঠাটে।
আজ রণে হানা দিব ভুবনে ঘোষিতে থুব
মুণ্ডমালা দিব গুজরাটে॥
যতেক দেখহ অশ্ব সকলি করিব ভস্ম
কুঞ্জর করিব লণ্ডভণ্ড।
বলি দিব কলিঙ্গ রায় তুষিব চণ্ডিকা মায়
আপনে ধরিব ছত্র দণ্ড॥
তম-অরি-সুত গন্ধবহ সখা-সুত (২)
আপনি আসিলে দেব-রায়।
মনে ভাবি মহেশ্বরী মারিব আপনা বৈরী
পরাভব করাইব তায়॥
অনঙ্গারি (৩) আইসে যবে তারে ভয় নাহি তবে
শুন রামা কহি সারোদ্ধার।
চক্রপাণি ষড়ানন সম্মুখে হইবে কোন
বীর যুদ্ধে হলে অবতার॥

খুল্লনার ছাগ-রক্ষণ।

ছেলীরে (৪) নিয়া খুলনী (৫) যায় সাধুর রমণী
ছাগল রাখিতে কুঞ্জবনে।

---

(১) গাণ্ডীব=ধনুঃ। (২) যম, পবন ও অগ্নি।
(৩) শিব। (৪) ছাগলীরে। (৫) খুল্লনা।

পরিধান ক্ষৌমবাস লুকাল মুখের হাস
অশ্রুজল শ্রবয়ে নয়নে॥
নিজ অন্তঃপুরে থাকি ছেলী চালায় ইন্দুমুখী
পাচনি লইয়া বাম করে।
রাখিতে নারে আগলি চলয়ে সকল ছেলী
প্রবেশিল নগর ভিতরে॥
নগরিয়া ইতরগণে অনিমিখে দুনয়নে
নিরখি খুলনার রূপ চায়।
কেহ বলে কার নারী কেন বা এমত করি
কাহার রমণী কোথা যায়॥
রামা হেটমুণ্ডে কাঁদে কাতরে উত্তর না দে
ভুজ দিয়া কুচের উপর।
কাজলী ধবলী বলি চালায়ে সকলি ছেলী
এড়াইল নগরিয়া ঘর॥
সিঙ্গাপুর এড়াইয়া বিনোদপুরেতে গিয়া
ছাগল চলিল নানা স্থান।
পাল খেদাইতে নারে আছাড় খাইয়া পড়ে
ঘন ঘন স্মরয়ে শমন॥ (১)
ক্ষণে ছেলী আগলি চালায়ে সকল ছেলী
ক্ষণে লোটায় তরুর ছায়ায়।
বেলা হৈলে অবসান ভয়েতে আকুল প্রাণ
নিজ গৃহে ছেলী নিয়া যায়॥
খুলনা গৃহেতে গিয়া ছেলী সব গণি দিয়া
অজাশালে তুলি দিল পাল।
দৃঢ় বাড়ি দিয়া দ্বারে বান্ধে নানা প্রকারে
বাহিরে দিলেক ধুমাজাল॥

লহনার হস্তে খুল্লনার নানারূপ দুর্গতি।

খুলনা বাঁধিল ছেলী নিয়া অজাশালে।
শালের পাতে লহনা ক্ষুদের অন্ন ঢালে॥
অল্প অন্ন দিল তাতে পোড়াই বহুল।
এক পাশে ঢালি দিল পাকা কলার মূল॥
অন্ন দিয়া লহনা হাতে ত ধরি পাত।
খুলনারে দিল নিয়া ঢেকিশালে ভাত॥

---

(১) পুনঃ পুনঃ মৃত্যু কামনা করে।

ভাঙ্গা নারিকেল জল দিল সুবদনী।
ভোজন করিতে বৈসে খুলনা ব্যাণ্যানী॥
ধূঁঞা পোড়া অন্ন দেখি নাড়ি চাড়ি চায়।
ক্ষুধার কারণ রামা তার কিছু খায়॥
ঘৃণা জন্মিল তাতে পিপীলিকা দেখি।
অন্ন হোতে হস্ত তুলি কাঁদে ইন্দুমুখী॥
পাত ধরিয়া ভাত ফেলিল অন্তরে।
ভাঙ্গা নারিকেল জলে আচমন করে॥
ঢেকিশালা ঘরে শুইল খৈঁয়াবাস (১) পরি।
সমস্ত যামিনী খায় ক্ষুদিয়া পিপড়ী॥
সমস্ত যামিনী রামা কাঁদি গোঁয়াইল।
প্রভাত সময়ে কিছু নিদ্রাগত হৈল॥
নিশাপতি অস্ত গেল উদিত তরণি (২)।
চৈতন্য পাইয়া উঠে লহনা ব্যাণ্যানী॥
জাগিয়া জানিল রামা ছেলী আছে ঘরে।
খুলনী খুলনী বলি ডাকে উচ্চৈঃস্বরে॥
নিদ্রার কারণে কিছু না শুনে খুলনী।
মুখেতে ঢালিয়া দিল হেমঝারির পানী॥
আস্তে ব্যস্তে উঠে রামা ভয়েতে ব্যাকুল।
কাপড় টানিয়া পিন্ধে আটি বান্ধে চুল॥
লহনায়ে বলে শুন খুলনা রূপসী।
এত বেলী ছেলী মোর রাখ উপবাসী॥
খুলনায়ে বলে দিদি গাএ মোর জ্বর।
বাম হস্ত দিয়া চাহ ললাট উপর॥
অবশ হয়েছে অঙ্গ আজি না পারিব।
কালুকা প্রভাতে উঠি ছেলী লইয়া যাব॥
লহনায়ে বলে বেটী জ্বর নাহি গাও।
আপনা গৌরব রাখি ছেলী লইয়া যাও॥
লহনার বাক্যে রামা রহিতে না পারে।
ছাগল লইয়া যায় কানন ভিতরে॥

---

(১) খুঁয়াবস্ত্র = অল্পমূল্যের মোটা কাপড়।
(২) সূর্য্য।

ষড়-ঋতুতে ছাগল-রক্ষণ।

রামা ষড়্ঋতু রাখেরে ছাগল।
ক্ষুধায় আকুল হৈয়া ভক্ষ্য দ্রব্য না পাইয়া
কাননেতে খায় বন-ফল॥
বসন্তকালে রাখে ছেলী লক্ষপতির বালি (১)
মনোভব জাগিল হৃদয়।
শুনি কোকিলের রব উথলয়ে মনোভব
সেই হেতু প্রাণী স্থির নয়॥
চণ্ডিকার ব্রত-হেতু ছেলী রাখে গ্রীষ্ম ঋতু
মাঘে উতরোলি হয়্যা রামা।
তাপিত তরণিজালে বসি রামা তরুমূলে
ভাবে রামা মনেতে অক্ষেমা॥
বরিষাতে রাখে ছেলী লক্ষপতি সাধুর বালি
জলৌকা বেষ্টিত সর্ব্ব গায়।
শিবা ডাকে চারি ভিতে হয়ে রামা সচকিতে
সেই দিগে ধাইয়াত যায়॥
শরতে আকুল হৈয়া ভ্রমে রামা ছেলী লয়্যা
গুরুতর দুঃখেতে মগন।
পাল খেদাইতে নারে আছাড় খাইয়া পড়ে
ঘন ঘন স্মরিয়ে শমন॥
শিশিরে (২) হইয়া দুঃখী ছেলী রাখে ইন্দুমুখী
ধাইতে যে অবশ চরণ।
দেহে জীর্ণ ক্ষৌমবাস শীতেতে পাইয়া ত্রাস
ইচ্ছে রামা আপনা মরণ॥
হেমন্তে আকুল অতি হয়্যা রামা হতমতি
তুষারে তিতিল জীর্ণবাস।
শীতে নাহি রক্ত দেহে (৩) শক্তি নাহি কথা কহে
ঘন ঘন ছাড়য়ে নিঃশ্বাস॥

---

(১) লক্ষপতির কন্যা।

(২) শীতকালে। (৩) গত শীত ঋতুতে খুল্লনা রক্তশূন্য হইয়া পড়িয়াছিলেন।

খুল্লনা ও লহনা।

দুবলায়ে বলে রামা নিজ গৃহে চল।
জ্যেষ্ঠ ভগিনীর হাত কি কারণে ঠেল॥
দুবলার বাক্যে রামা করিল গমন।
আপনার পুরে আসি দিল দরশন॥
যেন মাত্র গৃহে আইল দুইত সতায় (১)।
ঘরে ঘরে নিয়া রামা ছাগল রাখায়॥
দুবলা করিয়া দেহি যত আয়োজন।
হরষিতে লহনায়ে করয়ে রন্ধন॥

লহনার রন্ধন।

পাবক জ্বালয়ে রামা মনের হরিষে।
শাক রন্ধন করি ওলাইল বিশেষে॥
উমাবড়ি ভাজি রান্ধে ঘৃতেতে আগল।
জাতিকলা দিয়া রান্ধে ঝুনা নারিকল॥
জলপাইর অম্বল রান্ধে মহাহৃষ্ট হয়্যা।
সম্ভারি ওলাইল তারে সর্ষে পোড়া দিয়া॥
নিরামিষ্য ব্যঞ্জন রামা থুইয়া এক ভিত।
আমিষ্য রান্ধিতে লহনায় দিল চিত॥
মনের হরিষে রান্ধে রোহিতের মাচ।
দুহিতা মিশালে রান্ধে দরিতা আনাচ॥
বড় বড় কৈ-মৎস্য রান্ধয়ে হরিষে।
সুগন্ধী তণ্ডুলে অন্ন রান্ধে অবশেষে॥
স্বর্ণথালা পীড়ি আনি যোগায় দুবা দাসী।
ভোজন করিয়া বৈসে দুইত রূপসী॥
শারদার চরণ-সরোজ-মধু-লোভে।
দ্বিজ মাধবানন্দে অলি হৈয়া শোভে॥

বিড়াল ও মৎস্যের মুড়া।

তোর জন্যে রান্ধিয়াছি বড়হি যতনে।
বড় দুঃখ পাইয়াছ ভ্রমিয়া কাননে॥
নানা মতে রান্ধিয়াছি দিয়া চতুর্জ্জাত।
সম্ভারিয়া ওলাইতে পুড়িয়াছে হাত॥
খুলনায়ে বলে দিদি মুড়া খাও তুমি।
তবে এক লক্ষ ধন পাইব যে আমি॥

(১) সতিনী।

ঠেলাঠেলি ফেলাফেলি কেহ নাহি খায়।
মাচার তলে থাকি বিড়াল আড় চক্ষে চায়॥
ধীরে ধীরে আড়ে আড়ে গেল পাতের কাছে।
মুড়া লইয়া বিড়াল গেল বাড়ী পিছে॥
অনেক যতন করি পুষিনু বিড়াল।
হেন বিড়াল কার বাড়ী এবে গেল॥
হাউ হাউ চিউ চিউ করিতে করিতে।
এ বাড়ী হইতে বিড়াল ও বাড়ী যাইতে॥
মুড়া পড়ি গেল কোথাকার পথেতে।

খুল্লনার সাজ-সজ্জা।

বিনোদিনী বিলম্ব করিতে না জুয়ায়। ধূঁয়া।

তুয়া পন্থ নিরখিতে রহিয়াছে প্রাণনাথে
রাধা বলি মুরলী বাজায়॥
নূপুর কিঙ্কিণী কেয়ূর-কুণ্ডল মণি
পরি ধনী করিল গমন।
প্রিয়সখী-করে ধরি নীল নিচোল পরি
দেখে গিয়া ঐ চাঁদ-বদন॥

চিরুণীতে রচি কেশ করিল সুসার।
কবরী বান্ধিল রামা দিয়া পুষ্পহার॥
সীমন্ত কপালে শোভে সুরঙ্গ সিন্দূর।
অলকা তিলকা ভালে শোভিছে প্রচুর॥
কুরঙ্গ চঞ্চল আখি রঞ্জিত কজ্জলে।
খঞ্জন বসিছে যেন পঙ্কজের দলে॥
কণ্ঠে কণ্ঠাভরণ শোভে দেখিতে মনোহর।
নাসার উপরে শোভে সুবর্ণ বেসর॥
হীরা মণি মাণিক্য যে খচিত কাঞ্চন।
কর্ণে ঝলমল করে কর্ণের ভূষণ॥
গ্রীবায় সোণার কাটী করে ঝলমল।
শ্রুতিমূলে শোভা করে রতন কুণ্ডল॥
ভুজযুগে তাড় শোভে বিচিত্র নির্ম্মাণ।
সরস-লাবণ্য-শঙ্খ হাতে পরিধান॥
করপল্লবেতে শোভে রতন অঙ্গুরী।
তাহাতেই পুষ্প যেন ফুটে সারি সারি॥

মঞ্জর মঞ্জীর করে চরণে শোভন।
রুণু ঝনু রুণু ঝনু হোতেছে বাদন॥
বাছিয়া পড়িল ধনী দিব্য পট্টচেলী।
সাজিল যেমন এক সোণার পুতলি॥
অকারণে কামদেব কামবাণ ধরে।
ইহা নিয়া ত্রিভুবন জিনিবারে পারে॥
চরণে নূপুর শোভে মধুর ভাষিত।
খঞ্জন গমনে ধনী চলিলা ত্বরিত॥
বহুবিধ আভরণে করি অঙ্গ-ন্যাস।
বিদায় হইতে গেল সতিনীর পাশ॥
লহনায়ে বলে দুবা সাজিয়া বিশেষ।
কোথাকারে যায় বেটী করি এত বেশ॥
দুবলায়ে বলে শুন লহনা ঠাকুরাণী।
বাসরে (১) যাইবে আজি খুলনা বাণ্যানী॥
যেন মাত্র কৈল দুবা বচন প্রকাশ।
লহনার মুণ্ডে যেন পড়িল আকাশ॥

খুল্লনার বারমাসী।

খুলনায় বলে প্রভু যদি দেও মন।
বার মাসের যত দুঃখ করি নিবেদন॥
বার মাসের যত দুঃখ খুলনা পাই বনে।
কহিতে সে সব কথা পাঁজর বিন্ধে ঘুণে॥
মাধবীতে জনমে মোর কষ্টের অঙ্কুর।
সতিনীর হাতে লাঘব করাইলা প্রচুর॥
কাড়িয়া লইল সতা অঙ্গের আভরণ।
পরিবারে দিল মোরে ভগন (২) বসন॥
জ্যৈষ্ঠ মাসেতে প্রভু শুন মোর দুঃখ।
কহিতে সে সব কথা বিদরয়ে বুক॥
প্রচণ্ড রবির তাপে দহে কলেবরে।
ললাটের ঘর্ম্ম মোর পদতলে পড়ে॥
আষাঢ়ে রবির রথ চলে মন্দগতি।
ক্ষুধায়ে আকুল হয়্যা লোটাই আমি ক্ষিতি॥

---

(১) স্বামী-গৃহে। (২) ছিন্ন।

ক্ষণে ক্ষণে উঠি আমি চারি ভিতে চাই।
হেন সাধ করে মনে অন্য জাতি যাই॥
শ্রাবণে সঘনে মেঘ বরিষে ঝিমলী।
ক্ষণে ক্ষণে প্রকাশিত সৌদামিনী মালী॥
ছিন্ন ভিন্ন হয়্যা ছেলী ধায় চারিভিত।
চলিতে উছটি খাইয়া হই যে মূর্চ্ছিত॥
ভাদ্র মাসেতে প্রভু বিদ্যুৎ ঝঙ্কার।
হেন কালে ছেলী লইয়া গহন মাঝার॥
কানন মাঝারে প্রভু বঞ্চি আমি একা।
গহনে ভ্রমিতে অঙ্গ খাইছে জলোকা॥
আশ্বিন মাসেতে প্রভু জগৎ সুখময়।
দুর্গার আনন্দ হেতু নাহি চিন্তা ভয়॥
বীণা বাঁশী বাজায় কেহ কেহ গায় গীত।
সতিনীর ভয়ে আমি সদাএ চিন্তিত॥
গিরি-সুতা-সুত মাসে শুন মোর দুঃখ।
শাশুড়ী ননদী ডাকিতে সমুখ॥
উঠিয়া দাণ্ডাইতে মোর গাত্রে নাহি বল;
ক্ষুধায় আকুল হৈয়া খাই বন-ফল॥
অগ্রহায়ণ মাসেতে প্রভু শীত পড়ে বেশ।
ভাবিতে চিন্তিতে মোর তনু হৈল শেষ॥
দেশের অম্বর চাহি শীতের কারণ।
ক্রোধ হয়্যা সতিনী যে মারিল তখন॥
পৌষ মাসেতে প্রভু হেমন্ত প্রবল।
শীতে জড়সড় অঙ্গ অত্যন্ত বিকল॥
ওষ্ঠ অধর অঙ্গ মোর কম্পিত সঘন।
হেন সাধ করে মনে পোহাই হুতাশন॥
মাঘ মাসেতে প্রভু গুরুয়া লাগে শীত।
লোমে লোমে বিন্ধে শীতে শোষয়ে শোণিত॥
ক্ষৌমবাস পাতি থাকি ঘর ঢেকিশালে।
রজনীর শীত মোর ছাড়ে রবির জালে॥
ফাল্গুন মাসেতে সাজি আইল ঋতুপতি।
নিজ পরিবারে লয়্যা আপনা সঙ্গতি॥
ভ্রমরের গুঞ্জরণে কোকিলার নাদে।
মনসিজ-শরে মোর হৃদয় দগধে॥

মধুমাসেতে প্রভু শুন তত্ত্ব বাণী।
অরণ্যের মধ্যে মোর সহায় ভবানী॥
সতিনী আনিল মোরে করিয়া আদর।
খণ্ডিলা সকল দুঃখ আইলা সদাগর॥
খুলনায়ে যত কহে প্রভুর চরণে।
দুয়ারে থাকিয়া সব লহনায়ে শুনে॥

পতি-সোহাগিনী খুল্লনা।

ও অঙ্গ বয়ান কত ছান্দে।
রূপ হেরি মৃগ পাখী বিনাইয়া কাঁদে॥
ঘামে তিতিল তনু মন্দ মন্দ ঝরে।
কোটি চাঁদ জিনিয়া রাধার মুখ শোভা করে॥ ধুয়া।
কাচা কাঞ্চন তনু কতই পরিপাটী।
শোভিত কেশের খোপা তাতে সোণার কাটী॥
আবৃত শ্রীমুখ খানি কি কব তোমায়।
নীল গিরি পাছে যেন চাঁদ চলি যায়॥
অলি লুকাএ লাজে পিক নাহি নাদে।
অঙ্গের সৌরভে অলি পড়িয়াছে ফাঁদে॥
ধনপতি বলে প্রিয়া শুনরে খুলনী।
প্রেম-রত্ন-দান দিয়া কিনি লও স্বামী॥
সাধুর মুখেতে শুনি সকরুণ ভাষ।
খুলনার মুখে হৈল মৃদু মন্দ হাস॥
মুদিত কমল যেন হইল প্রকাশ।
কর বাড়াইয়া তাহে পাইল আকাশ॥
দ্বিজ মাধবে করে দেবীপদে আশ।
দুহাঁর হৃদয়ে প্রেম করিল প্রকাশ॥

কবিকঙ্কণ-চণ্ডী।

বাঙ্গালা দেশের শ্রেষ্ঠ কবি মুকুন্দরাম চক্রবর্ত্তী কবিকঙ্কণ খৃষ্টীয় ষোড়শ শতাব্দীর প্রথম ভাগে বর্দ্ধমান জেলার দামুন্যা গ্রামে জন্মগ্রহণ করেন। অনুমান ১৫৮৯ খৃষ্টাব্দে ইঁহার প্রসিদ্ধ গ্রন্থ চণ্ডী-কাব্য শেষ হয়। বিশেষ বিবরণ বঙ্গভাষা ও সাহিত্য পুস্তকের ৪২২—৪৬২ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

চণ্ডী, ফুল্লরা ও কালকেতু।

ফুল্লরার বারমাসী।

বসিয়া চণ্ডীর পাশে কহে দুঃখ বাণী।
ভাঙ্গা কুড়ে ঘর তালপাতের ছাউনি॥
ভেরেণ্ডার খুটী তার আছে মধ্য ঘরে।
প্রথম বৈশাখমাসে নিত্য ভাঙ্গে ঝড়ে॥
বৈশাখে বসন্ত ঋতু খরতর খরা।
তরুতল নাহি মোর করিতে পসরা॥
পাও পোড়ে খরতর রবির কিরণ।
শিরে দিতে নাহি আটে খুঁয়ার বসন॥
বৈশাখ হইল বিষ বৈশাখ হইল বিষ।
মাংস নাহি খায় লোকে করে নিরামিষ॥
সুপাপিষ্ঠ জ্যৈষ্ঠমাস প্রচণ্ড তাপন।
রবিকরে করে সর্ব্ব শরীর দাহন॥
পসরা এড়িয়া জল খাইতে নাহি পারি।
দেখিতে দেখিতে চিলে করে আধাসারি (১)॥
পাপিষ্ঠ জ্যৈষ্ঠমাস পাপিষ্ঠ জৈষ্ঠমাস।
বঁইচির ফল খায় করি উপবাস॥
আষাঢ়ে পূরিল মহী নব মেঘ জল।
বড় বড় গৃহস্থের টুটিল সম্বল॥
মাংসের পসরা লয়ে ভ্রমি ঘরে ঘরে।
কিছু ক্ষুদ কুড়া মিলে উদর না পূরে॥
বড় অভাগ্য মনে গণি বড় অভাগ্য মনে গণি।
কত শত খায় জোঁক নাহি খায় ফণী॥
শ্রাবণে বরিষে মেঘ দিবস রজনী।
সিতাসিত দুই পক্ষ একই না জানি॥

(১) আধা আধি খাইয়া ফেলে।

মাংসের পসরা লয়ে ফিরি ঘরে ঘরে।
আচ্ছাদন নাহি গায়ে স্নান বৃষ্টি নীরে॥
দুঃখে কর অবধান দুঃখে কর অবধান।
লঘু বৃষ্টি হইলে কুড়ায় (১) আইসে বান॥
ভাদ্রপদ মাসে ঝড় দুরন্ত বাদল।
নদ নদী একাকার আটদিকে জল॥
কত নিবেদিব দুঃখ কত নিবেদিব দুঃখ।
দরিদ্র হইল স্বামী বিধাতা বিমুখ॥
আশ্বিনে অম্বিকা পূজা করে জগজনে।
ছাগল মহিষ মেষ দিয়া বলি দানে॥
উত্তমবসনে বেশ করিয়া বনিতা।
অভাগী ফুল্লরা করে উদরের চিন্তা॥
কেহ না আদরে মাংস কেহ না আদরে।
দেবীর প্রসাদ-মাংস সবাকার ঘরে॥ (২)
কার্ত্তিকমাসেতে হৈল হিমের জনম।
করয়ে সকল লোক শীত নিবারণ॥
নিযুক্ত করিল বিধি সবার কাপড়।
অভাগী ফুল্লরা পরে হরিণের ছড়॥
দুঃখে কর অবধান দুঃখে কর অবধান।
জানু ভানু কৃশানু (৩) শীতের পরিত্রাণ॥
মাস মধ্যে মার্গশীর্ষ নিজে ভগবান্।
হাটে মাঠে গৃহে গোঠে সবাকার ধান॥
উদর পূরিয়া অন্ন দৈবে দিল যদি।
যম সম শীত তাহে নিরমিল বিধি॥
অভাগ্য মনে গণি অভাগ্য মনে গণি।
পুরাণ দোপাটা গায় দিতে টানাটানি॥
পৌষেতে প্রবল শীত সুখী সর্ব্বজন।
তুলা তনুপাৎ (৪) তৈল তাম্বুল তপন॥

---

(১) কুটীরে, আমাদের বাসগৃহে।

(২) দেবীর প্রসাদ-মাংস সকলেই পাইয়া থাকে সুতরাং বাজারে আমাদের মাংস বিক্রয় হয় না।

(৩) জানু কুঞ্চন দ্বারা, সূর্য্যের কিরণে ও অগ্নির তাপে আমরা শীত নিবারণ করিয়া থাকি।

(৪) তননূপাৎ = অগ্নি।

করয়ে সকল লোক শীত নিবারণ।
অভাগী ফুল্লরা মাত্র শীতের ভাজন॥
হরিণবদলে পাই পুরাণা খোসালা (১)।
উড়িতে সকল অঙ্গে বরিষয়ে ধূলা॥
বৃথা বনিতা জনম বৃথা বনিতা জনম।
ধূলিভয়ে নাহি মেলি শয়নে নয়ন॥
নিদারুণ মাঘমাস সদাই কুজ্ঝটি।
আঁধারে লুকায় মৃগ না পায় আখেটী (২)॥
ফুল্লরার আছে কত কর্ম্মের বিপাক।
মাঘমাসে কাননে তুলিতে নাহি শাক॥
নিদারুণ মাঘমাস নিদারুণ মাঘমাস।
সর্ব্বজন নিরামিষ কিম্বা উপবাস॥
সহজে শীতল ঋতু এ ফাল্গুনমাসে।
পীড়িত তপস্বি-গণ বসন্ত বাতাসে॥
শুন মোর বাণী রামা শুন মোর বাণী।
কোন সুখে ইচ্ছিলে হইতে ব্যাধিনী॥
ফাল্গুনে দ্বিগুণ শীত খরতর খরা।
ক্ষুদসেরে বান্ধা দিনু মাটিয়া পাথরা॥ (৩)
কত বা ভুগিব আমি নিজ কর্ম্মফল।
মাটিয়া পাথর বিনা না ছিল সম্বল॥
দুঃখে কর অবধান দুঃখে কর অবধান।
আমানি (৪) খাবার গর্ত্ত দেখ বিদ্যমান॥
মধুমাসে মলয় মারুত মন্দ মন্দ।
মালতীয়ে মধুকর পিয়ে মকরন্দ॥
বনিতা পুরুষ দোহে পীড়িত মদনে।
ফুল্লরার অঙ্গ পোড়ে উদর দহনে॥
দারুণ দৈব দোষে দারুণ দৈব দোষে।
একত্র শয়নে স্বামী যেন ষোল কোশে (৫)॥

---

(১) গাত্র বস্ত্র বিশেষ। (২) শিকারী।

(৩) এক সের ক্ষুদ পাইয়া (মেটে পাথর) মৃৎপাত্র বাঁধা দিলাম।

(৪) পাত্রের অভাবে মৃত্তিকা খনন করিয়া তন্মধ্যে আমানি রাখা হইত।

(৫) ক্রোশ।

দেবীর দয়া।

ফুল্লরার কথা শুনি কহেন পার্ব্বতী।
আজি হৈতে দূর হৈল সকল দুর্গতি॥
আজ হৈতে মোর ধনে আছে তোর অংশ।
শ্রীকবিকঙ্কণ গীত গান ভৃগুবংশ॥

ছদ্ম-বেশিনী চণ্ডীর সেই গৃহে থাকিয়া তাহাদিগকে অর্থদান করিবার অভিপ্রায় জানিয়া ফুল্লরা স্বামীপ্রেমে বঞ্চিত হইবার আশঙ্কাকরিতেছে। ফুল্লরা দেবীকে চিনিতে না পারিয়া তাহার স্বামীর প্রণয়-প্রার্থিনী পরনারী মনে করিতেছে।

বিষাদ ভাবিয়া কাঁদে ফুল্লরা রূপসী।
নয়নের জলেতে মলিন মুখশশী॥
কাঁদিতে কাঁদিতে রামা করিল গমন।
শীঘ্রগতি গোলাহাটে দিল দরশন॥
গদ গদ বচনে চক্ষুতে বহে নীর।
সবিস্ময় হইয়া জিজ্ঞাসে মহাবীর॥
শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা।
কার সনে দ্বন্দ্ব করি চক্ষু কৈলে রাতা॥ (১)
সতা সতিন নাহি প্রভু তুমি মোর সতা।
ফুল্লরারে এবে হৈল বিমুখ বিধাতা॥
কি দোষ দেখিলা মোর জাগ্রত স্বপনে।
দোষ না দেখিয়া কর অভিমান কেনে॥
কি লাগিয়া প্রভু তুমি পাপে দিলা মন।
আজি হৈতে হৈলা তুমি লঙ্কার রাবণ॥
আজি হৈতে বিধাতা হৈল মোর বাম।
তুমি হৈলা রাবণ বিপক্ষ হৈল রাম॥
পিপীলিকার পাখা উঠে মরিবার তরে।
কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে॥
শিয়রে কলিঙ্গ রাজা বড়ই দুর্ব্বার।
তোমারে বধিয়া জাতি লইবে আমার॥

স্বামীর সঙ্গে উত্তর প্রত্যুত্তর।

(১) রক্তবর্ণ।

সুব্যক্ত করিয়া রামা কহ সত্য ভাষা।
মিথ্যা হৈলে চোয়াড়ে (১) কাটিব তোর নাসা॥
সত্য মিথ্যা বচনে আপনি ধর্ম্ম সাক্ষী।
তিন দিবসের চন্দ্র দ্বারে বসি দেখি॥
পসরা চুপড়ি পাটি লইল ফুল্লরা।
চলিলেন গোলা হাটে তেজিয়া পসরা॥
আগে আগে চলিল ফুল্লরা নারী জন।
পশ্চাতে চলিল কালু ব্যাধের নন্দন॥
নিজ নিকেতনে গিয়া দিল দরশন।
দেখিতে পাইল দোঁহে অভয়াচরণ॥

দেবীকে দর্শন।

ভাঙ্গা কুড়ে ঘর খানি করে ঝলমল।
কোটি চন্দ্র প্রকাশিত গগন মণ্ডল॥
প্রণাম করিয়া বীর করে নিবেদন।
অভয়া মঙ্গল গান শ্রীকবিকঙ্কণ॥

দেবীর সঙ্গে কালকেতুর আলাপ।

আমি ব্যাধ নীচজাতি তুমি রামা কুলবতী
পরিচয় মাগে কালকেতু।
কিবা দ্বিজ দেব কন্যা ত্রিভুবনে এক ধন্যা
ব্যাধের মন্দিরে কিবা হেতু॥
ব্যাধ হিংসক বড় চৌদিকে পশুর হাড়
শ্মশান সমান এই স্থান।
কহি আমি সত্যবাণী এই ঘরে ঠাকুরাণী
প্রবেশে উচিত হয় স্নান॥
ত্যজিয়া ব্যাধের বাস চল বন্ধুজন পাশ
থাকিতে থাকিতে দিননাথে।
যদি হয় পাপ নিশা লোকে গাবে দুষ্ট ভাষা
রজনী বঞ্চিলা কার সাথে॥
কিবা পথ পরিশ্রমে আইলা দিগের ভ্রমে
আয়াস ছাড়িতে (২) এই ঘর।
চল বন্ধুজন পথে (৩) ফুল্লরা চলুক সাথে
পিছে লয়ে যাব ধনুঃ শর॥

---

(১) অস্ত্র-বিশেষ দ্বারা। (২) বিশ্রাম লাভ করিতে। (৩) যে পথ দিয়া বন্ধুগণ সর্ব্বদা যাতায়াত করে, অর্থাৎ নির্জ্জন পথে নহে।

সীতাগো পরমসতী তার শুনহ দুর্গতি
দৈবে ছিল রাবণভবনে।
রণেতে তাহারে হানি সতী জানকীরে জানি
তবে সে আনিল নিকেতনে॥
রজকের শুনি কথা পরীক্ষা করয়ে সীতা
পুনরপি পাঠান কাননে।
যেমন তিলক পানী (১) তেমনি অসত্য বাণী
সত্যবাণী তিলক চন্দনে॥
পুরাণ বসন ভাতি অবলা জনার জাতি
রক্ষা পায় অনেক যতনে। (২)
যথা তথা উপনীত দুহাকার অনুচিত
হিত বিচারিয়া দেখ মনে॥
দেখিগো উত্তম জাতি দেবের সমান ভাতি
তুয়া পদে কি বলিতে জানি।
শুনিয়া বীরের কথা লাজে চণ্ডী হেট মাথা (৩)
মুকুন্দ রচিল শুদ্ধ বাণী॥

মৌনব্রত করি যদি রহিল ভবানী।
ঈষৎ কুপিত বীর বলে যোড়পাণি॥
বুঝিতে না পারিগো তোমার ব্যবহার।
যে হও সে হও তুমি মোর নমস্কার॥
ছাড় এই স্থান রামা ছাড় এই স্থান।
আপনি রাখিলে রহে আপনার মান॥
একাকিনী যুবতী ছাড়িল নিজ ঘর।
উচিত বলিতে কেন না দেহ উত্তর॥
বড়র বহুরী তুমি বড় লোকের ঝী।
বুঝিয়া ব্যাধের ভাব তোর লাভ কি॥

---

(১) "কত ক্ষণ জলের তিলক রহে ভালে। কত ক্ষণ রহে শিলা শূন্যেতে মারিলে।" কাশী দাসের মহাভারতীয় উদ্ধৃত পদে 'জলের তিলক' যে ভাবে ব্যবহৃত হইয়াছে, এখানে 'তিলক পানী' ঠিক সেই অর্থে প্রযুক্ত।

(২) স্ত্রীলোকের জাতি অতি পুরাতন বস্ত্রের ন্যায় অনেক কষ্টে রক্ষা পায়।

(৩) এই লজ্জা কপট লজ্জা।

শতেক রাজার ধন অভরণ অঙ্গে।
মোহিনী হইয়া ভ্রম কেহ নাহি সঙ্গে॥
চোর খণ্ডা (১) হৈতে তুমি নাহি কর ভয়।
চরণে ধরিয়া মাগি ছাড়গো নিলয়॥
হিত উপদেশ বলি শুন ব্যবহার।
শিয়রে কলিঙ্গ রাজ বড় দুরাচার॥
মোর বোলে চল ঘর পাবে বড় সুখ।
রাজার গোচর হৈলে পাবে বড় দুঃখ॥
এত বাক্যে যদি চণ্ডী না দিলা উত্তর।
ভানু সাক্ষী করি বীর যুড়িলেক শর॥

শরনিক্ষেপের চেষ্টা।

শরাসনে আকর্ণ-পূর্ণিত কৈল বাণ।
হাতে শর রহে বীর চিত্রের নির্ম্মাণ॥
ছাড়িতে চাহয়ে শর নাহি পারে বীর।
পুলকে পূর্ণিত তনু চক্ষে বহে নীর॥
নিবেদিতে মুখে নাহি নিঃসরে বচন।
হত বল বুদ্ধি হৈল আখেটী নন্দন॥
নিতে চাহে ফুল্লরা হাতের ধনুঃশর।
ছাড়াইতে নারে রামা হইল ফাঁফর॥
শর ধনু স্তম্ভিত দেখিয়া মহাবীরে।
বলেন করুণাময়ী মৃদু মন্দ স্বরে॥
আমি চণ্ডী আইলাম তোরে দিতে বর।

চণ্ডীর কৃপা।

লহ বর কালকেতু ত্যজ ধনুঃ শর॥
মাণিক্য অঙ্গুরী সপ্ত নৃপতির ধন।
ভাঙ্গাইয়া কাট গিয়া গুজরাট বন॥
প্রজাগণে বসাইবা দিয়া গরু ধান।
পালিবা সকল প্রজা পুত্রের সমান॥
শনি কুজ বারেতে করিহ মোর পূজা।
গুজরাট নগরেতে হইবে তুমি রাজা॥
এতেক শুনিয়া বীর চণ্ডীর বচন।
কৃতাঞ্জলি হয়ে কিছু করে নিবেদন॥
হিংসামতি ব্যাধ আমি অতি নীচ জাতি।
কি কারণে মোর ঘরে আসিবে পার্ব্বতী॥

---

(১) তস্কর সমাজ।

আদ্যাশক্তি মোর মনে না হয় প্রত্যয়।
শরন্তন্ত বিদ্যা জান হেন মনে লয়॥
আদ্যাশক্তি হও যদি নগেন্দ্র-নন্দিনী।
তোমার চরণ বন্দি যোড় করি পাণি॥
যদি রূপ ধরগো প্রত্যয় যাই মনে।
যেই রূপে লোকে তোমা পূজয়ে আশ্বিনে॥
এমন শুনিয়া চণ্ডী বীরের বচন।
নিজ মূর্ত্তি ধরিতে চণ্ডিকা কৈল মন॥

চণ্ডীর স্বমূর্ত্তি ধারণ।

মহিষমর্দ্দিনী রূপ ধরিলা চণ্ডিকা।
অষ্ট দিকে শোভা করে অষ্ট নায়িকা (১)॥
সিংহ-পৃষ্ঠে আরোপিলা দক্ষিণ চরণ।
মহিষের পৃষ্ঠে বাম পদ আরোপণ॥
বাম করে ধরিলেন মহিষের চুল।
ডানি করে বুকে তার আরোপিলা শূল॥
বাম ভাগে লম্ববান শোভে জটাজূট।
গগন মণ্ডলে লাগে মাথার মুকুট॥
অঙ্গদ-কঙ্কণ-যুতা হৈল দশভুজা।
যেই রূপে অবনীমণ্ডলে নিলা পূজা॥
পাশাঙ্কুশ ঘণ্টা খেটক শরাসন।
বাম পাঁচ করে শোভে পাঁচ প্রহরণ॥
অসি চক্র শূল শক্তি সুশোভিত শর।
পাঁচ অস্ত্রে শোভা করে ডানি পাঁচ কর॥
বামে শিখি-বাহন দক্ষিণে লম্বোদর।
বৃষে আরোহণ শিব মস্তক উপর॥
দক্ষিণে জলধিসুতা বামে সরস্বতী।
সম্মুখেতে দেবগণ করে নানা স্তুতি॥
তপ্ত কলধৌত (২) জিনি হৈল অঙ্গ শোভা।
ইন্দীবর জিনি তিন লোচনের আভা॥
শশিকলা শোভে তাঁর মস্তক-ভূষণ।
সম্পূর্ণ শারদ চন্দ্র জিনিয়া বদন॥

---

(১) এখনকার দুর্গা-মূর্ত্তির সঙ্গে অষ্ট নায়িকা দেওয়া হয় না।
(২) সুবর্ণ।

দেখিয়া চণ্ডীর রূপ ব্যাধের নন্দন।
মূর্চ্ছিত পড়িল ভূমে মুদিত লোচন॥
ফুল্লরা পড়িল ভূমে হইয়া মূর্চ্ছিত।
শ্রীকবিকঙ্কণ গান মধুর সঙ্গীত॥

কালকেতুকে চণ্ডীর মাণিক্য অঙ্গুরী ও সপ্ত ঘড়া ধন প্রদান।

মূর্চ্ছিত দেখিয়া বীরে বলেন ভবানী।
মূর্চ্ছা ত্যজি উঠ পুত্র তেজিয়া ধরণী॥
উঠ উঠ ফুল্লরা বলেন মহামায়া।
বিনাশ করিব দুঃখ তোরে করি দয়া॥
চণ্ডীর বচনে উঠে ব্যাধের কুমার।
অভয়া সম্মুখে রহে যোড় করি কর॥
কৃতাঞ্জলি করিয়া কহেন মহাবীর।
দেখিতে দেখিতে হৈল পূর্ব্বের শরীর॥
প্রদক্ষিণ করি কালু কৈল নমস্কার।
ফুল্লরা সুন্দরী দিল জয় জয়কার॥
বীর-হস্তে দিলা চণ্ডী মাণিক্য অঙ্গুরী।
লইতে নিষেধ করে ফুল্লরা সুন্দরী॥
এক অঙ্গুরীতে প্রভু হবে কোন কাম।
সারিতে নারিবে প্রভু হবে দুর্নাম॥
ফুল্লরার অভিলাষ বুঝিয়া পার্ব্বতী।
আর কিছু ধন দিতে চলিলেন সতী॥
অভয়া বলেন বাছা লহ শিকা ভার।
লহ ঝুড়ি কোদালী খনতা খরধার॥
কোদালী খনতা মাতা না পাব নিয়ড়ে (১)।
তুমি আজ্ঞা দিলে ধন খুঁড়িব চোয়াড়ে॥
আগে আগে হৈল মহামায়ার গমন।
পশ্চাতে চলিল বীর হাতে শরাসন॥
দাড়িম্ব তরুর তলে দিল দরশন।
দেখাইয়া দিলা চণ্ডী যেই স্থানে ধন॥
চণ্ডিকা স্মরিয়া বীর লইল চোয়াড়।
ঢেলা কাটি ফেলে যেন পুকুরের পাড়॥

---

(১) নিকটে।

কুড়িয়া বান্ধিল বীর সপ্ত ঘড়া ধন।
চণ্ডীর সম্মুখে রাখে ব্যাধের নন্দন॥
একেবারে লয় ভারে দুই ঘড়া ধন।
ফুল্লরা ভারের পাছে করিল গমন॥
ধন রক্ষা হেতু মাতা রহে তরুতলে।
ফুল্লরা রহিল ঘরে ধন করি কোলে॥
আর বারে আনে বীর দুই ঘড়া ধন।
দেখি আনন্দিত হৈল ফুল্লরার মন॥
আর বার মহাবীর শীঘ্রগতি যায়।
দুই দিগে দুই গোটা কলসী বসায়॥
এক ঘড়া অবশেষ দেখি মহাবীর।
নিতে নারে দেড়ী ভার হইল অস্থির॥
মহাবীর বলে মাতা করি নিবেদন।
চাহিয়া চিন্তিয়া দেহ এক ঘড়া ধন॥
যদি অভয়া ধন না দিবা অপর।
এক ঘড়া ধন মা আপনি কাঁকে কর॥
অস্থির দেখিয়া বীরে ভাবেন অভয়া।
ধন ঘড়া কাঁকে কৈলা বীরে করি দয়া॥
আগে আগে মহাবীর করিল গমন।
পশ্চাতে চলিল চণ্ডী লয়ে তার ধন॥
মনে মনে মহাবীর করয়ে যুকতি।
ধন ঘড়া লয়ে পাছে পলায় পার্ব্বতী॥
কালুর মন্দিরে মাতা দিলা দরশন।
চোয়াড়ে খুঁড়িয়া পোতে সপ্ত ঘড়া ধন॥
চণ্ডিকা বলেন কালু ব্যাধের নন্দন।
নগরের মাঝে দেহ আমার ভবন॥
পূজিও মঙ্গলবারে করাইও জাত।
গুজরাট নগরেতে তুমি হবে নাথ॥

মুরারি শীলের প্রসঙ্গ।

অঙ্গুরী ভাঙ্গাইবার চেষ্টা।

বেণে বড় দুষ্টশীল (১) নামেতে মুরারি শীল
লেখা যোকা করে টাকা কড়ি।
পাইয়া বীরের সাড়া প্রবেশে ভিতর পাড়া (২)
মাংসের ধারয়ে দেড় বুড়ি॥

---

(১) দুষ্টস্বভাবান্বিত। (২) অন্দরে।

খুড়া! খুড়া! ডাকে কালকেতু।
কোথা হে বণিকরাজ বিশেষ আছয়ে কায
আমি আইলাম সেই হেতু॥
বীরের বচন শুনি আসিয়া বলে বেণ্যানী
আজি ঘরে নাহিক পোদ্দার।
প্রভাতে তোমার খুড়া গিয়াছে খাতক পাড়া
কালি দিবে মাংসের উধার॥

আজি কালকেতু যাহ ঘর।
কাষ্ঠ আন এক ভার হাল বাকী দিব ধার
মিষ্ট কিছু আনহ বদর॥
শুন গো শুন গো খুড়ী কিছু কার্য্য আছে দেড়ী
ভাঙ্গাইব একটী অঙ্গুরী।
আমার জোহার (১) খুড়ী কালি দেহ বাকী কড়ি
অন্য বণিকের যাই বাড়ী॥

বাপা এক দণ্ড কর বিলম্বন।
সাহাস্য বদনে বাণী বলে বেণে নিতম্বিনী
দেখি বাপা অঙ্গুরী কেমন॥
ধনের পাইয়া আশ আসিতে বীরের পাশ
ধায় বেণে খিড়কীর পথে।
মনে বড় কুতূহলী কান্ধেতে কড়ির থলী
হরপী তরাজু (২) করি হাতে॥

করে বীর বেণেরে জোহার।
বেণে বলে ভাইপো এবে নাহি দেখি তো
এ তোর কেমন ব্যবহার॥
খুড়া! উঠিয়া প্রভাতকালে কাননে এড়িয়া জালে
হাতে শর চারি প্রহর ভ্রমি।
ফুল্লরা পসরা করে সন্ধ্যাকালে যাই ঘরে
এই হেতু নাহি দেখ তুমি॥

খুড়া! ভাঙ্গাইব একটী অঙ্গুরী।
হয়ে মোরে অনুকূল উচিত করিয়া মূল
তবে সে বিপদে আমি তরি॥

---

(১) প্রণাম। (২) পরিমাপ করিবার যন্ত্র।

বীর দেয় অঙ্গুরী বাণিয়া প্রণাম করি
যোখে (১) রত্ন চড়ায়ে পড়্যান (২)।
কুঁচ দিয়া করে মান যোল রতি দুই ধান
শ্রীকবিকঙ্কণ রস গান ॥

মুরারি শীলের প্রতারণা।

দর কষাকষি।

সোণা রূপা নহে বাপা এ বেঙ্গা পিত্তল।
ঘষিয়া মাজিয়া বাপা করেছ উজ্জ্বল ॥
রতি প্রতি হৈল বীর দশ গণ্ডা দর।
দুধানের কড়ি আর পাঁচ গণ্ডা ধর ॥
অষ্ট পণ পাঁচ গণ্ডা অঙ্গুরীর কড়ি।
মাংসের পেছিলা (৩) বাকী ধারি দেড় বুড়ি ॥
একুনে হৈল অষ্টপণ আড়াই বুড়ি।
কিছু চালু চালুক্ষুদ কিছু লহ কড়ি ॥
বীর বলে কিবা আমি দেখেছি স্বপন।
অঙ্গুরী সমান মিথ্যা সাত ঘড়া ধন ॥
কালকেতু বলে খুড়া মূল্য নাহি চাই।
যে জন অঙ্গুরী দিল দিব তার ঠাঁই ॥
বেণে বলে দরে বাড়াইলাম পঞ্চবট।
আমা সঙ্গে সওদা কর না পাবে কপট ॥
ধর্ম্মকেতু (৪) ভায়া সঙ্গে ছিল লেনা দেনা।
তাহা হৈতে দেখি বাপা বড়ই সেয়ানা ॥
কালকেতু বলে খুড়া না কর ঝগড়া।
অঙ্গুরী লইয়া আমি যাই অন্য পাড়া ॥
বেণে বলে দরে বাড়াইলাম আড়াই বুড়ি।
চাল ক্ষুদ না লও গণে লও কড়ি ॥

---

(১) পরিমাণ করে।
(২) বাটকড়া।
(৩) পূর্ব্বের।
(৪) কালকেতুর পিতার নাম।

ধনপতি সদাগর খুল্লনাকে বিবাহ করিতে ইচ্ছুক; কিন্তু
প্রথমা পত্নী লহনাকে সম্মত না করাইয়া বিবাহ
করিতে পারেন না, এই জন্য কৌশলে সম্মতি
লইতে চেষ্টা করিতেছেন।

লহনা লহনা বলি ডাকে সদাগর।
অভিমানযুক্ত রামা না দেয় উত্তর ॥
ইঙ্গিতে বুঝিল লহনার অভিমান।
কপট সম্ভাষে সাধু লহনা বুঝান ॥
রূপ নাশ কৈলে প্রিয়ে রন্ধনের শালে।
চিন্তামণি নাশ কৈলে কাঁচের বদলে ॥
স্নান করি আসি শিরে না দেও চিরুণী।
রৌদ্র না পায় কেশ শিরে বিন্ধে পানী ॥
অবিরত ঐ চিন্তা অন্য নাহি গণি।
রন্ধনের শালে নাশ হইল পদ্মিনী ॥
মাসী পিসী মাতুলানী ভগিনী সতিনী।
কেহ নাহি থাকে ঘরে হইয়া রান্ধনী ॥
যুক্তি যদি লয় মনে কহিবা প্রকাশি।
রন্ধনের তরে তব করে দিব দাসী ॥
বরিষা বাদলেতে উনানে পাড় ফুঁক।
কর্পূর তাম্বূল বিনা রসহীন মুখ ॥
সদাগর বলে যত কপট প্রকাশ।
উত্তর না দেয় রামা ছাড়য়ে নিশ্বাস ॥

প্রহেলিকা।

প্রহেলিকা কহে শুক রাজার সমাজে।
নৃপতির আদেশে পণ্ডিতগণ বুঝে ॥

১। বিধাতা নির্ম্মিত ঘর নাহিক দুয়ার।
যোগীন্দ্র পুরুষ তায় আছে নিরাহার ॥
যখন পুরুষবর হয় বলবান্।
বিধাতার ঘর ভাঙ্গি করে খান খান ॥—ডিম্ব।

২। মস্তকে করিয়া আনে হয়ে যত্নবান্।
বিনা অপরাধে তার করে অপমান॥
অপমানে গুণ তার দূর নাহি যায়।
অবশ্য করিয়া দেয় সম্বল উপায়॥—কুম্ভকারের মৃত্তিকা।

৩। বিষ্ণুপদ (১) সেবা করে বৈষ্ণব সে নয়।
গাছের পল্লব নয় অঙ্গে পত্র হয়॥
পণ্ডিত বুঝিতে পারে দুচারি দিবসে।
মূর্খেতে বুঝিতে নারে বৎসর চল্লিশে॥—পক্ষী।

৪। বেগে ধায় রথ নাহি চলে এক পা।
নাচয়ে সারথি তথি পসারিয়া গা॥
হিয়ালি প্রবন্ধে হে পণ্ডিত দে মতি।
অন্তরীক্ষে ধায় রথ ভূতলে সারথি॥—ঘুড়ী।

৫। শিরঃস্থানে নিবসে পুরের দুই যাঁড়।
ভাল মন্দ সবাকার করয়ে বিচার॥
বিচার করিয়া সেহ রহে মৌন শালী।
পুরস্কার করে তার মুখে দিয়া কালী॥—কলম।

৬। দেখিতে পুরুষ দুই মুখ এক কায়।
এক মুখে উগারে আর মুখে খায়॥
মরিলে জীবন পায় হুতাশ পরশে।
বুঝ বুঝ পণ্ডিত সে কোন্ দেশে বৈসে॥—উনন।

৭। জীয়ন্তেতে মৌনী সে মরিলে ভাল ডাকে।
অঙ্গেতে নাহিক ছাল বিধির বিপাকে॥
অবশ্য আনয়ে নর মঙ্গল বিধানে।
হিয়ালি প্রবন্ধ কবিকঙ্কণেতে ভণে॥—শঙ্খ।

৮। দেখি ভয়ঙ্কর অতি বিপরীত কায়।
ব্যাঘ্র ভাল্লুক নহে পথিক ডরায়॥
শ্রীকবিকঙ্কণ কহে বিপরীত বাণী।
ধরাধর নহে সেই বরিষয়ে পানী॥—মেঘ।

---

(১) আকাশ।

৯। জন্ম হৈতে গাছ বায় (১) রুধির ভক্ষণ।
দুই জনে জড় হৈলে অবশ্য মরণ ॥
মরণ সময়ে নর ছাড়ে হুহুঙ্কার।
শ্রীকবিকঙ্কণ গান হিয়ালির সার ॥—উকুন।

১০। এক বর্ণ নহে সে অনেক বর্ণ কায়।
আপনি বুঝিতে নারে পরেরে বুঝায় ॥—পুঁথি।
শ্রীকবিকঙ্কণ গায় হিয়ালি রচিত।
বার মাস ত্রিশ দিন বন্ধেন পণ্ডিত ॥

খুল্লনার প্রতি লহনার যত্ন।

সাধু গেল গৌড় পথে লহনার হাতে হাতে
খুল্লনা করিয়া সমর্পণ।
পালয়ে স্বামীর সত্য জননী সমান নিত্য
খুল্লনার করয়ে পালন ॥
যবে ছয় দণ্ড বেলা কুঙ্কুমে তুলিয়া মলা
নারায়ণ তৈল দিয়া গায়।
যাহারা প্রাণের সখী শিরে দিয়া আমলকী
তোলা জলে স্নান করায় ॥
আপনি লহনা নারী শিরেতে ঢালয়ে বারি
পরিবার যোগায় বসন।
করেতে চিরুণী ধরি কুন্তল মার্জ্জন করি
অঙ্গে দেয় ভূষণ চন্দন ॥
যবে বেলা দণ্ড দশ হেম থালে ছয় রস (২)
সহিত যোগায় অন্ন পান।
ভুঞ্জয়ে খুল্লনা নারী কাছে থোয় হেম ঝারী
লহনার খুল্লনা পরাণ ॥
ওদন পায়স পিঠা পঞ্চাশ ব্যঞ্জন মিঠা
অবশেষে ক্ষীর খণ্ড কলা।
পরাণ লহনা নারী গায়ে দেখি ঘর্ম্ম বারি
পাখা ধরি ব্যজয়ে দুর্ব্বলা ॥
অন্ন খায় লজ্জা করি যদি বা খুল্লনা নারী
লহনা মাথার দেয় কিরা।

---

(১) বাহিয়া থাকে। (২) কটু, তিক্ত, কষায়, লবণ, অম্ল ও মধুর।

দু সতিনে প্রেমবন্ধ দেখিয়া লাগয়ে ধন্ধ
স্ববর্ণে জড়িত যেন হীরা ॥
ভোজন করিয়া নারী আচমন করে ফিরি
জল আনি যোগায় দুর্ব্বলা।
খট্টায় পাতিয়া তুলি খাটাইয়া মশারি
শয় করয়ে শশিকলা ॥
কর্পূরবাসিত গুয়া তাম্বূল যোগায় দুয়া (১)
সুগন্ধি-চন্দন দেয় গায়।
সুগন্ধি-মালতী ফুল যাহে ভ্রমে অলিকুল
মালাকার আনিয়া যোগায় ॥
বিকালে ব্যঞ্জন দশ পিষ্টক টাবার রস
ভোজন করয়ে কলাবতী।
কর্পূর তাম্বূল লয়ে দু সতিনে থাকে শুয়ে
একত্র শয়ন দিবা রাতি ॥
প্রেমবন্ধ দু সতিনে দেখিয়া দুর্ব্বলা মনে
সাত পাঁচ ভাবে দুঃখ-মতি।
করিয়া চণ্ডিকা ধ্যান শ্রীকবিকঙ্কণ গান
দামুন্যায় যাহার বসতি ॥

দুর্ব্বলার কুপরামর্শ।

দু সতিনে প্রেমবন্ধ দেখিয়া দুর্ব্বলা।
হৃদয়ে হইল তার কালকূট-জ্বালা ॥
যেই ঘরে দু সতিনে না হয় কোন্দল।
সে ঘরে যে দাসী থাকে সে বড় পাগল ॥
একের করিয়া নিন্দা যাব অন্য স্থান।
সে ধনী বাসিবে মোরে প্রাণের সমান ॥
এমন বিচার রামা করি মনে মনে।
উপনীত হইল লহনা বিদ্যমানে ॥
করেতে চিরুণী ধরি আচড়য়ে কেশ।
লহনারে দুর্ব্বলা করেন উপদেশ ॥
শুন শুন মোর বোল শুনগো লহনা।
এবে সে করিলে নাশ আপনি আপনা ॥

(১) দুর্ব্বলা দাসী।

ঋজুমতি ঠাকুরাণী নাহি জান পাপ।
দুগ্ধ দিয়া কি কারণে পোষ কাল সাপ ॥
সাপিণী বাঘিনী সতা পোষ নাহি মানে।
অবশেষে এই তোমায় বধিবে পরাণে ॥
কলাপিকলাপ (১) জিনি খুল্লনার কেশ।
অর্দ্ধপাকা কেশে তুমি কি করিবে বেশ ॥
খুল্লনার মুখশশী করে ঢল ঢল।
মাছিতায় মলিন তোমার গণ্ডস্থল ॥
ক্ষীণমধ্যা খুল্লনা যেমন মধুকরী।
যৌবনবিহীনা তুমি হৈলা ঘটোদরী ॥
আসিবেন সাধু গৌড়ে থাকি কত দিন।
খুল্লনার রূপে হবেন প্রেমের অধীন ॥
অধিকারী হবে তুমি রন্ধনের ধামে।
মোর কথা স্মরণ করিবে পরিণামে ॥
নেউটিয়া (২) আইসে ধন সুত বন্ধুজন।
না নেউটে পুনঃ দেখ জীবন যৌবন ॥
দুর্ব্বলার বচনে লহনা অভিমান।
কাণে সোণা দিয়া তার সাধিল সম্মান ॥

খুল্লনার ছাগ-রক্ষণ ও নানা প্রকার দুর্গতি।

খুল্লনারে লহনা তুলিল হাতে ধরি।
সারিয়া পরিল খুঁয়া খুল্লনা সুন্দরী ॥
সান্ত্বনা করিয়া দুয়া গায়ের ঝাড়ে ধূলি।
আপনি লহনা তার বান্ধিলেক চুলি ॥
ধীরে ধীরে যায় রামা লইয়া ছাগল।
ছাট হাতে পাত মাথে যেমন পাগল ॥
নানা শস্য দেখিয়া চৌদিকে ধায় ছেলী (৩)।
দেখিয়া কৃষক সব দেয় গালাগালি ॥
শিরীষ-কুসুম তনু অতি অনুপাম।
বসন ভিজিয়া তার গায়ে পড়ে ঘাম ॥
উজ্জয়নী নিকটতে অজয়নদী খান।
কোলেতে করিয়া ছেলী পার করি যান ॥

(১) ময়ূরের পক্ষ। (২) ফিরিয়া। (৩) ছাগলী।

প্রবেশ করিল ছেলী গহন কানন।
কেঙদা ডাঙ্গায় রামা দিল দরশন॥
যতেক ছাগল সব চারি দিগে ধায়।
ফুটিল কুশের কাঁটা রক্ত পড়ে পায়॥
বৃক্ষতলে বসি ছেলী করে অপেক্ষণ।
লহনা লইয়া কিছু শুনহ বচন॥
দুর্ব্বলার হাতে ধরি কহেন লহনা।
মন দিয়া তুয়া মোর সাধহ কামনা॥
ঔষধ করিয়া মোর সাধহ সম্মান।
সাধুসনে করি দেহ একই পরাণ॥
দুর্ব্বলা বলয়ে যদি ভ্রমি দিন চারি।
তবে সে ঔষধ আমি করিবারে পারি॥
ঔষধের ছলে তুয়া হইয়া বিদায়।
দ্রুতপদে দুবলী ইছানী (১) পথে যায়॥
প্রভাতে চলিল হৈল দ্বিতীয় প্রহর।
লঘুগতি পাইল গিয়া লক্ষপতি-ঘর॥
দুর্ব্বলার শব্দ পায়্যা ধায় রম্ভাবতী।
চরণে ধরিয়া তুয়া করিল প্রণতি॥
জিজ্ঞাসা করিল তারে ঝীয়ের বারতা।
অনেক দিবস তুয়া নাহি আইস হেথা॥
খুল্লনা-বিবাহ সাধু কৈল পাপ-ক্ষণে।
বিবাহের কালে কেতু আছিল লগনে॥
লগনের কথা সাধু না কৈল বিচার।
খুল্লনা ছাগল রাখে তার প্রতিকার॥
ছাগল রক্ষণে যদি তুমি দেও বাদ।
তোমার জামাতা লয়ে পড়িবে প্রমাদ॥
হেন বাক্য হৈল যদি দুর্ব্বলার তুণ্ডে।
আকাশ ভাঙ্গিয়া পড়ে রম্ভাবতী-মুণ্ডে॥

ঔষধের প্রস্তাব।

—*—

অজা লয়ে আইল রামা বেলা অবশেষ।
অজা সব অজাশালে করিল প্রবেশ॥
দুয়ারে দাঁড়ায় রামা বুকে দিয়া হাত।
লহনার আদেশে আনিল কচুর পাত॥

গৃহে খুল্লনার কষ্ট।

(১) গ্রামের নাম।

ভুঞ্জয়ে খুল্লনা রামা কচুপাতে ভাত।
পরশিতে লহনা করয়ে গতায়াত ॥
পুরাণ ক্ষুদের যাউ কিছু তার কোণ।
সকল ব্যঞ্জন কাঁচা নাই দেয় লোণ ॥
রেন্ধেছে পাজাতা শাক কলমী কাচড়া।
কলাই ক্ষুদের কিছু তুলিয়াছে বড়া ॥
বার্ত্তাকুর খারা কচু কুমুড়া বেকলা।
কাঠ-শিমের ব্যঞ্জন পূরিয়া দিল থালা ॥
দুঃখে না ভুঞ্জয়ে রামা চক্ষে বহে জল।
কোপেতে লহনা চক্ষু করিল পাকল (১) ॥
খুল্লনারে গঞ্জিয়া লহনা কিছু বলে।
এতেক ব্যঞ্জনে তোর ভাত নাহি চলে ॥
হৃদে বিষ মুখে মধু পাপমতি বাঁঝী (২)।
অবশেষে বড় শরা ভরে দিল কাঁজী (৩) ॥
কিছু খায় কিছু ফেলে খুল্লনা সুন্দরী।
তৃণের শয্যায় তার গেল বিভাবরী ॥
প্রভাতে ছাগল লয়ে করিল গমন।
শ্রীকবিকঙ্কণ গান দুঃখের ভাজন ॥

পিতৃ-গৃহের সংবাদ।

প্রভাতে ছাগল লয়ে চলিল খুল্লনা।
আঁচলে বাঁধিয়া দিল চালু আদ কোণা (৪) ॥
ছাট হাতে পাত মাথে ধীরে ধীরে যায়।
জল আনিবার ছলে দুর্ব্বলা গোড়ায় ॥ (৫)
কতদূর দুয়া গিয়া করে নিবেদন।
গিয়াছিনু কালি তোমার বাপের ভবন ॥
একত্র আছিল তব পিতা আর মাতা।
কহিলাম উভয়েরে তব দুঃখ-কথা ॥
শুনি ভাল মন্দ না বলিল লক্ষপতি।
মৌনেতে রহিল তব মাতা রম্ভাবতী ॥
দেখিলাম তব পিতা বড়ই কৃপণ।
দিলেন তোমার তরে কড়ি চারি পণ ॥

---

(১) ঘুরাইতে লাগিল। (২) বাঁদী=দাসী।
(৩) পান্তা ভাতের জল। (৪) কুন্‌কে।
(৫) জল আনিবার ছলে দুর্ব্বলা খুল্লনার পশ্চাতে গেল।

শুনিয়া খুল্লনা দুঃখে ছাড়য়ে নিঃশ্বাস।
